প্রথম আলো

Prothom Alo North America

24 October 2024, Thursday, 8th Year, Issue 397, 40 Pages

২৪ অক্টোবর ২০২৪, ৮ কার্তিক ১৪৩১, ২১ রবিউস সানি ১৪৪৬, বৃহস্পতিবার, ৮ম বর্ষ, সংখ্যা ৩৯৭, পৃষ্ঠা: ৪০

কাকে সমর্থন দিচ্ছেন বিল গেটস পৃষ্ঠা ২৮

কমলা হ্যারিসকে ভোট দিলেন জিমি কার্টার পৃষ্ঠা ২৬

রণাঙ্গনের উত্তপ্ত লড়াইয়ের মাঠ এখন দুই রাজ্য

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন

অক্টোবরের শেষে এসে ভোটের মানচিত্র ভিন্ন মোড় নিয়েছে। ভোট ডট কমের হিসাবে লড়াই এসে ঠেকেছে এই দুই রাজ্যে।

হেলাল উদদীন রানা

এখন মার্কিন নির্বাচনে মূল রণক্ষেত্র হয়ে উঠেছে মিশিগান ও নর্থ ক্যারোলিনা। ঘন্টায়-ঘন্টায় পাল্টাচ্ছে ভোটের চিত্র আর ভোটারের মতি গতি। ডেমোক্র্যাট প্রার্থী ভাইস প্রেসিডেন্ট কমালা হ্যারিস বলেছেন, প্রথম নারী প্রেসিডেন্টের জন্য প্রস্তুত যুক্তরাষ্ট্র। আগাম সশরীরে ভোট এবং ডাক ভোটে এরমধ্যেই যুক্তরাষ্ট্রের আড়াই কোটির বেশি ভোটার ভোট প্রদান করে ফেলেছেন। (বুধবার সন্ধ্যা পর্যন্ত)। ২০২০ সালে আমেরিকায় প্রায় ১৫ কোটি ভোট কাস্ট হয়েছিল। এবারে ভোট কাস্টের সংখ্যা আগের রেকর্ডকে ছাড়িয়ে যাবে বলে মনে করা হচ্ছে।

নভেম্বরের প্রথম সপ্তাহেই নির্বাচন। অক্টোবরের শেষ সপ্তাহে এসে ভোটের মানচিত্র ভিন্ন মোড় নিয়েছে। জনপ্রিয় ওয়েব সাইট ইলেক্টোরাল ভোট ডট কমের হিসাবে লড়াই এসে ঠেকেছে এই দুই রাজ্যে। তাদের একটি প্রজেকশান বলছে,ডেমোক্রাট প্রার্থী ভাইস প্রেসিডেন্ট কমালা হ্যারিস পেনসেলভেনিয়া, উইসকনসিন এবং নেভাদায় জয়লাভ করবেন আর রিপাবলিকান প্রার্থী সাবেক প্রেসিডেন্ট ডনাল্ট ট্রাম্প জিতবেন জর্জিয়া ও অ্যারিজোনা।সেই হিসাবে তারা

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

ছাত্রলীগ নিষিদ্ধ

ঢাকা অফিস

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দাবির পরিপ্রেক্ষিতে আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতিম সংগঠন বাংলাদেশ ছাত্রলীগকে সন্ত্রাসী সংগঠন হিসেবে নিষিদ্ধ করেছে অন্তর্বর্তী সরকার। গতকাল বুধবার রাতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব ড. মোহাম্মদ আবদুল মোমেনের সই করা এক প্রজ্ঞাপনে এসব কথা জানানো হয়েছে।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন এবং জাতীয় নাগরিক কমিটি গত মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে চলতি সপ্তাহের মধ্যেই ছাত্রলীগকে নিষিদ্ধ করার দাবি জানিয়েছিল।

বুধবার রাতে প্রজ্ঞাপন জারির কিছু আগে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম নেতা হাসনাত আবদুল্লাহ এক ফেসবুক স্ট্যাটাসে ছাত্রলীগকে নিষিদ্ধ

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪

জমে ওঠেছে নির্বাচন

পার্থ সারথী দেব, মিশিগান

আগামী ৫ নভেম্বর অনুষ্ঠিতব্য আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচন জমে ওঠেছে। প্রার্থী ডোনাল্ড ট্রাম্প ও কমলা হ্যারিস দুজনেরই জনপ্রিয়তার পারদ ওঠানামা করছে। যদিও ব্যবধান খুবই কম। কোথাও বা ১% কোথাও ২%।

এরপর পৃষ্ঠা ১১ কলাম ১

তীব্র লড়াইয়ের আভাস পাওয়া যাচ্ছে

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন

সবার চোখ এখন সাতটি দোদুল্যমান অঙ্গরাজ্যের দিকে। এসব রাজ্যের কৃষ্ণাঙ্গ ভোটারদের মধ্যে জনপ্রিয়তা ধরে রেখেছেন কমলা হ্যারিস।

বিশেষ প্রতিনিধি

৫ নভেম্বর যতই ঘনিয়ে আসছে ততই প্রধান দুই প্রার্থী কমলা হ্যারিস ও ডোনাল্ড ট্রাম্পের মধ্যে তীব্র লড়াইয়ের আভাস পাওয়া যাচ্ছে। সকলের চোখ সাতটি দোদুল্যমান অঙ্গরাজ্যের দিকে। এসব রাজ্যের কৃষ্ণাঙ্গ ভোটারদের মধ্যে জনপ্রিয়তা ধরে রেখেছেন কমলা



হ্যারিস। সর্বশেষ এক জরিপে দেখা গেছে, কৃষ্ণাঙ্গদের মধ্যে কমলার জনপ্রিয়তা গত সেপ্টেম্বরের চেয়ে অক্টোবরে আরও বেড়েছে।

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে সাত অঙ্গরাজ্যকে বলা হয় দোদুল্যমান। কারণ, এসব রাজ্যের ভোটার কাকে ভোট দেবেন, সেটা নির্বাচনের আগপর্যন্ত বোঝা যায় না। রাজ্যগুলো

এরপর পৃষ্ঠা ১১ কলাম ৩

গ্যাটকো দুর্নীতির মামলা থেকে খালেদা জিয়াকে অব্যাহতি

ঢাকা অফিস

খালেদা জিয়া

১৭ বছর আগে জরুরি অবস্থার সময় দায়ের করা গ্যাটকো দুর্নীতি মামলা থেকে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া, দলটির স্থায়ী কমিটির সদস্য খন্দকার মোশাররফ হোসেন ও আমীর খসরু মাহমুদ চৌধুরীকে অব্যাহতি দিয়েছে আদালত।

এরপর পৃষ্ঠা ১০ কলাম ১

বাংলাদেশ সোসাইটির নির্বাচন রোববার, ৫ কেন্দ্রে ভোট গ্রহণ

বিশেষ প্রতিনিধি

বাংলাদেশ সোসাইটির কার্যকরী পরিষদের দ্বি-বার্ষিক (২০২৪-২০২৫) নির্বাচন আগামী ২৭ অক্টোবর রোববার। এবারের নির্বাচনে মোট সদস্য হচ্ছে প্রায় ১৯ হাজার। এরমধ্যে আজীবন সদস্য ৮৫৩জন।

এই নির্বাচনে ‘রুহুল-জাহিদ’ ও ‘সেলিম-আলী’ প্যানেল সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করছে। এই দুই প্যানেল থেকে সোসাইটির কার্যকরী পরিষদের ১৯টি পদে ৩৭জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। ‘সেলিম-আলী’ প্যানেলের

এরপর পৃষ্ঠা ১০ কলাম ৪

সাধারণ সম্পাদক পদে লড়ছেন জাহিদ মিন্টু

উত্তর আমেরিকা অফিস

যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশীদের ‘আমব্রেলা’ খ্যাত সংগঠন হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটির কার্যকরী পরিষদের নির্বাচন আগামী ২৭

এরপর পৃষ্ঠা ১২ কলাম ১

পূর্ণাঙ্গ প্যানেলে বিজয়ী হওয়ার প্রত্যাশা রুহুল আমিনের

উত্তর আমেরিকা অফিস

আগামী ২৭ অক্টোবর অনুষ্ঠিত হতে যাওয়া ‘বাংলাদেশ সোসাইটি’র নির্বাচনে পূর্ণাঙ্গ প্যানেলে বিজয়ী হওয়ার আশাবাদ ব্যক্ত করেছেন

এরপর পৃষ্ঠা ১২ কলাম ১

শেষ মুহূর্তে সেলিম-আলি প্যানেলের প্রচারণা, ৩০৭ ভোট নিয়ে অভিযোগ

বিশেষ প্রতিনিধি

বাংলাদেশ সোসাইটির নির্বাচনি প্রচারণার শেষ মুহূর্তে অন্যতম প্রতিদ্বন্দ্বী সেলিম-আলি প্যানেলের পক্ষ থেকে ভোটার তালিকা থেকে তাদের ৩০৭ ভোট বাদ দেয়ার অভিযোগ এনেছেন। ২৪ অক্টোবর বুধবার জ্যাকসন হাইটসে করা এক সম্মেলনে তারা বলেছেন, ষড়যন্ত্র করে তাদের ৩০৭ ভোটারকে তালিকা থেকে বাদ

দিলেও সোসাইটিকে নিয়ে তারা কোন মামলায় যাবেন না। ভোট গ্রহণের

এরপর পৃষ্ঠা ১১ কলাম ১

আপনি যদি অসুস্থ ও শারীরিকভাবে অক্ষম হয়ে থাকেন, তাহলে আপনি আপনার সেবার জন্য বাসায় সেবাদানকারী পেতে পারেন

এসেনসিয়াল হোম কেয়ার
ESSENTIAL HOME CARE
MOHAMMAD HOSSAIN ISTIAQUE, CEO

CDPAP প্রোগ্রাম এর অধীনে সেবাদানকারী হিসেবে আপনি আপনার সন্তান, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, পাড়া-প্রতিবেশিসহ আপনার পছন্দের যে কাউকে নিয়োগ দিতে পারেন

- সার্টিফিকেটের প্রয়োজন নেই
- CDPAP প্রোগ্রাম আপনার প্রিয়জনের বেতনভার বহন করবে
- আপনার পছন্দের মানুষ দিয়ে সেবা গ্রহণ করুন

আমরা CDPAP-এর নতুন গ্রাহক এবং এজেন্সি ট্রান্সফার সাদরে গ্রহণ করছি

Jamaica Office
170-10 Hillside Ave
Jamaica, NY 11432
Tel : 917-300-6463, 516-744-7544
Fax : 517-744-7111
E-mail : support@essentialcareny.com

Jackson Heights Office
37-18, 73 Street, Suite # 202
Jackson Heights, NY 11373
Phone: 516-744-7544, 516-605-8123, 917-300-6463, Fax : 516-744-7111
E-mail: support@essentialcareny.com

Bronx Office
2165 Starling Ave
Bronx, NY 10462
Tel: 917-970-0056
Fax: 917-970-0058
E-mail : support@essentialcareny.com

পার্টনার আবশ্যক (International College, Manhattan)

Manhattan এ অবস্থিত SEVIS, CEA, BPSS, I-20 issue লাইসেন্স সমৃদ্ধ কলেজ'র জন্য এক বা একাধিক পার্টনার আবশ্যক। এটি একটি ফুল ক্যাম্পাস, শিক্ষক-ছাত্র সমৃদ্ধ চলমান আন্তর্জাতিক শিক্ষার্থীদের কলেজ। কোরিয়ান পার্টনারকে BUYOUT করা প্রয়োজন। আগ্রহীদের অন্তত $৫০০ হাজার বিনিয়োগ করার সামর্থ থাকতে হবে।

যোগাযোগ এর শেষ সময় : ৫ নভেম্বর, ২০২৪ | ইমেইল: raiconsultantny@gmail.com | Text : 929 - 365 2594.

“অন্তত $৫০০ হাজার বিনিয়োগ”

CHISHTI CPA PC
GROW YOUR BUSINESS WITH US

চিশতী একাউন্টিং এন্ড ট্যাক্স সার্ভিসেস
Trusted Accounting and Tax Services
Over 13 Years of Accounting and Taxation Experience

ইনকাম ট্যাক্সে আমাদের সেবাসমূহ
- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিসনেস ট্যাক্স রিটার্ন
- সেল্ফ এমপ্লয়মেন্ট ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

ইনকাম ট্যাক্স
- INDIVIDUAL TAX RETURN
- CORPORATE TAX RETURN
- SMALL BUSINESSES TAX RETURN
- SELF-EMPLOYED (UBER/LYFT/CAD DRIVER)

একাউন্টিং ও বুককিপিং
- PAYROLL
- W2S, 1099S
- FINANCIAL STATEMENT
- SALES TAX QUARTERLY AND YEAR END FILINGS

Call/email/make appointment at www.chishtiaccounting.com
T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com
73-19 Broadway, Jackson Heights NY11372

LIBERTY TRAVELS & TECH
AIR TICKET, WORLDWIDE MONEY TRANSFER

Our Other Services:
- PHOTOCOPY
- E-MAIL PRINT
- BANNER
- MONEY TRANSFER
- BUSINESS CARDS
- CUSTOM T-SHIRT
- FLYER
- A-SIGN
- CARGO
- FEDEX/UPS
- CELL PHONE
- MUG PRINTING

Mohammad K. Chishti, CPA

72-30 Roosevelt Ave, Jackson Hts, NY 11372. Cell: 347-448-6092, 518-699-2499

Queens Social Adult Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইনক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম
- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ
- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম
- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম
- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম
- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic

আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এবং ড্রপস্ করে থাকি

আমরা ৭ দিনই খোলা

For details information please contact
ENGINEER MAHFUZUL HAQUE
MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain
148-41 Hillside Ave, Jamaica, NY 11435
718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com



ZAM ZAM TRAVEL US
জম জম ট্রাভেল ইউএস
www.zamzamtravelus.com
zamzamtravelus

★★★★★
Special Luxurious Five Star & Economy (Customized & Group)
Umrah Package Available
★Visa ★Ticket ★Hotel ★Transportation ★Ziarat ★Guidance Services

ECONOMY STARTING FROM: Quad $1599 | Tripple $1699 | Double $1799
LUXURY STARTING FROM: Quad $1999 | Tripple $2099 | Double $2199

Special Umrah Pre-Seminar & Free Gifts for Every Haji

- AIRLINES TICKETS SELLER
- WORLDWIDE VISA SERVICES
- SAUDI ARABIA 10 YEARS VISA
- HAJJ & UMRAH PACKAGE SERVICE PROVIDER

+1 (718) 395-9697
zamzamtravelus@gmail.com
37-15 73 Street (Suite-207), Bangladesh Plaza
Jackson Heights, NY-11372

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি

মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ

- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেষ্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেষ্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।

রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height
ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432

TEL: 718-263-5999
TEL: 718-577-0711
TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং

- Do you want apply for a green card?
- Are you having credit card problems?
- Has your bank account been sealed?
- Are you being deported?
- Are you unable to pay your debts?
- Are you getting harrassed by creditors?

WE ARE OPEN 7 DAYS a week

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমরা বাংলায় কথা বলি

সুরাইয়া রহমান

ওসমানী বিমানবন্দরকে কার্যকর আন্তর্জাতিক করার আহ্বান

বিশেষ প্রতিনিধি

সিপার এয়ার সার্ভিসের স্বত্বাধিকারী এবং সিলেট চেম্বার অব কমার্সের সাবেক প্রেসিডেন্ট খন্দকার সিপার আহমেদ বলেছেন, ওসমানী বিমানবন্দরকে কার্যকর আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে গড়ে তুলতে হবে। দেশের পর্যটন শিল্পের প্রসারের জন্য বিমান ও পর্যটন মন্ত্রণালয় আলাদা করতে হবে। প্রবাসীদের মধ্যে যাদের বাংলাদেশের পাসপোর্ট রয়েছে, তারা পবিত্র হজ পালনের জন্য দেশ থেকে নিশ্চিত যাওয়ার সুবিধা গ্রহণ করতে পারেন।

নিউইয়র্ক সফররত খন্দকার সিপার আহমেদ ১৯ অক্টোবর শনিবার নিউইয়র্কে সাংবাদিক ইব্রাহীম চৌধুরী ও আবু তাহেরের সাথে এক সম্প্রচার আলাপচারিতায় এসব কথা বলেছেন। খন্দকার সিপার আহমেদ বলেন, সিলেটে ওসমানী বিমানবন্দরে নামেই আন্তর্জাতিক সাইনবোর্ড ঝুলানো আছে। ফ্লাই দুবাই ছাড়াও বহু বাইরের দেশের এয়ারলাইন্স সিলেট থেকে ফ্লাইট পরিচালনা করতে ইচ্ছুক হলেও এ ব্যাপারে কোন উদ্যোগ নেয়া হচ্ছে। যারা এসব পরিকল্পনা নিয়ে কাজ করেন, তাদের সদিচ্ছার অভাবেই সিলেটে প্রকৃত আন্তর্জাতিক বিমানবন্দর বাস্তবায়ন হচ্ছে না। এ নিয়ে পরিকল্পিত প্রস্তুতি এখনই না নিলে দীর্ঘদিনের এ দাবিটি নিস্ফলই থেকে যাবে বলে তিনি উল্লেখ করেন। এ ব্যাপারে তিনি প্রবাসী সিলেটবাসিকে সোচ্চার হওয়ার আহ্বান জানান।

> বাংলাদেশের দূতাবাস, কনস্যুলেট অফিসসহ সরকারের সর্বাত্মক প্রয়াস না থাকলে বৈদেশিক মুদ্রা উপার্জনের এ সহজ খাতটি শক্ত অবস্থানে কখনো দাঁড়াবে না।

অপর এক প্রশ্নের জবাবে খন্দকার সিপার বলেন, শুধু সিলেটে নয় বাংলাদেশে পর্যটন শিল্পের ব্যাপক সম্ভাবনা নিয়ে কোন পরিকল্পিত কাজ হচ্ছে না। দেশের বাইরে থাকা বাংলাদেশের দূতাবাস, কনস্যুলেট অফিসসহ সরকারের সর্বাত্মক প্রয়াস না থাকলে বৈদেশিক মুদ্রা উপার্জনের এ সহজ খাতটি শক্ত অবস্থানে কখনো দাঁড়াবে না।

খন্দকার সিপার বলেন, বাংলাদেশ থেকে হজ যাত্রার জন্য যে কৌটা দেয়া হয়, তা পূরণ হয় না। অথচ আমেরিকার জন্য দেয়া কৌটা ঘোষণার কয়েক মিনিটের মধ্যে শেষ হয়ে যায়। ফলে অনেক প্রবাসী পবিত্র হজ পালন করতে গিয়ে বিড়ম্বনায় পড়েন। এর সহজ সমাধান হিসেবে তিনি বলেন, যাদের বাংলাদেশি পাসপোর্ট রয়েছে তারা বাংলাদেশ থেকে সহজেই হজ পালন করতে পারেন। প্রবাসে বসে হজের জন্য বুকিং দিতে পারেন এবং সিলেট থেকে সরাসরি ফ্লাইটে হজ সম্পন্ন করার সুযোগ গ্রহণ করার জন্য তিনি আমেরিকা প্রবাসীদের প্রতি আহ্বান জানান।

রাষ্ট্রপতির পদত্যাগ গণদাবি, এখন প্রচেষ্টা রাজনৈতিক ঐকমত্যের

ঢাকা অফিস

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগ ‘গণদাবিতে পরিণত হয়েছে’ মন্তব্য করে বন, পরিবেশ ও জলবায়ু উপদেষ্টা সৈয়দা রিজওয়ান হাসান বলেছেন, এখন প্রচেষ্টা হচ্ছে রাজনৈতিক ঐকমত্যের। দলগুলোকে এবিষয়ে অবস্থান ও সিদ্ধান্ত স্পষ্ট করতে হবে।

বৃহস্পতিবার রাজধানীর তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে উপদেষ্টা পরিষদের বৈঠকের পর সাংবাদিকদের একথা বলেন তিনি।

রাষ্ট্রপতির বিষয়ে উপদেষ্টা পরিষদে আলোচনা হয়েছে জানিয়ে সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, ‘রাষ্ট্রপতি কী বলেছেন, সেটা আমাদের নজরে আনা হয়েছে। তাঁর পদত্যাগে যে দাবি উঠেছে, সেটাও বিবেচনা হচ্ছে। একইসঙ্গে কিছু রাজনৈতিক দল যে রাষ্ট্রপতির পদত্যাগে সাংবিধানিক সংকট হতে পারে বলে অভিমত ব্যক্ত করেছে, সেটাও আলোচনা হয়েছে। আবার ওই দলের দুই-একজন জ্যেষ্ঠ নেতা বলেছেন, সাংবিধানিক সংকট হবে না।’

তিনি বলেন, ‘রাষ্ট্রপতির পদত্যাগের জোরালো দাবির বিপরীতে অবস্থান নিয়েছে রাজনৈতিক দলগুলো। যদিও তাদের (রাজনৈতিক দল) সিদ্ধান্ত স্পষ্টভাবে বলেননি। বিষয়টি নিয়ে আমাদের (উপদেষ্টা পরিষদ) আলোচনা হয়েছে এবং রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা চলছে। রাজনৈতিক দলগুলোর ঐক্যমতের ভিত্তিতে সিদ্ধান্তে পৌঁছাতে পারব বলে আমরা আশাকরি। যেহেতু দাবিটা ক্রমান্বয়ে জোরালো হচ্ছে, এটা এক ধরণের গণদাবি, তাই রাজনৈতিক দলগুলোকে তাদের অবস্থান ও সিদ্ধান্ত স্পষ্ট করতে হবে।’

পদত্যাগ করা হলে সাংবিধানিক কোন ধারামতে রাষ্ট্রপতি নিয়োগ দেওয়া হবে এমন প্রশ্নে সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, ‘এটা রাজনৈতিক সিদ্ধান্ত। আমি ঘোড়ার আগে গাড়িকে নিয়ে গেলে সমস্যা। এ মুহূর্তে কথা হচ্ছে রাষ্ট্রপতি পদত্যাগের দাবি নিয়ে আমরা কীভাবে ডিল করব। আমরা বলেছি, এটি রাজনৈতিক বিষয়। যেহেতু দাবিটা জনগণ থেকে এসেছে, আমাদের সরকার গণঅভ্যুত্থানের ফসল হিসেবে এসেছে, কাজেই সংবিধানের প্রত্যেকটা বিষয় আক্ষরিক অর্থে মানা সম্ভব হবে কি না।



40 YEARS
ঠিকানা
PRESENTS:
25 YEARS
Warfaze X ARTCELL™
Live In
NEW YORK
POWERED BY:
rivertel
SAT • OCT 26, 2024 • 7:00 PM
TILLES CENTER
720 Northern Blvd, Brookville, NY 11548
TICKETS AVAILABLE AT:
I HOPE DESIGN, 169-22 HILLSIDE AVENUE, JAMAICA, NY 11432
DHANSHIRI RESTAURANT, 169-28 HILLSIDE AVENUE, QUEENS, NY 11432
STYLE WITH ME, 37-11, 74TH STREET, 2ND FLOOR, JACKSON HEIGHTS, NY 11372
KHALIL BIRYANI HOUSE, 1457 UNIONPORT RD, BRONX, NY 10462
SCAN FOR ONLINE TICKET
TICKET PRICE:
$40.00 $60.00 $100.00 $250.00 (VVIP)
FOR MORE INFORMATION:
929-538-7903, 516-263-3569
*Price excluding taxes & other fees
ORGANIZED BY:
Deshi Music & Entertainment
Galaxy media
CO-ORGANIZER:
save the smile

সম্পাদকীয়

মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন

মার্কিন যুক্তরাষ্ট্রের ৬০তম চতুর্বার্ষিক আসন্ন রাষ্ট্রপতি নির্বাচন আগামী নভেম্বর ৫ বুধবার অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে ভোটাররা চার বছর মেয়াদের জন্য রাষ্ট্রপতি ও ভাইস প্রেসিডেন্ট নির্বাচন করবেন। নির্বাচনের চূড়ান্ত ফলাফল আসলে কী হবে? মার্কিন নাগরিকরা কি প্রথমবারের মতো একজন নারী প্রেসিডেন্ট বেছে নিবেন, নাকি ডেমোক্রেটিক প্রার্থী ডোনাল্ড ট্রাম্পকে দ্বিতীয়বারের মতো রাষ্ট্র ক্ষমতায় বসাবেন?

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের বাকি আর মাত্র ক'দিন। লড়াই এখন তুঙ্গে। কয়েকটি অঙ্গরাজ্যে ইতোমধ্যে আগাম ভোটগ্রহণ শুরু হয়ে গেছে। ৫০টি অঙ্গরাজ্যের প্রতিটিতে নিজস্ব ভোটিং পদ্ধতি রয়েছে। পোস্টের মাধ্যমে ভোট বা সশরীরে গিয়ে আগাম ভোট, নির্বাচনের দিন ভোটে তিনটি পদ্ধতিতেই ভোট দেওয়ার ব্যবস্থা রয়েছে। যুক্তরাষ্ট্রে অনেক পরিবার আছে যারা আগাম ভোট দেওয়াকে পারিবারিক ঐতিহ্য বলে বিবেচনা করেন।

নভেম্বর নির্বাচনে দুই প্রধান প্রতিদ্বন্দ্বী কমলা ও ট্রাম্পের মধ্যে হাড্ডাহাড্ডি লড়াইয়ের আভাস পাওয়া যাচ্ছে। যুক্তরাষ্ট্রের প্রথম কৃষ্ণাঙ্গ নারী এবং প্রথম নারী প্রেসিডেন্ট হওয়ার লক্ষ্যে রিপাবলিকান প্রার্থী ও সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে লড়ছেন তিনি।

মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট বিশ্বের একজন গুরুত্বপূর্ণ ও প্রভাবশালী ব্যক্তি। যুদ্ধ, মহামারি বা জলবায়ু পরিবর্তনের মতো কোনো আন্তর্জাতিক সংকটের সময় মার্কিন প্রেসিডেন্ট কী ভূমিকা রাখছেন, তার প্রভাব অপরিসীম। এ কারণেই প্রতি চার বছর পর পর যখন মার্কিন যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন ঘনিয়ে আসে, তখন এর ফল কী হবে, তা নিয়ে সারা পৃথিবীতেই তৈরি হয় এক ব্যাপক আগ্রহ।

যুক্তরাষ্ট্রের প্রথম নারী প্রেসিডেন্ট হওয়ার আকাঙ্ক্ষা নিয়ে চলতি বছরের প্রেসিডেন্ট নির্বাচনের লড়াইয়ে সামিল হয়েছেন কমলা হ্যারিস। তার প্রচার উদারপন্থী ভোটারদের পুনরুজ্জীবিত করেছে। সেপ্টেম্বর পর্যন্ত কমলা হ্যারিসের প্রচার তহবিলে জমা পড়েছে ৬৭.১ কোটি ডলার অনুদান, যা তার রিপাবলিকান প্রতিদ্বন্দ্বী ডোনাল্ড ট্রাম্পের সংগ্রহের প্রায় তিনগুণ। প্রতিদ্বন্দ্বীদের তুলনায় তার নির্বাচনি প্রচার অনেকটাই পরে শুরু করেছেন কমলা হ্যারিস।

তবে প্রচারে নেমে প্রথম সমাবেশেই ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে 'আক্রমণাত্মক' ভূমিকায় দেখা গিয়েছিল কমালা হ্যারিসকে। নভেম্বরের নির্বাচনকে তিনি 'প্রাক্তন প্রসিকিউটর এবং দোষী সাব্যস্ত অপরাধীর মধ্যে একজনকে বেছে নেওয়ার' লড়াই হিসাবে বর্ণনা করেছেন। অন্যদিকে ভোটারদের কাছে নিজেকে নতুন ভাবে তুলে ধরার চেষ্টা করতে দেখা গিয়েছে কমলা হ্যারিসকে। চার বছর পর, চলতি বছরের নির্বাচনি দৌড়ে কমলা হ্যারিস নিজেকে একজন আইনের শাসক হিসাবে তুলে ধরতে চাইছেন যিনি দোষী সাব্যস্ত হওয়া ট্রাম্পের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেবেন। তবে একইসঙ্গে প্রগতিশীল নীতি বাস্তবায়নের প্রতিশ্রুতিও দিচ্ছেন যা তার পরিবারের মতো মধ্যবিত্ত পরিবারকে তুলে ধরবে। আন্তর্জাতিক ইস্যু নিয়েও কমলা তার অবস্থান নিয়ে প্রকাশ্যে কথা বলেছেন। ইসরায়েল প্রসঙ্গে তিনি বলেন, ইসরায়েলের নেতৃত্বের সঙ্গে আমরা কূটনৈতিকভাবে যে কাজ করছি তা আমাদের নীতি স্পষ্ট করার জন্য একটা চলমান প্রচেষ্টা। আর ইউক্রেন-রাশিয়া ইস্যু নিয়ে তিনি জানিয়েছেন ইউক্রেন আলোচনার টেবিলে না বসলে তিনি রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে বসবেন না।

মার্কিন প্রেসিডেন্ট পদের জন্য প্রার্থী হিসাবে দৌড়ে শামিল হওয়ার আগে ডোনাল্ড ট্রাম্প ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে জাঁকজমকপূর্ণ বিলিয়নিয়ার। নিউ ইয়র্কের এই রিয়েল এস্টেট টাইকুনের বর্ণাঢ্য জীবন কয়েক দশক ধরেই বিভিন্ন ট্যাবলয়েডের পাতায় এবং টেলিভিশনের পর্দায় ফুটে উঠেছে।

ডোনাল্ড ট্রাম্পের পরিচিতি এবং 'অপরিশোধিত' নির্বাচনি প্রচারশৈলী তাকে অভিজ্ঞ রাজনীতিবিদদের ভোটে হারিয়ে দিতে সাহায্য করেছিল। তবে প্রেসিডেন্ট হিসাবে তার কার্যকালে বিতর্কও কম হয়নি। মাত্র একদফাই ক্ষমতায় ছিলেন তিনি। ৭৮ বছরের এই রিপাবলিকান আবারও সমস্ত 'প্রতিকূলতা' উপেক্ষা করে 'অত্যাশ্চর্য' রাজনৈতিক প্রত্যাবর্তন ঘটাতে চাইছেন যা তাকে ওভাল অফিসের প্রেসিডেন্টের ডেস্কে ফিরিয়েও নিয়ে যেতে পারে। ৫ নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচন হতে পারে ডোনাল্ড ট্রাম্পের জন্য শেষ মার্কিন প্রেসিডেন্ট নির্বাচন। স্থানীয় সময় রোববার তিনি বলেন, নভেম্বরের নির্বাচনে পরাজিত হলে ২০২৮ সালের ভোটে আবারও প্রতিদ্বন্দ্বিতা করার আশা করেন না তিনি। মূলত ৭৮ বছর বয়সী ডোনাল্ড ট্রাম্প এইবারসহ টানা তিনটি জাতীয় নির্বাচনে রিপাবলিকান পার্টি থেকে প্রেসিডেন্ট পদপ্রার্থী হয়েছেন এবং গত আট বছরে দলটিকে ব্যাপকভাবে নতুন আকার দিয়েছেন।

আজকের এ আমেরিকার উন্নয়নে ধর্ম বর্ণ নির্বিশেষে সকল অভিবাসীরই বিন্দু বিন্দু শ্রম, ঘাম ও যথেষ্ট ত্যাগ-তিতিক্ষা রয়েছে- এ কথা অনস্বীকার্য। আগামীতে যিনিই প্রেসিডেন্ট হবেন তার গতিশীল নেতৃত্বে যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে প্রবাসীদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, অভ্যন্তরীণ শৃঙ্খলা নিয়ন্ত্রণ এবং সারা বিশ্বে অর্থনৈতিক সমৃদ্ধি, স্থিতিশীলতা ও নিরবচ্ছিন্ন শান্তি প্রত্যাশা।

ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদ কি সত্যিই যুক্তরাষ্ট্রের গণতন্ত্রকে বিপদের মধ্যে ফেলবে? প্রভাবশালী বিশ্লেষকেরা মনে করেন, ট্রাম্প এতই 'দুর্বল', জনপ্রিয় হওয়ার জন্য এতটাই মরিয়া ও এতটাই 'আনস্মার্ট' যে তাঁর পক্ষে একনায়ক হওয়া সম্ভব নয়। যুক্তরাষ্ট্রের ইতিহাসে এমন উদাহরণ খুব একটা নেই। ট্রাম্পের ব্যক্তিগত সীমাবদ্ধতা আছে। তবে তিনি এখন যথেষ্ট প্রতিভা ও অভিজ্ঞতার সঙ্গে আন্দোলনের নেতৃত্ব দিচ্ছেন। আগেরবারের শাসন, এবারের আন্দোলন আর ভারত ও হাঙ্গেরির মতো দেশের ডানপন্থী আন্দোলন থেকে নেওয়া অভিজ্ঞতা মিলিয়ে আরেকটি ট্রাম্প প্রশাসন ক্ষমতা ধরে রাখতে অনেক বেশি দক্ষতার পরিচয় দেবে, সন্দেহ নেই।

মার্কিন যুক্তরাষ্ট্রে বেশ কিছু অঙ্গরাজ্য রয়েছে যেখানে অধিকাংশ সময়ে একই দল জয়লাভ করে থাকে, তবে এমন অনেক অঙ্গরাজ্যও রয়েছে, যেখানে হাড্ডাহাড্ডি লড়াইয়ের মাধ্যমে দুই প্রার্থীর যে কেউ বিজয়ী হতে পারে। মূলত ওইসব রাজ্যের ফলাফলই পরবর্তী প্রেসিডেন্ট নির্ধারণের ক্ষেত্রে পার্থক্য গড়ে দিয়ে থাকে।

যুক্তরাষ্ট্রের অর্থনীতির বর্তমান পরিস্থিতি ও অভিবাসন নিয়ে ভোটাররা অখুশি। এসব বিষয়ে ট্রাম্পের অবস্থানের পক্ষে ভোটাররা। জরিপে দেখা গেছে, নিবন্ধিত ৭০ শতাংশ ভোটার জীবনযাপনের ব্যয় ভুল পথে যাচ্ছে বলে মনে করেন। অর্থনীতি ভুল পথে যাচ্ছে মনে করেন ৬০ শতাংশ ভোটার। অভিবাসন নীতি নিয়ে এই অবস্থান ৬৫ শতাংশের।

তবে রাজনৈতিক চরমপন্থা ও গণতন্ত্রের জন্য হুমকি মোকাবিলার ক্ষেত্রে ট্রাম্পের চেয়ে হ্যারিসের ওপর ভরসা বেশি রাখছেন মার্কিন ভোটাররা।

২০২৫ সালের ২০ জানুয়ারি যুক্তরাষ্ট্রে নতুন যে প্রেসিডেন্ট দায়িত্ব শুরু করবেন, তাকে নিশ্চিত করেই বর্তমান সময়ের অক্ষশক্তি—চীন, রাশিয়া, ইরান ও উত্তর কোরিয়াকে মোকাবিলা করতে হবে।

যুক্তরাষ্ট্রে আগামী ৫ নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনে হাড্ডাহাড্ডি লড়াইয়ের আভাস পাওয়া যাচ্ছে। দোদুল্যমান সাতটি অঙ্গরাজ্যের প্রতিটি ভোটকেই মূল্যবান মনে করা হচ্ছে। তাই প্রতিটি ভোটের জন্যই ছুটছেন প্রতিদ্বন্দ্বী দুই প্রার্থী কমলা হ্যারিস ও ডোনাল্ড ট্রাম্প। মঙ্গলবার লাতিন ভোটারদের কাছে টানতে তাদের মধ্যে প্রচারণা চালাচ্ছেন রিপাবলিকান পার্টির প্রার্থী ট্রাম্প। অন্যদিকে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা সাক্ষাৎকার দিতে ব্যস্ত সময় কাটিয়েছেন।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন যতই ঘনিয়ে আসছে বিশ্ববাসীর উৎকণ্ঠা যেন ততই বেড়ে যাচ্ছে।

যুক্তরাষ্ট্র গোটা বিশ্বের কাছে প্রকৃত গণতান্ত্রিক রাষ্ট্ররূপে স্বীকৃত। গণতন্ত্রের পুরোধা, ঐতিহ্যের প্রতীক, গর্বিত মুরব্বি আর উপদেশদাতা যুক্তরাষ্ট্র। সেই মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট দেশটির নাগরিকদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হন না। তিনি নির্বাচিত হন ইলেকটোরদের ভোটে। সাধারণ নাগরিকরা ইলেকটোরদের নির্বাচন করে।

সমৃদ্ধি ও প্রাচুর্যের বিচারে যুক্তরাষ্ট্রের অবস্থান সর্বশীর্ষে।

আজকের এ আমেরিকার উন্নয়নে ধর্ম বর্ণ নির্বিশেষে সকল অভিবাসীরই বিন্দু বিন্দু শ্রম, ঘাম ও যথেষ্ট ত্যাগ-তিতিক্ষা রয়েছে- এ কথা অনস্বীকার্য। আগামীতে যিনিই প্রেসিডেন্ট হবেন তার গতিশীল নেতৃত্বে যুক্তরাষ্ট্রের অভ্যন্তরে প্রবাসীদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি, অভ্যন্তরীণ শৃঙ্খলা নিয়ন্ত্রণ এবং সারা বিশ্বে অর্থনৈতিক সমৃদ্ধি, স্থিতিশীলতা ও নিরবচ্ছিন্ন শান্তি প্রত্যাশা।

নির্বাচনের ফল যাই হোক না কেন, ৫ নভেম্বর যুক্তরাষ্ট্র ইতিহাস গড়বে। যুক্তরাষ্ট্রে হয় প্রথমবার কোনো নারী প্রেসিডেন্ট নির্বাচিত হবেন অথবা কোনো ফৌজদারি মামলার অভিযুক্ত ব্যক্তি প্রথমবারের মতো প্রেসিডেন্ট হবেন।

যে প্রশ্ন ও বিতর্ক নিয়ে এত কিছু

মাসুদ কামাল

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সঙ্গে সাংবাদিক মতিউর রহমান চৌধুরীর সাক্ষাৎটি কি খুব আনুষ্ঠানিক ছিল? আমার তা মনে হয় না। আনুষ্ঠানিক হলে সেখানে ফটোসাংবাদিক থাকতেন, ছবি উঠত, সে ছবি ঘটা করে ছাপা হতো। কিন্তু বাস্তবে সে রকম কিছু হয়নি। এই সময়ে রাষ্ট্রপতির ইন্টারভিউ নিতে পারা একটা বড় ঘটনা। পত্রিকাটিতে মহামান্য রাষ্ট্রপতির কোনো ইন্টারভিউ প্রকাশিত হয়নি। ফলে বোঝাই যায়, পুরো বৈঠকটাই ছিল অনানুষ্ঠানিক। রাষ্ট্রপতি যেভাবে তাঁকে অভ্যর্থনা জানিয়েছেন, পুরোনো সম্পর্কের কথা তুলেছেন, তাতে বোঝা যায়, আটপৌরে অনেক কথাই উচ্চারিত হয়েছে তাঁদের আলোচনায়। অথচ সেই আলোচনারই একটি বাক্য নিয়ে দারুণ উত্তপ্ত এখন রাজনীতির মাঠ।

রাষ্ট্রপতি জানিয়েছেন, সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার কোনো পদত্যাগপত্র তিনি পাননি। এই একটি কথাই যেন অনেক ঘটনার জন্ম দিতে চলেছে। এরই মধ্যে তার নমুনাও দেখা যাচ্ছে।

লেখাটি প্রকাশিত হওয়ার পরদিনই, সোমবার, অন্তর্বর্তী সরকারের এক উপদেষ্টা অভিযোগ করলেন, রাষ্ট্রপতি মিথ্যাচার করেছেন। এতটুকু বলেই থামেননি এই উপদেষ্টা, সেই সঙ্গে প্রশ্ন তুলেছেন, রাষ্ট্রপতি যদি মিথ্যাচার করেন, তাহলে তিনি কি শপথ ভঙ্গ করেননি?

উপদেষ্টার এমন প্রশ্ন কিন্তু অসংগত নয়। শেখ হাসিনা হেলিকপ্টারযোগে দেশত্যাগের পর, অন্তর্বর্তী সরকার শপথ নেওয়ার আগে, রাষ্ট্রপতি জাতির উদ্দেশে একটা ভাষণ দিয়েছিলেন। সংক্ষিপ্ত সেই ভাষণে তিনি জানিয়েছিলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করেছেন, সেই পদত্যাগপত্র রাষ্ট্রপতি হিসেবে তিনি গ্রহণও করেছেন। যে পদত্যাগপত্র তিনি গ্রহণ করেছেন বলে পুরো জাতিকে আনুষ্ঠানিকভাবে জানিয়েছেন, এখন এত দিন পরে এসে সেটাকে অস্বীকার করা তো মিথ্যাচারেরই নামান্তর। এটাই আসলে সরল বিশ্লেষণ। এ বিবেচনায় উপদেষ্টার প্রশ্নটি যথাযথ।

কিন্তু বাস্তবতা কি এ রকমই ছিল? পৃথিবীতে সব ঘটনাই কি প্রচলিত নিয়ম মেনে হয়? উপদেষ্টা প্রশ্ন তুলেছেন রাষ্ট্রপতির শপথ ভঙ্গের বিষয়ে। উপদেষ্টা হিসেবে শপথ তো তাঁরাও নিয়েছেন। সেই শপথ তাঁদের সবাই কি ঠিকঠাকমতো রক্ষা করতে পারছেন?

সংবিধান, শপথ—এসব মেনে চলা কেবল রাষ্ট্রপতি, মন্ত্রী কিংবা উপদেষ্টাদেরই কাজ নয়। দেশের প্রত্যেক নাগরিকেরই একান্ত দায়িত্ব। কিন্তু সে দায়িত্ব কি সবাইকে সব সময় মেনে চলতে দেখা যায়? এই যে বিগত সরকার ছিল, তার গুরুত্বপূর্ণ লোকগুলো কি সংবিধান মেনে দুর্নীতি করতেন? সংবিধানে কি দুর্নীতি করার কোনো অনুচ্ছেদ আছে?

সাবেক প্রধানমন্ত্রী দেশ ছেড়েছেন, সংবিধান মেনে ছেড়েছেন? গণ-অভ্যুত্থান বা বিপ্লব—যে নামেই অভিহিত করুন, সেটা কি সংবিধান মেনে হয়েছে? এমনকি আমাদের একাত্তরের মুক্তিযুদ্ধও তো হয়নি সংবিধান মেনে। কিছু কিছু ঘটনা কিন্তু সমাজে বা রাষ্ট্রে সব সময় ঘটে থাকে, যা প্রচলিত নিয়ম মেনে হয় না, কিন্তু তার অনিবার্যতাকে অস্বীকারও করা যায় না। তখন সংবিধান, নাকি শপথ লঙ্ঘিত হলো, সেসব দেখার সময় থাকে না। আমি যদি রাষ্ট্রপতির বক্তব্যটিকেও সে রকম কিছু বলে মনে করি, তাহলে কি বড় বেশি ভুল হয়ে যাবে?

এবার লেখাটির দিকে বরং আরেকবার তাকাতে পারি। প্রধানমন্ত্রীর পদত্যাগপত্র পাওয়া যায়নি, ওনার কাছে দিয়ে যাননি, ওনাকে বলেও যাননি—এত সব কথা বলার পরও রাষ্ট্রপতির শেষ কথাটি কিন্তু ছিল খুবই গুরুত্বপূর্ণ। তিনি বলেছেন, 'এ নিয়ে আর বিতর্কের কিছু নেই। প্রধানমন্ত্রী চলে গেছেন, এটাই সত্য।' এটাই হচ্ছে মূলকথা। শেখ হাসিনা দেশ ছেড়েছেন—এটাই সবচেয়ে বড় সত্য। ওনার এই দেশত্যাগ আইনগতভাবে হয়েছে কি হয়নি, এটা গুরুত্বপূর্ণ নয়। শেখ হাসিনা অজ্ঞাত স্থান থেকে টেলিফোনে কী বলছেন, ওনার পুত্র যুক্তরাষ্ট্র থেকে কী দাবি করছেন, প্রধানমন্ত্রীর পদত্যাগ সম্পর্কে সংবিধান কী বলছে—এগুলো আসলে বর্তমান বাস্তবতায় কুতর্ক ছাড়া আর কিছু নয়।

আমি কিন্তু রাষ্ট্রপতির বক্তব্যকে মিথ্যাচার মনে করি না। রাষ্ট্রপতি সত্য কথাই বলেছেন। ওনার কাছে শেখ হাসিনার কোনো পদত্যাগপত্র নেই, তিনি সেটি দিয়ে যাননি। একবার ৫ আগস্টের সেই সময়টার কথা ভাবুন, শেখ হাসিনার পক্ষে কি এতটা গুছিয়ে যাওয়ার বাস্তবতা ছিল? আচ্ছা, যদি পদত্যাগপত্র পাঠিয়েও থাকেন, কার মাধ্যমে পাঠিয়েছেন? লোকটাকে খুঁজে বের করলেই তো হয়। কেউ একজন বলুক, 'আমিই শেখ হাসিনার পদত্যাগপত্রটি বঙ্গভবনে পৌঁছে দিয়েছি।' বাস্তবতা হচ্ছে, তেমন কোনো লোককে হয়তো খুঁজে পাওয়া যাবে না।

এদিকে বঙ্গভবন থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সাবেক প্রধানমন্ত্রীর পদত্যাগ ইস্যুতে রাষ্ট্রপতিকে উদ্ধৃত করে বিভিন্ন মিডিয়ায় যে প্রচারণা চালানো হয়েছে, তা জনমনে বিভ্রান্তির সৃষ্টি করেছে। এ বিষয়ে রাষ্ট্রপতির পক্ষ থেকে সুস্পষ্ট বক্তব্য হচ্ছে, ছাত্র-জনতার আন্দোলনের মুখে প্রধানমন্ত্রীর পদত্যাগ ও দেশত্যাগ, সংসদ ভেঙে দেওয়া এবং বর্তমান অন্তর্বর্তী সরকারের সাংবিধানিক বৈধতার ওপর যত ধরনের প্রশ্ন জনমনে উদ্রেক হয়েছে, সেগুলোর যাবতীয় উত্তর স্পেশাল রেফারেন্স নং-০১/২০২৪-এ মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের গত ৮ আগস্টের আদেশে প্রতিফলিত হয়েছে। সংবিধানের ১০৬ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের আপিল বিভাগের মতামত চাওয়ার পরিপ্রেক্ষিতে আপিল বিভাগ এই মতামত দিয়েছিলেন।

তাহলে রাষ্ট্রপতি কেন সেদিন জাতির উদ্দেশে ভাষণে পদত্যাগ করা এবং সেটি তিনি গ্রহণ করেছেন বলে জানালেন? উত্তর একটাই—বাস্তবতার প্রয়োজনে বলেছেন। আচ্ছা, ওই সময়ে এ ছাড়া অন্য কিছু কি তিনি বলতে পারতেন? বললে সেটা কি গণ-অভ্যুত্থানের যে উত্তাল জোয়ার, তার অনুকূলে হতো। সেই জোয়ারের প্রতিকূলে থাকা কি কোনো বোধবুদ্ধিসম্পন্ন ও দেশপ্রেমিক মানুষের পক্ষে সম্ভব ছিল?

এই কথাগুলো বললাম, উপদেষ্টা সাহেব কি এসব জানেন না? নিশ্চয়ই জানেন, খুব ভালোভাবেই জানেন। বিষয়গুলো আসলে সবাই জানেন। কিন্তু বর্তমান বাস্তবতায় এসব নিয়ে কথা বলা, নতুন তর্কের সূচনা করতে যাওয়া আসলে কোনো কাজের কাজ নয়। রাষ্ট্রপতি নিজেই বলেছেন সে কথাটা, শেখ হাসিনা চলে গেছেন, এটাই সত্য। তাহলে কি নতুন করে বিষয়টা নিয়ে আলোচনা শুরুর পেছনে অন্য কোনো উদ্দেশ্য রয়েছে?

দিনকয়েক আগে, ১৮ অক্টোবর, ভারতের প্রভাবশালী মিডিয়া 'ইন্ডিয়া টুডে'তে একটা নিবন্ধ প্রকাশিত হয়েছিল। 'বাংলাদেশ পাওয়ার স্ট্রাগল: ইউনূস গভর্নমেন্ট ওয়ান্টস প্রেসিডেন্ট আউট, আর্মি চিফ অন রাডার' শিরোনামে নিবন্ধটি লিখেছেন তাদের প্রথিতযশা সাংবাদিক সুবীর ভৌমিক। আলোচিত সেই লেখায় যেসব রাজনৈতিক সম্ভাবনার কথা বলা হয়েছিল, তারই যেন প্রতিফলন ঘটছে। সুবীর ভৌমিক বলেছিলেন, বাংলাদেশের অন্তর্বর্তী সরকার আইনগতভাবে যা কিছু করতে সমস্যায় পড়ে, সেগুলো করতে ছাত্ররা এগিয়ে আসে। বিষয়টি প্রমাণে তিনি উচ্চ আদালতের কয়েকজন বিচারকের অপসারণে ছাত্রদের মিছিল, সমাবেশসহ নানা কর্মকাণ্ডের কথা উল্লেখ করেন।

সামনের দিনগুলোতে সে রকম কিছু দেখতে হবে?

লেখক: মাসুদ কামাল, জ্যেষ্ঠ সাংবাদিক

ভোট কাকে দেবো?

মাহবুবুর রহমান

ভোট কাকে দেবো ? কমলা না ট্রাম্প?

আড্ডায় আড্ডায় আলোচনা।

এবার দু'টি বাক্য বেশী শুনতে হচ্ছে 'কাউকে না'। 'ভোট দিতে যাবো না'।

কেন, কেন? দু'জনই পছন্দের না।

আমেরিকা, বাংলাদেশ, ভারত।

লক্ষ্যণীয় বিষয়, যেমন আমেরিকায় দুই প্রধান দল বা দুই প্রধান প্রার্থী নানা ইস্যুতে ভিন্নমত থাকলেও ইসরাইলকে সমর্থনের বেলায় এক সুর, বরঞ্চ প্রতিযোগিতা শুরু হয় কার ভালোবাসা বেশী ও খাঁটি।

বাংলাদেশে রাজনৈতিক দলগুলোর মধ্যে দা-কুমড়া সম্পর্ক থাকলেও প্যালেস্টাইনকে সমর্থন ও ইসরাইলের বিরোধিতার প্রশ্নে সবার মতামত এক ও অভিন্ন। তবে ইসরাইলের বড় বন্ধু আমেরিকাকে পরোক্ষ বকাবকি করলেও ভেতরে ভেতরে অনুগ্রহ বা আনুকল্য পাওয়ার চেষ্টাও লক্ষণীয়। কিছুদিন আগে এক ট্যাবলয়েডের অফিসে আমেরিকার রাষ্ট্রদূতের রাজকীয় সংবর্ধনা দেখে মনে হয়েছে, তিনি দেশের রাষ্ট্রপ্রধান,সম্পাদক তাঁর গোলাম।

ভারতে বিজেপি, কংগ্রেস, তৃণমূল, সমাজবাদী নানা মত থাকলেও শেখ হাসিনার ব্যাপারে সবার এক মত। মোদি সরকারের দৃষ্টিভঙ্গিকে সবাই সমর্থন করেন। আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচন ৫ নভেম্বর। বাংলাদেশী-আমেরিকান ভোটারদের অনেকের মধ্যে নেতিবাচক ভাবনা কাজ করছে। ট্রাম্পকে পছন্দ নয়, ভাবছিলাম কমলাকে দিব, কিন্তু বাইডেন প্রশাসন ইসরাইলের গণহত্যায় যে ভাবে সমর্থন যুগিয়েছে, কমলাকে ভোট দেয়ার প্রশ্নই উঠে না। এ দু'জনের কাউকে যখন পছন্দ নয়, ভোট দিতেই যাবো না। এর মাঝে কেউ কেউ গ্রীণ পার্টির জিল স্টেইনকে ভোট দেয়ার কথা ভাবছেন। ব্যালটে তাঁর নাম আছে। খবরে প্রকাশ, জিল স্টেইন যে ভোট পাবেন, সেগুলো আসলে ট্রাম্পের ভোট। একজন রেজিস্টার্ড ডেমোক্রেট সতর্ক করে বলেছেন, আমরা যেন ভুল না করি। দ্বিধা-দ্বন্দ্বে না ভোগে কমলা হ্যারিসকে আমাদের ভোট দেয়া উচিত। ট্রাম্পের বিজয় আমাদের দেশকে বিপদে ফেলবে। জনগণের কষ্ট বাড়বে। বৈষম্য ও স্বেচ্ছাচারিতা বাড়বে। গণতন্ত্র আবারো পড়বে হুমকির মুখে। ডেমোক্রেট শাসনে নাগরিকরা যে সব সুযোগ-সুবিধা পান, ট্রাম্পের বিজয়ে সে সব সংকুচিত হবে। সামাজিক কল্যাণ, চিকিৎসা, শিক্ষা, ইমিগ্রেশনে ডেমেক্রেটিক পার্টির উপর জনগণের আস্থা আছে।

রিপাবলিকান ভোটারের মতে, শান্তি সমৃদ্ধির জন্য ট্রাম্পই উপযুক্ত প্রার্থী। বাইডেন যুদ্ধের আগুন ছড়িয়ে দিয়েছেন। মূল্যস্ফীতি জিনিসপত্রের দামে মানুষ দিশেহারা। ট্রাম্প পারবেন যুদ্ধ থামাতে। তিনিই পারবেন আমেরিকার অর্থনীতিকে আবার চাঙ্গা করতে। রিপাবলিকান নাসির আলী খান পলের মতে, তৃতীয় বিশ্বযুদ্ধ থেকে বাঁচতে হলে ট্রাম্পকেই ভোট দিতে হবে। পল নিউইয়র্কের নেতৃস্থানীয় রিপাবলিকান। পার্টি জিতলে তাঁকে বাংলাদেশে আমেরিকার রাষ্ট্রদূত করার সম্ভাবনা আছে।

তবে ট্রাম্পের মুসলিম বিদ্বেষের অতীত রেকর্ড তাঁকে সাহায্য করছে না। তিনি জেরুজালেমকে ইসরাইলের রাজধানীর স্বীকৃতি বা গোলান হাইটস ইসরাইলের বলে ঘোষণা দিয়ে বিতর্ক বাড়িয়েছেন। ৭টি মুসলিম দেশকে ভিসা নিষেধাজ্ঞা দিয়ে তীব্র প্রতিবাদের সম্মুখীন হয়েছিলেন।

নাসির আলী খান পলের মতে, ট্রাম্পের চার বছরের শাসনামলে পৃথিবীতে শান্তি ছিল। কোন যুদ্ধ হয়নি। ট্রাম্প মিথ্যা প্রচারণার শিকার। এক ডেমোক্রেট ভোটারের মতে, ডেমোক্রেটিক শাসনামলে আমি যে বেনিফিট পাই, তা রক্ষায় আবারো পার্টির বিজয় চাইবো। ট্রাম্পের বিজয়ে এই বেনিফিট হারাতে পারি।

আরেকটি প্রশ্ন ঘুরপাক খাচ্ছে, এ নির্বাচন শেখ হাসিনার ভাগ্য পরিবর্তনে কোন ভূমিকা রাখবে কি? বাইডেন প্রশাসনের সাথে তাঁর ভালো সম্পর্ক ছিল না। নরেন্দ্র মোদির সাথে ট্রাম্পের সম্পর্ক, বাইডেন থেকে অনেক অনেক গুণ উষ্ণ। ট্রাম্পের বিজয়ে শেখ হাসিনা উপকৃত হবেন, এমন ধারণা করা হয়।

গাজার প্যালেস্টাইনীরা 'মন্দের ভালো' হিসেবে কমলাকে সমর্থনের খবর প্রকাশিত হয়েছিল। এখন শোনা যাচ্ছে, আরবরা কমলা/ট্রাম্প কাউকে সমর্থন করে না। এবার থার্ড পার্টি প্রার্থীকে নিয়ে বিস্তর আলোচনা হচ্ছে। ম্যাসাচুসেটসের জিল স্টেইন পেশায় একজন চিকিৎসক। হার্ভার্ড গ্রাজুয়েট জিল ২০১২ ও ২০১৬ সালে প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছেন। গ্রীণ পার্টির প্রার্থী জিলকে অনেক বাঙালি ভোটার ভোট দেয়ার কথা ভাবছেন।

ধারণা করছি, এবারের নির্বাচন খুবই প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হবে। তার বড় কারণ, সুইং স্টেটগুলোত কমলা ও ট্রাম্পের হাড্ডাহাড্ডি লড়াই।

দায়িত্বে অবহেলা ও পরকালীন জবাবদিহি

মুফতি আইয়ুব নাদীম

ইসলাম প্রত্যেক মানুষকে নিজের ওপর অর্পিত দায়িত্ব যথাযথ পালন করতে নির্দেশ দেয়। অর্পিত দায়িত্বে অবহেলা ও অসচেতনতার কারণে নানা বিপদাপদের পথ উন্মোচন হতে পারে। তা ছাড়া অর্পিত দায়িত্বে অবহেলার কারণে কিয়ামতের ময়দানে জবাবদিহির সম্মুখীন হতে হবে। রাসুল (সা.) বলেন, 'মনে রেখো, তোমরা সবাই দায়িত্বশীল। আর তোমরা প্রত্যেকেই নিজ নিজ দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে। শাসক তাঁর প্রজাদের দায়িত্বশীল, তিনি তাদের ব্যাপারে জিজ্ঞাসিত হবেন। পুরুষ তার পরিবারের দায়িত্বশীল, সে তার পরিবার সম্পর্কে জিজ্ঞাসিত হবে। নারী তার স্বামীর পরিবার ও সন্তানদের দায়িত্বশীল, সে তাদের সম্পর্কে জিজ্ঞাসিত হবে। ক্রীতদাস তার মনিবের সম্পদের দায়িত্বশীল, সে এ বিষয়ে জিজ্ঞাসিত হবে। সাবধান, তোমরা প্রত্যেকে দায়িত্বশীল এবং প্রত্যেকে নিজ নিজ দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে।' (বুখারি: ৮৪৪)

ইসলামে আমানতের পরিধি অনেক ব্যাপক ও বিস্তৃত। কর্মক্ষেত্রে আমাদের ওপর অর্পিত দায়িত্বও আমানতের অন্তর্ভুক্ত। আর একজন চাকরিজীবীর জন্য তার কাজের নির্ধারিত সময়টুকুও আমানত হিসেবে গণ্য। একজন মুমিনের মাধ্যমে কখনো আমানতের খেয়ানত হতে পারে না। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, '(মুমিনদের অনন্য একটি বৈশিষ্ট্য হচ্ছে) তারা তাদের আমানত ও প্রতিশ্রুতি রক্ষা করে।' (সুরা মুমিনুন: ৮) যদি প্রত্যেক মানুষ নিজ নিজ দায়িত্ব পালনে সজাগ ও সচেতন হয় আর আখিরাতে জবাবদিহির অনুভূতি নিয়ে আপন দায়িত্ব পালন করে, তাহলে রাষ্ট্র ও সমাজের সিংহভাগ অভিযোগ ও সমস্যা দূর হয়ে যাবে। কারণ মুমিন সবকিছুই আল্লাহর সন্তুষ্টির জন্য করে। আল্লাহর ভয়ে অন্যায় থেকে বিরত থাকে। নিশ্চয়ই সে জানে যে 'কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে তা সে (কিয়ামতের দিন) দেখতে পাবে। আর কেউ অণু পরিমাণ মন্দকর্ম করলে তাও সে দেখতে পাবে।' (সুরা জিলজাল: ৭-৮)

মুফতি আইয়ুব নাদীম, শিক্ষক ও মুহাদ্দিস

KARNAFULLY
HOME CARE

KARNAFULLY HOME CARE

[কর্ণফুলী ট্যাক্স সার্ভিসের আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান]

WE CARE
YOUR FAMILY
LIKE OURS

সততা এবং বিশ্বস্ততাই আমাদের বৈশিষ্ট্য

মেডিকেইড অনুমোদিত
CDPAP - এর আওতায়
আপনার পছন্দসই প্রিয়জনকে
সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
প্রদানের মাধ্যমে
অর্থ উপার্জন করুন

NYS
Department of
Health CDPAP

Mohammed Hasem, MBA
President and CEO

হোম কেয়ার সার্ভিস
নিলে আপনিও পেতে পারেন
প্রতি মাসে বাড়ি ভাড়া বাবদ
সর্বোচ্চ $৮০০ | আজই আসুন

347-621-6640
Fax: 347-338-6799
karnafullyhc@gmail.com
hasem@lovetocarehhc.com
info@lovetocarehhc.com

Main Office
167-18 Hillside Avenue, 2nd Fl
Jamaica, NY, 11432

Jackson Heights Branch
37-20 74th Street, 2nd Fl
Jackson Heights, NY, 11372

Buffalo Branch
1114 Walden Avenue
Buffalo, NY, 14211

www.lovetocarehc.com


BANGLADESH SOCIETY INC. ELECTION 2024
বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২৪
নির্বাচন ২৭ অক্টোবর, রবিবার ২০২৪
সেলিম-আলী পরিষদের
A1
আতাউর রহমান সেলিম
সভাপতি
A4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক
সহ সভাপতি প্রার্থী
PLEASE VOTE FOR SALIM-ALI PANEL A LINE
সামাজিক কার্যক্রম
ও সাংগঠনিক অভিজ্ঞতা
সাবেক সাধারণ সম্পাদক
জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস
এসোসিয়েশন জেবিবিএ)
সাবেক সভাপতি
প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইউএসএ ইনক
উপদেষ্টা
জ্যাকসন হাইটস এলাকাবাসী
নর্থবেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ ইনক
জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি
সত্বাধিকারী
খামার বাড়ি গ্রুপ
রিলায়েবল হোম কেয়ার
আজীবন সদস্য
জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার মসজিদ
আল আরাফা ইসলামিক সেন্টার মসজিদ
A3
সেলিম-আলী পরিষদকে A লাইনে আপনার মূল্যবান ভোট দিন
কামরুজ্জামান কামরুল
আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী
সেলিম- আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
PLEASE VOTE FOR
SALIM-ALI PANEL
প্রচারে: সেলিম-আলী নির্বাচন পরিচালনা কমিটি

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন

Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

Timothy Bompart, Esq
Attorney at Law

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত

- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

এপয়েন্টমেন্টের জন্য কল করুন
৯১৭-২৮২-৯২৫৬

ইমিগ্রেশন
- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION
- স্টুডেন্ট ভিসা
- ইনভেষ্টমেন্ট ভিসা
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- ডিপোর্টেশন কেইসেস
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নূন্যতম ৫০ ডলার

Law offices of Timothy Bompart

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

FRANCHISE BROKER ACADEMY
Member

H1B	L1A VISA
EB5	E2 VISA
POLITICAL ASYLUM	

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com
New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

গ্যাটকো দুর্নীতির মামলা থেকে

প্রথম পৃষ্ঠার পর

বৃহস্পতিবার এ মামলার বাকি ১২ জনের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর আদেশ দিয়েছেন ঢাকার তৃতীয় বিশেষ আদালতের বিচারক আবু তাহের।

অভিযুক্ত ১২ জন হলেনÑচট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান কমোডর জুলফিকার আলী, প্রয়াত মন্ত্রী কর্নেল (অব.) আকবর হোসেনের স্ত্রী জাহানারা আনছার, দুই ছেলে ইসমাইল হোসেন সায়মন ও এ কে এম মুসা কাজল, এহসান ইউসুফ, সাবেক নৌসচিব জুলফিকার হায়দার চৌধুরী, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাবেক সদস্য এ কে রশিদ উদ্দিন আহমেদ, গ্যাটকোর তৎকালীন পরিচালক শাহজাহান এম হাসিব, সৈয়দ তানভির আহমেদ ও সৈয়দ গালিব আহমেদ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাবেক চেয়ারম্যান এ এস এম শাহাদত হোসেন ও বন্দরের সাবেক পরিচালক (পরিবহন) এ এম সানোয়ার হোসেন।

গতকাল ছিল গ্যাটকো দুর্নীতি মামলায় অভিযোগ গঠনের শুনানির দিন। খালেদা জিয়ার পক্ষে তার আইনজীবী এদিন হাজিরা দাখিল করেন। এরপর অভিযোগ গঠন শুনানি শুরু হয়।

আসামিপক্ষের আইনজীবী মাসুদ আহমেদ তালুকদার, সৈয়দ জয়নুল আবেদীন মেজবাহ, হান্নান ভূঁইয়া, জাকির হোসেন ভূঁইয়া অব্যাহতি চেয়ে শুনানি করেন। অন্যদিকে দুদকের পাবলিক প্রসিকিউটর মীর আহমেদ আলী সালাম অভিযোগ গঠনের পক্ষে শুনানি করেন। উভয়পক্ষের শুনানি শেষে বিচারক তিনজনকে মামলার দায় থেকে অব্যাহতি দেন। বাকি ১২ আসামির বিরুদ্ধে অভিযোগ গঠন করেন। আদালতে উপস্থিত বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও সাবেক মন্ত্রী মোশাররফ হোসেন তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় বলেন, '১৭ বছর আগে মামলা হলেও এতদিন আদালত অভিযোগ গঠন করতে পারেনি। যদি অভিযোগ গঠনের মতো কোনো উপাদান এখানে থাকত, তাহলে শেখ হাসিনা সরকার আগেই বিচার করত। কারণ তিনি বেগম খালেদা জিয়া, বিএনপিকে মাইনাস করার চেষ্টা করেছিল। তবে আদালত আইনানুগভাবে সবকিছু বিচার বিশ্লেষণ করে আমাদের অব্যাহতি দিয়েছেন।'

২০07 সালের ২ সেপ্টেম্বর তেজগাঁও থানায় এ মামলা করেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) উপপরিচালক গোলাম শাহরিয়ার চৌধুরী। সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া, তার ছোট ছেলে আরাফাত রহমান কোকোসহ ১৩ জনকে সেখানে আসামি করা হয়।

আসামিপক্ষের আইনজীবী মাসুদ আহমেদ তালুকদার বলেন, 'মিথ্যা-বানোয়াট মামলায় অব্যাহতি পাওয়ায় আমরা অত্যন্ত আনন্দিত। ১/১১-এর রাজনৈতিক কুশীলবরা বেগম খালেদা জিয়া ও বিএনপিকে রাজনীতি থেকে মাইনাস করতে এই বানোয়াট মামলা করেছিল।'

দুদকের আইনজীবী মীর আহমেদ আলী সালাম বলেন, এ মামলায় ২৫ জনের বিরুদ্ধে চার্জশিট দেয়া হয়েছিল। এর মধ্যে ১০ জন মারা গেছেন। বাকি ১৫ জনের মধ্যে দু'জন পলাতক রয়েছেন। 'আজকে ১৫ জনের বিষয়ে চার্জ গঠন শুনানি ছিল। প্রসিকিউশন থেকে আমরা চার্জশিটের বক্তব্য উপস্থাপন করেছি। আসামিপক্ষ বক্তব্য খণ্ডানোর চেষ্টা করেছে। বিজ্ঞ আদালত সবার কথা শুনেছেন এবং শুনে আদালত সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া, তৎকালীন কেবিনেটে থাকা খন্দকার মোশাররফ হোসেন, আমীর খসরু মাহমুদকে অব্যাহতি দিয়েছেন। এছাড়া বাকি ১২ জনের বিরুদ্ধে আদালত চার্জ গঠন করেছেন।'

২০07 সালের ২ সেপ্টেম্বর তেজগাঁও থানায় এ মামলা করেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) উপপরিচালক গোলাম শাহরিয়ার চৌধুরী। সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া, তার ছোট ছেলে আরাফাত রহমান কোকোসহ ১৩ জনকে সেখানে আসামি করা হয়।

মামলা হওয়ার পরদিন খালেদা জিয়া ও কোকোকে গ্রেপ্তার করা হয়। ওই বছরের ১৮ সেপ্টেম্বর মামলাটি অন্তর্ভুক্ত করা হয় জরুরি ক্ষমতা আইনে। পরের বছর ১৩ মে খালেদা জিয়াসহ ২৫ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দেয় দুদক। এ মামলার আসামি ২৫ জনের মধ্যে সাবেক মন্ত্রী এম সাইফুর রহমানসহ ৯ জন জন মারা গেছেন। এছাড়া জামায়াতে ইসলামীর সাবেক আমির মতিউর রহমান নিজামীর ফাঁসির রায় কার্যকর হওয়ায় তার নামও বাদ দেয়া হয়েছে।

মামলার অভিযোগে বলা হয়েছে, আসামিরা পরস্পর যোগসাজশে ঠিকাদারি কোম্পানি গ্যাটকোকে ঢাকার কমলাপুরে অভ্যন্তরীণ কনটেইনার ডিপো (আইসিডি) ও চট্টগ্রাম বন্দরের কনটেইনার হ্যান্ডলিংয়ের কাজ পাইয়ে

বাংলাদেশ সোসাইটির নির্বাচন রোববার

প্রথম পৃষ্ঠার পর

একজন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। নির্বাচনের সকল প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচন ঘিরে ভোট প্রার্থনায় প্যানেল দুটির প্রার্থীরা দ্বারে দ্বারে ঘুরছেন, করছেন সভা-সমাবেশ, চলছে শেষ মুহূর্তের প্রচারণা। গভীর রাত পর্যন্ত চলছে নানাভাবে প্রচারণা। বলা যায় সোসাইটির নির্বাচনী প্রচারণা এখন তুঙ্গে। ইসি জানিয়েছে এবারও সিটির ৫টি কেন্দ্রে ভোট গ্রহণ করা হবে এবং মেশিনে ভোট নেয়া হবে। খবর ইউএনএ'র।

এদিকে বাংলাদেশ সোসাইটির নির্বাচন ঘিরে কমিউনিটিতে নানা জল্পনা-কল্পনা চলছে। জ্যামাইকা থেকে ম্যানহাটান আর ব্রুকলীন থেকে ব্রঙ্কস মাঝে ওজনপার্ক, জ্যাকসন হাইটস, এস্টোরিয়া, ব্রঙ্কস প্রভৃতি এলাকায় দিন-রাত ছলছে উভয় প্যানেলের নির্বাচনী প্রচার-প্রচারণা। তবে সন্ধ্যাপর থেকে মধ্য রাত পর্যন্ত জমে উঠছে নির্বাচনী সভা, বৈঠক। পাশাপাশি চলছে রং বে রং-এর পোস্টারিং আর স্ট্রীট জনসংযোগ। চলছে সর্বশেষ সভা-সমাবেশ। কোথাও কোথাও নির্বাচনী সমাবেশ 'জনসভায়' রূপ নিচ্ছে। গত ১৯ অক্টোবর, শনিবার সন্ধ্যায় 'রুহুল-জাহিদ' প্যানেল ব্রুকলীনের রাজপথে প্যান্ডেল তৈরী করে দেশীয় স্টাইলে সোসাইটির ইতিহাসে প্রথমবারের মতো 'নির্বাচনী জনসভা' করেছে। যা অনেকেরই দৃষ্টি কেড়েছে। শীতের ঠান্ডা উপক্ষো করে এতে বিপুল সংখ্যক প্রবাসীর অংশগ্রহণ ছিলো লক্ষণীয়।

নির্বাচন বিষয়ে প্রধান জামাল আহমেদ জনি ইউএনএ প্রতিনিধিকে জানান, ৫টি ভোট কেন্দ্রে এবারের নির্বাচনের ভোট গ্রহণ করা হবে। কুইন্সে একাধিক ভোট কেন্দ্র ছাড়াও ব্রুকলীন, ব্রঙ্কস আর ওজনপার্কে ভোট কেন্দ্র স্থাপন করা হবে। তিনি বলেন, অতীতের মতো এবারের নির্বাচনও 'ফ্রি এন্ড ফেয়ার' হবে। এজন্য কমিশন সকল প্রস্তুতি চালিয়ে যাচ্ছে। চলছে পুলিং কর্মকর্তা নিয়োগ সহ অন্যান্য প্রস্তুতি। সবমিলিয়ে বলতে পারি সকল প্রস্তুতি-ই সম্পন্ন। উল্লেখ্য, ৭ সদস্যের কমিশনের অন্য সদস্যরা হলেন- আব্দুল হাকিম মিয়া, মোহাম্মদ আনোয়ার হোসেন, আব্দুল মান্নান, মোহাম্মদ হেলাল উদ্দিন, মাহবুবুর রহমান বাদল ও আহবাব চৌধুরী খোকন।

উল্লেখ্য, গত নির্বাচনে সোসাইটির ভোটার ছিলেন ২৭ হাজার ৫৫০জন। অতীতের মতো এবারের নির্বাচনেও বৃহত্তর সিলেটবাসী ও নোয়াখালীবাসী ছাড়াও চাঁদপুরবাসী, চট্টগ্রামবাসী ও মুন্সীগঞ্জ-বিক্রমপুরবাসী সহ বিভিন্ন আঞ্চলিক সংগঠনগুলো নেপথ্যে ভূমিকাও গণ্য হচ্ছে। ফলে সোসাইটির নির্বাচন ঘিরে দৃশ্যত বিভক্ত হয়ে পড়েছে কমিউনিটি নেতৃবৃন্দ। সেই সাথে চলছে পাল্টাপাল্টি সভা-সমাবেশ, বক্তৃতা আর পরস্পর বিরোধী প্রচারণা।

বাংলাদেশ সোসাইটি ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম ও সোসাইটির সাবেক কোষাধ্যক্ষ মোহাম্মদ আলীর নেতৃত্বে গঠিত হয়েছে 'সেলিম-আলী' প্যানেল। এই প্যানেলে রয়েছে সোসাইটির বর্তমান, সাবেক কর্মকর্তা ও নতুন মুখ।

'সেলিম-আলী' প্যানেলের প্রার্থীরা হলেন: সভাপতি- আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজজামান কামরুল, সাধারণ সম্পাদক- মোহাম্মদ আলী, সহকারী সাধারণ সম্পাদক- আবুল কালাম ভুইয়া, কোষাধ্যক্ষ- মফিজুল ইসলাম ভুইয়া রুমী, সাংগঠনিক সম্পাদক- ডিউক খান, সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, প্রচার ও জনসংযোগ সম্পাদক- রিজু মোহাম্মদ (বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত), সমাজকল্যাণ সম্পাদক- জামিল আনসারী, সাহিত্য সম্পাদক- মোহাম্মদ এ আখতার বাবুল, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- আশরাফ আলী খান লিটন, স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক- হাসান জিলানী এবং কার্যকরী সদস্য যথাক্রমে মোহাম্মদ সাদিক, আবুল কাশেম চৌধুরী, মনসুর আহমেদ, আল হারুন, জাহাঙ্গীর সোহরাওয়ার্দী ও হাসান খান।

নির্বাচন প্রসঙ্গে আতাউর রহমান সেলিম ও মোহাম্মদ আলী বলেন, সোসাইটির নির্বাচনে আমাদের প্রতিশ্রুতি কমিউনিটিকে ঐক্যবদ্ধ করে মূলধারায় শক্ত অবস্থান প্রতিষ্ঠা, নতুন প্রজন্মের সাথে সোসাইটির সেতু বন্ধন সুদৃঢ় করে গণমুখী, কল্যাণকর ও জবাবহিতামূলক সার্বজনীন সংগঠনে রূপান্তর করা।

অপরদিকে, সোসাইটিতে পরপর দুইবারের নির্বাচিত বর্তমান সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী ও বৃহত্তর নোয়াখালী সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক জাহিদ মিন্টুর নেতৃত্বে গঠিত হয়েছে 'রুহুল-জাহিদ' প্যানেল। সোসাইটির বর্তমান সভাপতি ও গ্রেটার নোয়াখালী সোসাইটি ইউএসএ'র সাবেক সভাপতি আব্দুর রব মিয়া সহ সোসাইটির বর্তমান, সাবেক কর্মকর্তা ও নতুন মুখ নিয়ে গঠন করা হয়েছে 'রুহুল-জাহিদ' প্যানেল।

'রুহুল-জাহিদ' প্যানেলের প্রার্থীরা হলেন: সভাপতি- রুহুল আমিন সিদ্দিকী, সিনিয়র সহ সভাপতি- ফারুক চৌধুরী, সহ সভাপতি- আমিনুল ইসলাম চৌধুরী, সাধারণ সম্পাদক- জাহিদ মিন্টু, সহ সাধারণ সম্পাদক- সরওয়ার খান বাবু, কোষাধ্যক্ষ- মোহাম্মদ নওশেদ হোসেন, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ এস সাদী, সাংস্কৃতিক সম্পাদক- মনিকা রায় চৌধুরী, সমাজসেবা সম্পাদক- নাদির আহমেদ আইয়ুব, সমাজসেবা সম্পাদক- রোমানা আহমদ, ক্রিড়া সম্পাদক ও আপ্যায়ন সম্পাদক- আলমগীর হোসেন, স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক- শাহনাজ হোসেন। কার্যকরি কমিটির সদস্য পদের প্রার্থীরা হলেন- মোহাম্মদ রব মিয়া, মোহাম্মদ তাজু মিয়া, এমডি এন ইসলাম, রফিকুল ইসলাম ডালিম ও সাইফুল ইসলাম। পরিচয় পর্ব শেষে সকল প্রার্থী অতি সংক্ষেপে নিজেদের নাম ও পরিচয় তুলে ধরেন। এই প্যানেলের ট্রাম্প কার্ড হিসেবে দেখা হচ্ছে তিন নারী প্রার্থীকে। এদের মধ্যে সমাজসেবা সম্পাদক রোমানা আহমদ হচ্ছেন বাংলাদেশ সোসাইটির মরহুম সভাপতি কামাল আহমেদের কন্যা।

নির্বাচন প্রসঙ্গে রুহুল আমীন সিদ্দিকী ও জাহিদ মিন্টু বলেন, সবার সহযোগিতায় ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে জনকল্যাণে পরিকল্পিত সৎ ও নিষ্ঠাবান 'বাংলাদেশ সোসাইটি ভবন ও কমিউনিটি সেন্টার' প্রতিষ্ঠাই আমাদের প্রধান নির্বাচনী প্রতিশ্রুতি।

রণাঙ্গনের উত্তপ্ত লড়াইয়ের মাঠ

প্রথম পৃষ্ঠার পর

কমালাকে দিয়েছে ২শ ৬১ এবং ট্রাম্পকে দেয়া হয়েছে ২শ ৪৬ ইলেক্টোরাল ভোট। বাকি মিশিগানের ১৫ এবং নর্থ ক্যারোলিনার ১৬ মোট ৩১ ইলেক্টোরাল ভোট নিয়ে হবে তুমুল ভোট যুদ্ধ। জর্জিয়া ও পেনসিলভেনিয়াতে উভয় পক্ষের চলছে মরণ কামড় প্রচারণা। আমেরিকার অধিকাংশ রাজ্যেই ভোটের কোন উত্তেজনা না থাকলেও ত্রাহি অবস্থা বিরাজ করছে সুইং স্টেটগুলোতে।

আগে থেকেই ধারণা করা হচ্ছিল, মার্কিন নির্বাচনে এবার পাদপ্রদীপের নীচে মিশিগান।আমেরিকাসহ পৃথিবীর সকল চোখ এখন গ্রেটলেক স্টেটের দিকে তাকিয়ে।এবার মুসলিম ভোটাররা নিয়ামক হয়ে উঠেছেন।প্রার্থীদের ঘুম হারাম করে দিয়েছে মধ্য পশ্চিম অঞ্চলের ব্যাটেল গ্রাউন্ড মিশিগান রাজ্যের প্রায় ৩ লক্ষাধিক মুসলিম ভোট।এই মুসলিম ভোটারদের মন-মর্জির উপর বহুলাংশে নির্ভর করছে হোয়াইট হাউসের ক্ষমতার মসনদ।এখানে বিপুল আরব-আমেরিকান জনগোষ্ঠীর পাশাপাশি রয়েছেন, বাংলাদেশী-আমেরিকান, বসনিয়ান, পাকিস্তানি, ভারতীয়সহ সাউথ এশিয়ান প্রচুর মুসলিম ভোটার।তাই মিশিগানের ১৫টি ইলেক্টোরাল ভোট এবার জয় পরাজয় নির্ধারণে মুখ্য ভূমিকা রাখবে এমনটাই মনে করছেন মার্কিন নির্বাচনী বিশ্লেষকরা।

গত ১৯ অক্টোবর শনিবার ১৫টি জরিপের ফলাফল পর্যালোচনা করে টু-সেভেন্টি টু উইন বলছে,ডেমোক্রাট প্রার্থী ভাইস প্রেসিডেন্ট কমালা হ্যারিসের ঘাড়ের উপর উতপ্ত নিশ্বাস ফেলছেন সাবেক প্রেসিডেন্ট রিপাবলিকান প্রার্থী ডনাল্ট ট্রাম্প।হারজিত এখনই বলা না গেলেও লড়াই হবে একেবারে হাড্ডাহাড্ডি।টু সেভেন্টি টু উইন-এর জরিপের ফল বলছে,মিশিগানে দুই প্রার্থী ৪৭ দশমিক ৮ পয়েন্ট পেয়ে সমানে সমান।এমন অবস্থায় সুইং রাজ্য নিয়ে উদ্বেগ-উৎকন্ঠা বাড়ছেই দুই শিবিরেই।মিশিগান জিততে মরিয়া তাঁরা।২২ অক্টোবর ড্রেটয়েটে কমালা হ্যারিসের নির্বাচনী র্যালীতে যোগদান করবেন এই সময়ের সবচেয়ে জনপ্রিয় সাবেক মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা দম্পতি।

যদিও জাতীয় পর্যায়ে জরিপের ফলাফলে কমালা ২ পয়েন্টে এগিয়ে রয়েছেন ট্রাম্পের চেয়ে।দ্য নিউইয়র্ক টাইমসের সর্বশেষ জরিপ বলছে,৭টি দোদুল্যমান রাজ্য বা সুইং স্টেটের মধ্যে কমালা হ্যারিস মিশিগান,উইসকনসিন, পেলসেলভেনিয়া ও নেভাদায় ১ পয়েন্টে এগিয়ে।পক্ষান্তরে প্রেসিডেন্ট ট্রাম্প নর্থ ক্যারোলিনা,জর্জিয়া এবং অ্যারিজোনায় যথাক্রমে ১ ও ২ পয়েন্টের ব্যবধানে অগ্রগামী।তবে কমালা হ্যারিসকে নির্বাচনে জিততে হলে অবশ্যই ৭ টি সুইং রাজ্যের কমপক্ষে এই ৩টি পেনসেলভেনিয়া,মিশিগান এবং উইসকনসিন জিতে আসতে হবে।আপাত দৃষ্টিতে যা খুব দূরহ বলে মনে হচ্ছে।

সাবেক প্রেসিডেন্ট ডনাল্ট ট্রাম্প ও ভাইস প্রেসিডেন্ট কমালা হ্যারিস যদি তাদের দলগত অবধারিত লাল নীল দেয়াল টপকে আসতে পারেন তাহলেও ৭টি সুইং স্টেট থেকে ট্রাম্পের ৫১ এবং কমালার ৪৪ ইলেক্টোরাল ভোট প্রয়োজন পড়বে ২৭০ ম্যাজিক সংখ্যার জন্য।১৮ অক্টোবর শুক্রবার ভাইস প্রেসিডেন্ট কমালা ও সাবেক প্রেসিডেন্ট ট্রাম্প মিশিগানে একাধিক সমাবেশে যোগ দিয়ে মিশিগানবাসীর মন গলাতে চেষ্টা করেন।

কমালা হ্যারিস মিশিগানের মুসলিম ভোটারদের আস্হায় আনতে সর্বাত্মক প্রয়াস অব্যাহত রেখেছেন।যদিও অনেক আরব-আমেরিকান নেতারা মধপ্রাচ্যে যুদ্ধ বিরতির অপেক্ষায় ডেমোক্রাট প্রার্থী ভাইস প্রেসিডেন্ট কমালাকে সমর্থন দেয়া স্হগিত রেখেছেন।তারপরও কমালা ওয়েইন কাউন্টির ডেপুটি এক্সিকিউটিভ আসাদ টারফের নাম উল্লেখ করে বলেছেন,তাঁর মত আরব-আমেরিকান নেতার সমর্থনকে তিনি স্বাগত জানান।

মিশিগানের প্রায় ৩ লক্ষাধিক মুসলিম ভোটার এবারের নির্বাচনে এক বিশাল শক্তি হয়ে আভির্ভূত হয়েছেন।এদের ভোটই হয়ত নির্ধারণ করবে কে হবেন আমেরিকার পরবর্তী প্রেসিডেন্ট !৮৩টি কাউন্টি নিয়ে গঠিত মিশিগান রাজ্যের সবচে জনবহুল কাউন্টি হচ্ছে ওয়েইন।তারপর ম্যাকম্ব এবং ওকল্যান্ড কাউন্টি।এই ৩টি কাউন্টিকে একত্রে মেট্রো ডেট্রয়েট বলা হয়।এই কাউন্টি গুলি মিশিগানে জয় পরাজয় নির্ধারণে নিয়ামক ভূমিকা পালন করে থাকে।২০১৬ সালে ডনাল্ট ট্রাম্প ম্যাকম্ব কাউন্টি দিয়ে বাজিমাত করেছিলেন।

মুসলিম ভোটারদের উদ্দেশ্য করে ডেমোক্রাট প্রার্থী কমালা হ্যারিস মধ্যপ্রাচ্যের দিকে ইঙ্গিত করে বলেন,আরব-আমেরিকানদের এখানে শক্তিশালী শেকড় প্রোথিত আছে এবং এজন্য আমি গর্বিত।আমি জানি গাজায় মৃত্যু ও ধ্বংসের মাত্রা এবং লেবাননে বেসামরিক হতাহত ও বাস্তুচ্যুত হওয়ার ঘটনা।যে কারণে এবছরটি খুবই কঠিন ছিল।তবে সিনওয়ারের মৃত্যু একটি টার্নিং পয়েন্ট হতে পারে স্হায়ী ভাবে যুদ্ধ বন্ধ করার জন্য।গাজায় যুদ্ধ শেষ করার,জিম্মিদের বাড়ীতে ফিরিয়ে আনতে এবং সকলের কষ্টের অবসান ঘটাতে এই সুযোগটি আমাদের অবশ্যই কাজে লাগাতে হবে।আমি বিশ্বাস করি এক্ষেত্রে কূটনীতিই হচ্ছে সর্বোত্তম পন্থা।তিনি বলেন আমি প্রেসিডেন্ট নির্বাচিত হলে এই লক্ষ্য অর্জনের জন্য আমার ক্ষমতার সবটুকু করব।

কমালা হ্যারিস ১৮ অক্টোবর শুক্রবাব গ্রান্ড রেপিডস,ওয়াটার ফোর্ড ও মিশিগানের রাজধানী লেনসিংয়ে পৃথক ৩ টি সমাবেশ যোগদান করেন।প্রায় একই সময়ে তাঁর প্রতিপক্ষ ডনাল্ট ট্রাম্পও মিশিগানের ৩টি আলাদ ভেন্যুতে যোগদেন।ট্রাম্প মুসলিম ও বাংলাদেশী অধ্যুষিত হ্যামট্রামিক, ড্রেটয়েট ও আরবান হিলের অনুষ্ঠানে অংশ নেন।হ্যামট্রামিক শহরের মেয়র আরব-আমেরিকান ডাঃ আমির গালিব ট্রাম্পকে সমর্থন দিয়েছেন এবং গতকাল ট্রাম্পের উপস্হিতে তাঁর ক্যাম্পেইন অফিস উদ্বোধন করা হয়।

ওয়াল্ড মোটর ক্যাপিটাল খ্যাত মিশিগান একটি নীল রাজ্য হিসাবে খ্যাত।১৯৯২ সালের পর ২০১৬সালে মিশিগান ডেমোক্রাটদের বিরুদ্ধে যায়।আবার পরের টার্মে ডেমোক্রাট শিবিরে ফিরে এসে প্রেসিডেন্ট বাইডেনকে বিপুল ভোটে নির্বাচিত করে।

২০১৬ সালে মাত্র ১০ হাজার ৭শ ভোটের ব্যবধানে ডনাল্ট ট্রাম্প হিলারী ক্লিনটনের কাজ থেকে মিশিগান ছিনিয়ে নিলে হোয়াইট হাউস হারান ডেমোক্রাটরা।সে সময় মিশিগানে ডেমোক্রাটদের হারার একমাত্র কারণ ছিল মিশিগান ডেমোক্রাটদের আছে এমন ধারণা থেকে মিশিগানকে গুরুত্ব না দেয়া।

এবার মিশিগানে ডেমোক্রাটদের এই ধ্বসের প্রধান ও প্রথম কারণ হচ্ছে তাদের মধ্যপ্রাচ্য নীতি এবং ইসরায়েলের প্রতি বাইডেন প্রশাসনের একচোখা ও বেপরোয়া সমর্থন।দ্বিতীয় যে কারণ সে প্রশ্নটা হচ্ছে,রক্ষনশীল আমেরিকান সমাজ চিন্তা চেতনা বা মননের দিক থেকে একজন নারী প্রেসিডেন্টকে মেনে নেয়ার জন্য মানসিক ভাবে সম্পূন্ন প্রস্তুত কি না ? ২০১৬ সালে হিলারী ক্লিনটনের পরজয়ের পেছেনেও এটি ছিল অন্যতম একটি কারণ।

ছাত্রলীগ নিষিদ্ধ

প্রথম পৃষ্ঠার পর

করার দাবি জানান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবন ঘেরাওয়ের ডাক দেন। রাত পৌনে ৯টায় বিশ্ববিদ্যালয়ের ভিসি চত্বরে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করেন তাঁরা।

এদিকে প্রজ্ঞাপন জারির পর গতকাল রাতে কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সহসভাপতি ইয়াজ আল রিয়াদকে রাজধানী থেকে গ্রেপ্তার করেছে ডিবি।

ছাত্রলীগ নিষিদ্ধের প্রজ্ঞাপনে বলা হয়েছে, বাংলাদেশের স্বাধীনতা-পরবর্তী বিভিন্ন সময়ে বিশেষ করে গত ১৫ বছরের স্বৈরাচারী শাসনামলে আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতিম সংগঠন ছাত্রলীগ হত্যা, নির্যাতন, গণরুমকেন্দ্রিক নিপীড়ন, ছাত্রাবাসে সিট-বাণিজ্য, টেন্ডারবাজি, ধর্ষণ, যৌন নিপীড়নসহ নানাবিধ জননিরাপত্তা বিঘ্নকারী কর্মকাণ্ডে জড়িত ছিল। এ সম্পর্কিত প্রামাণ্য তথ্য দেশের সব প্রধান গণমাধ্যমে প্রকাশিত হয়েছে এবং কিছু সন্ত্রাসী ঘটনায় সংগঠনটির নেতা-কর্মীদের অপরাধ আদালতেও প্রমাণিত হয়েছে। চলতি বছরের ১৫ জুলাই থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে সংগঠনটির নেতা-কর্মীরা আন্দোলনরত ছাত্রছাত্রী ও সাধারণ জনগণকে উন্মত্ত ও বেপরোয়া সশস্ত্র আক্রমণ করে শত শত নিরপরাধ শিক্ষার্থী ও ব্যক্তিকে হত্যা করেছে এবং আরও অসংখ্য মানুষের জীবন বিপন্ন করেছে।

প্রজ্ঞাপনে আরও বলা হয়, আওয়ামী লীগ সরকারের পতনের পরও ছাত্রলীগ রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলক, ধ্বংসাত্মক ও উসকানিমূলক কর্মকাণ্ড এবং বিভিন্ন সন্ত্রাসী কাজে জড়িত রয়েছে বলে সরকারের কাছে যথেষ্ট তথ্য-প্রমাণ রয়েছে। তাই সরকার সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯-এর ধারা ১৮-এর উপধারা (১)-এ প্রদত্ত ক্ষমতাবলে ছাত্রলীগকে নিষিদ্ধ ঘোষণা করল এবং ওই আইনের তফসিল-২-এ 'বাংলাদেশ ছাত্রলীগ' নামের ছাত্রসংগঠনকে নিষিদ্ধ সত্তা হিসেবে তালিকাভুক্ত করল।

এই একই ধারায় বিগত আওয়ামী লীগ সরকার গত ১ আগস্ট জামায়াত-শিবিরকে নিষিদ্ধ করে প্রজ্ঞাপন জারি করেছিল। তবে ড. ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার ক্ষমতায় আসার পর ২৮ আগস্ট সন্ত্রাসবিরোধী আইন, ২০০৯-এর ১৮(১) ধারার ক্ষমতাবলে ওই প্রজ্ঞাপন বাতিল করা হয়।

ছাত্রলীগকে নিষিদ্ধ করার সিদ্ধান্তের নিন্দা জানিয়ে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক বাহাউদ্দিন নাছিম বলেছেন, এই সিদ্ধান্তের মধ্য দিয়ে অন্তর্বর্তী সরকার মুক্তিযুদ্ধের চেতনা ও সংবিধানের ওপর আঘাত করেছে। অসৎ উদ্দেশ্য নিয়ে ক্ষমতাসীনেরা এই সিদ্ধান্ত নিয়েছেন। ছাত্রলীগ এই মাটির সংগঠন। এটি আছে এবং আগামী দিনেও থাকবে।

এদিকে এমন সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান গতকাল রাতে এক যৌথ বিবৃতিতে 'অবৈধ, অসাংবিধানিক, দেশবিরোধী' সরকারের পদত্যাগের দাবি জানান।

জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক সাব্বির আহমেদ আজকের পত্রিকাকে বলেন, 'দীর্ঘদিনের রাজনৈতিক সংগঠনকে নিষিদ্ধ করলেই নিষিদ্ধ হয়ে যাবে, তা বলা যাবে না। ছাত্রলীগের ইতিহাস আওয়ামী লীগের ইতিহাসের চেয়েও পুরোনো।' তিনি আরও বলেন, গত ১৬ বছরে ছাত্রলীগ যে কর্মকাণ্ড করেছিল, তার প্রতিশোধমূলক পদক্ষেপ হলো তাদের নিষিদ্ধ করা। সেই প্রতিশোধমূলক রাজনীতি করতে গিয়ে একটি প্রজ্ঞাপনের মাধ্যমে তাদের নিষিদ্ধ করা হয়েছে। নির্দিষ্ট সময় পরে তারা ফিরে আসতেও পারে আইনি মোকাবিলা করতে পারলে।

শেষ মুহূর্তে সেলিম-আলি প্যানেলের

প্রথম পৃষ্ঠার পর

আগে সোসাইটির সম্মানিত সদস্যদের কাছে এ অনিয়ম ও ভোটারদের উপেক্ষা করার বিচারের ভার ছেড়ে দিয়েছেন।

উল্লেখ্য সেলিম-আলি প্যানেলের প্রেসিডেন্ট পদপ্রার্থী আতাউর রহমান সেলিম নিউইয়র্কে একজন দক্ষ সংগঠক হিসেবে পরিচিত। তিনি এর আগে জালালাবাদ অ্যাসোসিয়েশন সহ বেশ কিছু সামাজিক সংগঠনে নেতৃত্ব দিয়েছেন। একজন উদ্যমী ব্যবসায়ী এবং সংগঠক হিসেবে তিনি সমাজকর্মকেই নিজের ব্রত বলে মনে করেন। তিনি বলেছেন, এবারের সোসাইটির নির্বাচনের মধ্য দিয়ে প্রবাসে বাংলাদেশের ছাতা সংগঠনটির নবযাত্রা শুরু হবে। অনুকরণীয় কাজ করে দৃষ্টান্ত স্থাপন করেই বাংলাদেশি জনসমাজকে যুক্তরাষ্ট্রে ভিন্ন ধাপের অগ্রযাত্রায় নিয়ে যাওয়াই হচ্ছে তাদের পরিকল্পনা। তিনি সম্মানিত ভোটারদের কোন ষড়যন্ত্র ও অপপ্রচারে কান না দিয়ে যোগ্য নেতৃত্বকে বেছে নেয়ার আহ্বান জানিয়েছেন।

একই প্যানেলের সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী দীর্ঘদিন থেকে সোসাইটির কাজ কর্মে নিজেকে দক্ষ এবং ন্যায়নিষ্ঠ একজন সংগঠক হিসেবে পরিচিত করেছেন। করোনা মহামারির সময় মোহাম্মদ আলী একজন নির্ভীক সংগঠক হিসেবে জনসমাজের পাশে ছিলেন সবসময়। সোসাইটির তহবিল সংরক্ষণেও রেখেছেন গুরুত্বপূর্ণ ভূমিকা। মোহাম্মদ আলী নিউইয়র্কে মূলধারার রাজনীতিবিদদের সাথে কাজ করে আসছেন দীর্ঘদিন থেকে। নির্বাচনের প্রাক্কালে দেয়া বক্তৃতায় তিনি বলেছেন, ৩০৭ ভোট আটকে দিয়ে তাদের বিজপয় ঠেকানো যাবে না। যারা সোসাইটির নেতৃত্ব কুক্ষিগত করে রাখতে চায়, সদস্যরা সংগঠনটিকে গতিশীল করার পক্ষে এবার একাট্টা রায় প্রদান করবেন বলে তিনি মনে করেন। মোহাম্মদ আলী বলেছেন, সোসাইটির নির্বাচন নিয়ে নেতিবাচক প্রচারণা যারা চালিয়েছেন, যারা ষড়যন্ত্র করে নির্বাচনে জয়ের চেষ্টা করছেন তাদের দিন শেষ হয়ে আসছে।

উল্লেখ্য নিজস্ব ভোট ব্যাংকের দিক থেকে সেলিম - আলী পরিষদ এমনিতেই এগিয়ে আছে বলে অনেকেই মনে করছেন। অন্যপক্ষও কম যান না। যেপক্ষই তাদের ভোট ব্যাংক ভোট কেন্দ্রে বেশি হাজির করাতে পারবেন, ফলাফল তাদের পক্ষেই যাবে বলে মনে করা হচ্ছে।

জমে ওঠেছে নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

আজ যেখানে কমলা এগিয়ে কাল সেখানে ট্রাম্প। এবারের নির্বাচন বিগত দিনের যে কোন নির্বাচনের থেকে ভিন্ন। বিশেষ করে আন্তর্জাতিক পরিসরে। সারা বিশ্বের দৃষ্টি এখন এ নির্বাচনের দিকে। রাজনৈতিক অনেক বিশ্লেষকের ধারণা এবারের নির্বাচনের ফলাফল বিশ্ব রাজনীতিতে বিরাট প্রভাব পড়বে। বিশেষ করে রাশিয়া ইউক্রেন যুদ্ধ, মধ্যপ্রাচ্যের গণহত্যা, জলবায়ু পরিবর্তন, অভিবাসন, বিশ্ব অর্থনীতিসহ বিভিন্ন বিষয়। কমলা হ্যারিস নির্বাচিত হলে তিনি হবেন আমেরিকার ইতিহাসে প্রথম নারী প্রেসিডেন্ট। মোট ৫৩৮টি ইলেকটরাল কলেজ ভোটের মধ্যে যিনি ২৭০টি ভোট পাবেন তিনিই হবেন আমেরিকার প্রেসিডেন্ট যিনি আগামী ৪ বছরের জন্য হবেন হোয়াইট হাউসের অধিকর্তা। জনমত জরিপে ট্রাম্প ও কমলা হ্যারিসের জনপ্রিয়তা খুব কাছাকাছি যা যে কোন সময় যে কারোরই পক্ষে বা বিপক্ষে যেতে পারে।

এবারের প্রেসিডেন্ট নির্বাচনে দোদুল্যমান অঙ্গরাজ্যগুলো জয় পরাজয় নির্ধারণ করবে বলে ইতিমধ্যেই সংবাদ শিরোনাম হয়েছে, দোদুল্যমান ৭টি অঙ্গরাজ্যে প্রার্থীরা একাধিকবার সভা, সমাবেশ করেছেন এবং আগামী কয়েকদিন এ অঙ্গরাজ্যগুলোতে ঝটিকা সফর করার কর্মসূচি রয়েছে। দোদুল্যমান অঙ্গরাজ্যগুলো হচ্ছে মিশিগান, এরিজোনা, জর্জিয়া, নাভাদা, নর্থ ক্যারোলিনা, পেনসিলভেনিয়া ও উইসকনসিন। এই ৭টি রাজ্যে রয়েছে ৯৩টি ইলেকটরাল কলেজ ভোট। এই ৭টি রাজ্যে যিনি জিতবেন তিনিই হবেন আমেরিকার পরবর্তী প্রেসিডেন্ট।

ভোটাররা এবার নির্বাচনে যে বিষয়গুলির উপর বেশী গুরুত্ব দিচ্ছেন সেগুলো হচ্ছে, অর্থনীতি, অভিবাসন, গণতন্ত্রের হুমকি, স্বাস্থ্য, হাউজিং, শিক্ষা, অপরাধ, গর্ভপাত বিষয়ক আইন, এছাড়াও মুদ্রাস্ফীতি, দ্রব্যমূল্যের উর্ধ্বগতিও ভোটাররা গুরুত্ব দিয়ে দেখছেন।

তীব্র লড়াইয়ের আভাস পাওয়া যাচ্ছে

প্রথম পৃষ্ঠার পর

হলো জর্জিয়া, অ্যারিজোনা, মিশিগান, নেভাদা, নর্থ ক্যারোলাইনা, পেনসিলভানিয়া ও উইসকনসিন। সম্প্রতি এসব রাজ্যের কৃষ্ণাঙ্গ ভোটারদের নিয়ে জরিপ করেছে হাওয়ার্ড বিশ্ববিদ্যালয়ের 'ইনিশিয়েটিভ অন পাবলিক অপিনিয়ন'।

আগামী ৫ নভেম্বরের নির্বাচনে কাকে ভোট দেবেন এমন প্রশ্নের ভিত্তিতেই ২ থেকে ৮ অক্টোবর পর্যন্ত এই জরিপ চালানো হয়েছে। জরিপে অংশ নিয়েছেন এসব অঙ্গরাজ্যের ৯৮১ জন কৃষ্ণাঙ্গ ভোটার। তাতে দেখা গেছে, জরিপে অংশগ্রহণকারী ৮৪ শতাংশ ভোটার কমলাকে ভোট দেওয়ার পরিকল্পনার কথা জানিয়েছেন। আর ৮ শতাংশ বলেছেন ট্রাম্পের কথা। বাকি ৮ শতাংশ এখনো সিদ্ধান্তই নেননি।

এবারের নির্বাচনে তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় কী, তা-ও জানতে চাওয়া হয়েছিল জরিপে অংশগ্রহণকারীদের কাছে। দেখা গেছে, কৃষ্ণাঙ্গ ভোটারদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ তিনটি বিষয় হচ্ছে গণতন্ত্র, ভোটাধিকার ও নির্বাচন। এর পরই রয়েছে অর্থনীতি ও গর্ভপাতের অধিকার। জরিপে অংশগ্রহণকারী কৃষ্ণাঙ্গদের ৬৩ শতাংশ বলেছেন, নভেম্বরের নির্বাচনে ভোট দিতে মুখিয়ে আছেন তাঁরা।

হ্যারিসের বিষয়ে তাদের অবস্থান কী জানতে চাইলে ৬১ শতাংশ কৃষ্ণাঙ্গ ভোটার বলেছেন, ভাইস প্রেসিডেন্ট কমলার মতের সঙ্গে তাদের মতের খুবই মিল রয়েছে। তবে ১৪ শতাংশ বলেছেন, তাঁদের মতের সঙ্গে কমলার মতের অনেক অমিল। অন্যদিকে ট্রাম্পের মতের সঙ্গে মিল থাকার কথা বলেছেন মাত্র ১০ শতাংশ কৃষ্ণাঙ্গ ভোটার। ট্রাম্পের মতের সঙ্গে কোনো মিল নেই মনে করেন ৭৪ শতাংশ।

কৃষ্ণাঙ্গ ভোটারদের মধ্যে গত সেপ্টেম্বরের চেয়ে অক্টোবরে কমলার জনপ্রিয়তা বাড়ার আভাসও পাওয়া গেছে জরিপে। গত মাসে হাওয়ার্ড ইউনিভার্সিটির করা জরিপে দেখা গিয়েছিল, দোদুল্যমান এসব রাজ্যের কৃষ্ণাঙ্গ ভোটারদের ৮২ শতাংশের সমর্থন পাবেন ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট প্রার্থী কমলা। এদিকে নির্বাচন যত ঘনিয়ে আসছে, কৃষ্ণাঙ্গ ভোটারদের মধ্যে ট্রাম্পের জনপ্রিয়তা আরও কমে যাচ্ছে।

গত মাসের জরিপে দেখা গিয়েছিল, দোদুল্যমান রাজ্যগুলোতে কৃষ্ণাঙ্গ ভোটারদের ১২ শতাংশ ট্রাম্পকে ভোট দেবেন বলে জানিয়েছেন। সর্বশেষ জরিপে সেই হার আরও কমে ১০ শতাংশে দাঁড়িয়েছে। তবে এসব রাজ্যে বয়স ৫০ বছরের কম এমন কৃষ্ণাঙ্গ পুরুষদের মধ্যে ট্রাম্পের সমর্থন বাড়ার ইঙ্গিত পাওয়া যাচ্ছে। এ বয়সী কৃষ্ণাঙ্গ পুরুষদের পাঁচজনে একজন ট্রাম্পকে ভোট দেবেন বলে জানিয়েছেন।

এই সপ্তাহে কমলা হ্যারিস ঘোষণা দিয়েছেন, তিনি প্রেসিডেন্ট নির্বাচিত হলে কৃষ্ণাঙ্গ পুরুষদের জন্য অর্থনৈতিক সুবিধা আরও বাড়াবেন। তাঁর এ ঘোষণার পর হাওয়ার্ড ইউনিভার্সিটির জরিপের ফলাফল প্রকাশ্যে এল। কমলা হ্যারিসের পরিকল্পনা অনুযায়ী, কৃষ্ণাঙ্গ উদ্যোক্তাদের জন্য ব্যবসায়িক ঋণের অংশবিশেষ বা পুরোটাই মওকুফ করা হবে। পাশাপাশি শিক্ষানবিশ ও মেন্টরশিপ কর্মসূচি চালু করা হবে।

জ্যামাইকা মুসলিম সেন্টারের সন্নিকটে বাংলাদেশি ডাক্তারদের দ্বারা পরিচালিত
মেডিকেল অফিস
We offer Quality Health Care
৮৭-৩১ ১৬৮ প্লেস, জ্যামাইকা নিউইয়র্ক-১১৪৩২
87-31, 168 Place, Jamaica NY 11432
৭১৮-২৯৭-৩২২০, ৭১৮-২৯৭-৩২২৬
718-297-3220, 718-297-3226

ডা: নাহরীণ মামুন এম.ডি
Board Certifieed Internal Medicine
& Women Health Expert
সময়: সোম, বুধ, শুক্র ও শনিবার সকাল ৯.৩০টা থেকে পূর্বের সময়ানুযায়ী
বাংলাদেশি মহিলা ডাক্তার

ডা: মো: ইউসুফ আল মামুন এম.ডি
Board Certified Geriatrics & Internal Medicine
(এসিস্ট্যান্ট প্রফেসর, কুইন্স হসপিটাল সেন্টার)
সময়: মঙ্গল ও বৃহস্পতিবার বিকাল ৫টা থেকে ৮টা, শনিবার দুপুর ১২টা থেকে ৫টা
ডা: আহমেদ কে আসলাম এম.ডি
হৃদরোগ বিশেষজ্ঞ (সকল প্রকার হার্ট ডিজিজের চিকিৎসা করেন)
আমাদের সেবা সমূহ:
- শারীরিক চেক আপ
- টি.এল.সি টেস্ট
- ডায়াবেটিস
- উচ্চ রক্তচাপ
- হাই কোলেস্টরেল
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
যাদের ইন্স্যুরেন্স নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়
Help with insurance problems and new applications
মেডিকেইড ও ফ্যামিলি হেলথ প্লাস পাওয়ার ব্যাপারে সাহায্য করে থাকি
All kinds of Medical Managements
PAP Smear, Blood Test, EKG Pregnancy Test, TB Test, TLC, Vaccinations
মহিলাদের সবধরনের শারীরিক চেকআপ, রক্তপরীক্ষা, ইকেজি, প্রেগনেন্সী টেস্ট
যক্ষা টেস্ট, টিকা এবং হজ্ব যাত্রীদের টিকা সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।
আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসকিপশন সংগ্রহ করে থাকি।
PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রঙ্কস, নিউইয়র্ক - ১০৪৬২

পূর্ণাঙ্গ প্যানেলে বিজয়ী হওয়ার প্রত্যাশা রুহুল আমিনের

প্রথম পৃষ্ঠার পর

বর্তমান সাধারণ সম্পাদক এবং রুহুল-জাহিদ প্যানেলের সভাপতি প্রার্থী রুহুল আমিন সিদ্দিকী। ২৩ অক্টোবর বুধবার একান্ত সাক্ষাৎকারে তিনি এ আশাবাদ ব্যক্ত করেন।

রুহুল আমিন সিদ্দিকী বলেন, ভোটার সংখ্যা নিয়ে বিভ্রান্তি ছড়ানোর চেষ্টা চলছে। গতবারের নির্বাচনেও ভোটারদের নিয়ে অনেক কথা হয়েছিলো, আমরা সেসবে কোনো গুরুত্ব দেইনি। আমরা জানি আমাদের ভোটার সংখ্যা কতটুকু। আমি আশা করি যারা সচেতন ভোটার, তারা এ সমস্ত বিভ্রান্তিতে পড়বেন না।

নির্বাচনের সাধারণ সম্পাদক প্রার্থী জাহিদ মিন্টুর মানবিক কার্যক্রমগুলো তুলে ধরে তিনি আরও বলেন, আমরা দীর্ঘদিন ধরে এই সোসাইটিতে সেবা দিয়ে আসছি। আমাদের কাজের মাধ্যমে প্রমাণ করেছি আমরা কতোটা দায়বদ্ধ। নিউইয়র্কসহ আমেরিকার মানুষজন জানেন প্রবাসীদের চিকিৎসা, বিভিন্ন সাহায্য সহযোগীতা এবং কমিউনিটির কল্যাণে আমরা কতটুকু দায়বদ্ধ।

কার্যক্রম ও সেবার গুনে ভোটাররা রুহুল-জাহিদ প্যানেলকে বিজয়ী করবে বলে মন্তব্য করে তিনি আরও বলেন, আমরা কখনও নিজেদের স্বার্থে কিছু করি না। বরং, প্রবাসী বাংলাদেশিদের জন্য সব সময় পাশে থাকি। আমরা বিশ্বাস করি জনগণ আমাদের সাথে রয়েছে এবং আমরা তাদের আস্থার মর্যাদা দিতে প্রস্তুত।

নির্বাচিত হলে সামনে ফের নির্বাচন করবেন কি-না এমন প্রশ্নের জবাবে রুহুল আমিন বলেন, আমার এ বছরও নির্বাচন করার কোন ইচ্ছে ছিলো না। কিন্তু আমার সহযোগী শুভাকাঙ্ক্ষীদের চাওয়া আমি ফেলতে পারিনি। আমাদের কিছু পরিকল্পনা রয়েছে এবার নির্বাচিত হলে একসাথে তা বাস্তবায়ন করতে চাই। এ সময় ভবিষ্যতে নির্বাচনে অংশগ্রহণে নিজের কোন ইচ্ছে নেই বলেও জানান তিনি।

সেই সাথে সব সময় বাংলাদেশ কমিউনিটির পাশে থেকে অতীতের ন্যায় কাজ করে যাওয়ার কথাও জানান তিনি।

প্রসঙ্গত, সামগ্রিক কল্যাণের অঙ্গিকারে ১৯৭৫ সালে 'বাংলাদেশ সোসাইটি' প্রতিষ্ঠিত হয়। এবারের নির্বাচনে ১৮ হাজার ৬১৩ ভোটার এবং সরাসরি দুইটি প্যানেল মাঠে রয়েছেন। একটির নেতৃত্বে রুহুল আমিন সিদ্দিকী এবং জাহিদ মিন্টু (রুহুল-জাহিদ প্যানেল) এবং আরেকটির নেতৃত্বে আতাউর রহমান সেলিম ও মোহাম্মদ আলী (সেলিম-আলী প্যানেল)।

নির্বাচন উপলক্ষে গত ৮ সপ্তাহ ধরে প্যানেলভিত্তিক প্রার্থীরা চষে বেড়াচ্ছেন বাংলাদেশি অধ্যুষিত এলাকা। পোস্টারে ছেয়ে গেছে নিউইয়র্ক সিটির বাংলাদেশি বাণিজ্যিক পাড়াসমূহে। টেলিফোনেও চলছে ভোট প্রার্থনা। রেস্টুরেন্টসমূহে এ উপলক্ষে বেচাকেনা বেড়েছে।

সাধারণ সম্পাদক পদে লড়ছেন জাহিদ মিন্টু

প্রথম পৃষ্ঠার পর

অক্টোবর। এ নির্বাচনে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করছে 'রুহুল-জাহিদ' ও 'সেলিম-আলী' প্যানেল। রুহুল-জাহিদ প্যানেল থেকে সাধারণ সম্পাদক পদে শক্ত প্রতিদ্বন্দ্বিতা করছেন জাহিদ মিন্টু। নির্বাচনে নিজের ও পূর্ণ প্যানেলে জয়ের ব্যাপারে শতভাগ আশাবাদ ব্যক্ত করেন বাংলাদেশ সোসাইটি নির্বাচনের এ সাধারণ সম্পাদক প্রার্থী।

জহিদ মিন্টু ১৯৯৫ সালে তার বাবার সাথে আমেরিকা আসেন। আমেরিকাতেই শিক্ষাজীবন শেষ করে কনস্ট্রাকশন ব্যবসায় গড়েন নিজের ক্যারিয়ার। শুরু করেন সমাজকর্মও। বৃহত্তর নোয়াখালী সোসাইটির সাধারণ সম্পাদক পদে নির্বাচনের মধ্য দিয়ে সামাজিক ও মানবিক কর্মকান্ডে নিজেকে নিয়োজিত করেন তিনি। দীর্ঘদিন বৃহত্তর নোয়াখালী সোসাইটিতে নেতৃত্ব দেয়ার পর বৃহত্তর নোয়াখালীসহ আমেরিকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের অনুপ্রেরণায় এবার অংশ নেন বাংলাদেশ সোসাইটির নির্বাচনে।

জাহিদ মিন্টু জানান, জনগণ আমাকে ভালোবেসে, আমার প্রতি আস্থা রেখে আমাকে প্রার্থী করেছে। আমি আশা করি নির্বাচনের দিন তারা আমাকে বিপুল ভোটে বিজয়ীও করবে। নির্বাচিত হলে আমি প্রবাসী বাংলাদেশীদের আশা আকাংখা পূরণে সর্বোচ্চ জোর দিব।

নির্বাচনের ফলাফল যদি বৈরীও হয় তবুও সোসাইটির জন্য কাজ করে যাবেন বলে উল্লেখ করে তিনি বলেন, নির্বাচন হলো একটি প্রতিযোগিতা। আর প্রতিযোগিতায় একপক্ষ হারবে, একপক্ষ জিতবে এটাই স্বাভাবিক বিষয়। এ নির্বাচনে আমরা জিতব। এ ব্যাপারে আমি শতভাগ আশাবাদি। তবুও কোন করণে যদি আমি হেরেও যাই, যারা জিতবে তারা যদি সমাজকর্ম করার জন্য আমাদের সহযোগিতা চায় আমরা ইনশাআল্লাহ আমাদের অবস্থান থেকে সহযোগিতা করব। আমরা জিতলেও উনাদের সাথে নিয়ে ভবিষ্যতের কাজগুলো করব।

বৃহত্তর নোয়াখালী সোসাইটিতে দীর্ঘদিন নেতৃত্ব দিলেও বাংলাদেশ সোসাইটিতে নতুন মুখ জাহিদ মিন্টু। একজন নতুন মুখকে জনগণ কেন প্রাধান্য দেবে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, বাংলাদেশ সোসাইটিতে আমি নতুন হলেও সমাজকর্মে নতুন না। অতীতে আমি জনকল্যাণে অনেক অবদান রেখেছি। বর্তমানেও কাজ করে যাচ্ছি। বাংলাদেশ সোসাইটিতে নতুন হলেও জনগণ আমাকে সাদরে গ্রহণ করবেন বলে আমার বিশ্বাস।

বাংলাদেশ সোসাইটির এ সাধারণ সম্পাদক প্রার্থী বলেন, বাংলাদেশ সোসাইটি সমগ্র বাংলাদেশীদের সংগঠন। আমি এখানে আঞ্চলিকতায় বিশ্বাস করে সাধারণ সম্পাদক হতে আসিনি। আমি বাংলাদেশ সোসাইটিতে এসেছি সকল বাংলাদেশীদের সেবা দেয়ার জন্য। শুধু আমি নই, রুহুল-জাহিদ পরিষদের প্রত্যেকটা সদস্য দীর্ঘদিন ঘরে কমিউনিটির মানুষদের কল্যাণে কাজ করে যাচ্ছে। আমরা নির্বাচিত হলে সুষমভাবে দায়িত্ব বণ্টন করে কাজ করতে প্রস্তুত আছি। কমিউনিটির মানুষদের সেবা প্রদানের সুযোগ দিতে রুহুল-জাহিদ প্যানেলকে ভোট দিতে বাংলাদেশ সোসাইটির সদস্যদের প্রতি আহবানও জানান তিনি।

বাংলাদেশ সোসাইটির নির্বাচনে কার্যকরী পরিষদের ১৯টি পদে ৩৭জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এছাড়াও 'সেলিম-আলী' প্যানেলের একজন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। এবারের নির্বাচনে মোট ভোটার প্রায় ১৯ হাজার। যার মধ্যে আজীবন সদস্য ৮৫৩ জন।



GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
HHA/PCA & CDPAP SERVICE
যারা হোম কেয়ার সার্ভিস পাচ্ছেন বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে পারেন আজই যোগাযোগ করুন
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
FREE
৫জি আনলিমিটেড ইন্টারনেটসহ স্যাংসাম গ্যালাক্সী ট্যাব সম্পূর্ণ ফ্রি

সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
CALL: (718) 775-7852

SHAH NAWAZ MBA
President & CEO
Cell: 646-591-8396
Email: info@goldenagehomecare.com

Jackson Hts Office	Bronx Office	Yonkers Office	Jamaica Ave. Office
71-24 35th Avenue	831 Burke Avenue	558 E Kimball Ave	180-15 Jamaica Ave
Jackson Hts, NY 11372	Bronx, NY 10467	Yonkers, NY 10704	Jamaica, NY 11432
Ph: 718-775-7852	Ph: 347-449-5983	Ph: 718-844-4092	Ph: 718-785-6883
Fax: 917-396-4115	Fax: 347-275-9834	Fax: 917-396-4115	Fax: 917-396-4115

www.goldenagehomecare.com

জব জবহেল্প জব
JOB HELP & APPLICATION PROCESSING SERVICES

সরকারি জব	বেসরকারি জব	এপ্লিকেশন প্রসেসিং
১. পোস্টাল জব	১.কাস্টমার সার্ভিস	১.নিউ পাসপোর্ট/নবায়ন
২. সিটি জব	২.অফিস অ্যাডমিন	২. ডুয়েল সিটিজেনশিপ
৩.সিভিল সার্ভিস জব	৩.ম্যানুফ্যাকচারিং জব	৩.পাসপোর্ট কারেকশন
৪.ইউ, এস, এ জব	৪. ডেলিভারি জব	৪. ফুড স্ট্যাম্প
৫.এম, টি , এ জব	৫. রেস্টুরেন্ট জব	৫.NYC হাউজিং /এফোর্ডএবল
৬. আই ,টি ইঞ্জিনিয়ার	৬. ট্রান্সপোর্টেশন জব	৬. মেইক রেজুমি /কভার লেটার

ট্রেনিং প্রোগ্রাম :
১।পোস্টাল জব (USPS)---(শনিবার—বৃহস্প তিবার)---------- (সঃ১০টা --বিঃ ৬টা)
২। ট্রাফিক এন.এজেন্ট -------------------------রবিবার -----------(বিঃ ২টা --বিঃ ৪টা)
৩।স্কুল সেফটি এজেন্ট --------------------মঙ্গলবার ------------(দু :১২টা --বিঃ ২টা)
৪ ।বেসিক কম্পিউটার ----------------- -------শনিবার------------(বিঃ৩ টা ---বিঃ ৫টা
৫।৬ঘন্টা ডি.ডি.সি (ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স)----------------(স: ১০টা --বিঃ ৬টা)
৬।ট্যুরস এন্ড ট্রাভেলস --(নায়গ্রাফলস/W .DC /PA/নিউ ইয়র্ক এর ২০ টি স্থানে 1/2/3/5 দিনের ভ্রমণ।

POSTAL JOB : (করণীয়):
১। একবার পাশ করলে ৫০টি স্টেটের যেকোনো স্টেটে জব নেয়া সম্ভব।
২। সব স্টেটে বেতন আউটডোর পজিশন 19.33/ঘণ্টা , ইনডোর পজিশন 20.05/ঘন্টা। পেনশন, প্রমোশন, ওভারটাইম, ছুটি, ইন্সুরেন্স, ইত্যাদি সকল সুবিধা বিদ্যমান।
৩। পরীক্ষায় খুব ভাল স্কোর নিয়ে পাশ করতে হয়।
৪। গ্রীন কার্ড /সিটিজেন (৫ বৎসরের রেসিডেন্স) বয়স কমপক্ষে ১৮ বৎসর ,উর্দ্ধসীমা নাই।
৫। এব্যাপারে এক্সাম এর জন্য"জব হেল্প "সেন্টারের সহযোগিতা নিতে পারেন।
৬। নিয়মিত জব সার্চ এর ব্যাপারে "জব হেল্প" থেকে প্রশিক্ষণ দেয়া হয়।
৭। একবার ফেল করলে বা ইমপ্রোভমেন্ট দিতে হলে ২ বৎসর অপেক্ষা করতে হয়।
৮। আবেদন দাখিলের পর নিয়মিত ই-মেইল চেক করতে হয়. ইন্টারভিউ, ড্রাগটেস্ট, এক্সেপ্ট/ডিক্লাইন , ব্যাক-গ্রাউন্ড চেক ও ফিঙ্গারপ্রিন্ট এর ব্যাপারে অত্র প্রতিষ্টান জব পাওয়ার পূর্ব পর্যন্ত সার্বিক সহযোগিতা দিয়ে থাকে।

Job Help –Mob: **917-500-3937** Off: PH/FAX: **917-300-6160**
148-45, Hillside Ave(2nd FL), Suite 203(A), Jamaica, NY 11435 By 'F' Train or BusQQ40,Q43,Q44,Q20A,Q20B to Sutphin Blvd.

জান্নাত ফার্মেসি
(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)
GRAND RE-OPENING SALES

আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড
72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com
ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm
উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017
জামাইকার সাটফিন বুলবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত
আস্-সালাম ফার্মেসি

(সাটফিন বুলভার্ড, এফ ট্রেনের সাবওয়ে এবং তাজমহল রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ, জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ফোন: ৭১৮-২৯১-০৭১৭

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার

Akash Ferdaus MD
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার	পায়ের ডাক্তার
Sudhesh Srivastava MD	Dr. M Nayeem
Cardiologist	Podiatric Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM
79 Church Avenue, Brooklyn, NY 11218

নিউ ইয়র্কবাসীর জীবনমান উন্নয়নে- 'অপারেশন রিস্টোর রুজভেল্ট'

এইচ বি রিতা



রুজভেল্ট এভিনিউকে পরিচ্ছন্ন এবং নিরাপদ করে তুলতে 'অপারেশন রিস্টোর রুজভেল্ট' নামের একটি ব্যাপক কার্যক্রম ঘোষণা করা হয়েছে। রোজভেল্ট এলাকায় অপরাধ এবং বিশৃঙ্খলা নিয়ন্ত্রণে আনতে শহরের বিভিন্ন সরকারি সংস্থা এবং আইন প্রয়োগকারী বাহিনীর সাথে অ্যাডামস্ প্রশাসন যৌথভাবে কাজ করছে। সোমবার, অক্টোবর ২১, কমিউনিটি অপ:এড-এ নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস্ এ কথা জানান।

অ্যাডামস্ বলেন, "নিউইয়র্ক সিটির অন্যতম বৈচিত্র্যময় এলাকা হিসেবে পরিচিত কুইন্সের রুজভেল্ট এভিনিউ, যেখানে সেভেন ট্রেনের চলাচল, সম্প্রতি শহরের ক্রমবর্ধমান অপরাধ এবং বিশৃঙ্খলার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। এখানে অবৈধ পতিতালয়, অননুমোদিত ব্যবসা, এবং লাইসেন্সবিহীন খাবারের স্টলগুলোর মাধ্যমে অপরাধমূলক কর্মকাণ্ড বেড়ে গিয়েছে, যা এলাকার জীবনযাত্রার মানকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করেছে। সেই উদ্দেশ্যেই আমরা এনওয়াইপিডি-এর নেতৃত্বে 'অপারেশন রিস্টোর রুজভেল্ট' চালু করেছি।"

এর আগে জানুয়ারিতে, এ এলাকায় অ্যাডামস্ প্রশাসন ১২টি অবৈধ পতিতালয় বন্ধ করেছে। এ বছর এখন পর্যন্ত, এনওয়াইপিডি ৩,০০০টিরও বেশি গ্রেপ্তার সহ ৯,৫০০টিরও বেশি সমন জারি করেছে। অ্যাডামস্ বলেন, "শুধু গ্রেপ্তার বা সমন জারি করলেই সমস্যার সমাধান হবে না; সমস্যার মূলে পৌঁছাতে হলে আমাদের সরকারি সংস্থাগুলোর মধ্যে সমন্বয় করে কাজ করতে হবে।"

এই অভিযানে যুক্ত রয়েছে এনওয়াইপিডি, এফডিএনওয়াই, বিল্ডিং ডিপার্টমেন্ট, স্যানিটেশন বিভাগ, গৃহহীন সেবা বিভাগ, স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ, পার্ক বিভাগ, স্যানিটেশন বিভাগ, ছোট ব্যবসা সেবা বিভাগ, পরিবহন বিভাগ, মেয়র অফিসের ডোমেস্টিক এন্ড জেন্ডার বেসড ভায়োলেন্স এবং কমিউনিটি মেন্টাল হেলথ অফিস। অংশীদাররা এমটিএ, নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং কুইন্স কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিস থেকেও এই প্রচেষ্টায় যুক্ত হয়েছে।

অ্যাডামস্ বলেন, "আমরা জানি, আমাদের সবার একসাথে কাজ করা জরুরি, যেন এই অবৈধ দেহব্যবসা বন্ধ করা যায়, মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা প্রদান করা যায়, এবং এলাকাটির বাসিন্দা ও ব্যবসায়ীরা চুরি ও অবৈধ ব্যবসায়ীদের সমস্যায় না পড়ে নিরাপদে জীবনযাপন ও কাজ করতে পারেন।"

অপারেশন রিস্টোর রুজভেল্ট- ১৪তম স্ট্রিট এবং মিডটাউনে চালু করা জননিরাপত্তা এবং জীবনযাত্রার মান উন্নয়নের উদ্যোগের উপর ভিত্তি করে ব্লক ধরে ধরে এবং এলাকা ধরে ধরে সম্প্রসারণ করছে, যাতে নিউইয়র্ক সিটি একটি পরিচ্ছন্ন এবং নিরাপদ স্থান হিসেবে গড়ে উঠতে পারে, যেখানে পরিবারগুলি উন্নতি করতে পারে।

অ্যাডামস্ বলেন, "আমি গর্বিত যে, আমাদের প্রচেষ্টার ফলস্বরূপ, নিউইয়র্ক সিটিতে গত নয় মাস ধরে অপরাধ কমছে, এবং সামগ্রিকভাবে অপরাধের হারও হ্রাস পাচ্ছে। হত্যাকাণ্ড, ডাকাতি, বড় চুরি এবং গাড়ি চুরির সংখ্যা এই বছর কমে গেছে। এছাড়াও, পরিবহন অপরাধও কমেছে। এসব উল্লেখযোগ্য অর্জন আমাদের কঠোর পরিশ্রম এবং সমন্বিত কর্মের ফল।

নতুন বাংলাদেশ গড়ার অঙ্গীকারে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব

সালাহউদ্দিন আহমেদ

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে দীর্ঘ প্রায় ১৬ বছর পর স্বৈরাচার সরকারের পতনের প্রতিষ্ঠিত বৈষম্যহীন নতুন বাংলাদেশ গড়ার অঙ্গীকারে প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হলো নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকী। এ উপলক্ষ্যে ১৩ অক্টোবর রোববার সন্ধ্যায় নিউইয়র্ক সিটির কিউ গার্ডেনের আগ্রা প্যালেসে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রবাসী বাংলাদেশী সাংবাদিক, ক্লাব সদস্য আর কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিদের অংশগ্রহণে অনুষ্ঠানটি প্রাণবন্ত হয়ে উঠে। অনুষ্ঠানমালার মধ্যে ছিলো শুভেচ্ছা বিনিময়, ক্লাবের নতুন সদস্যদের ফুল দিয়ে বরণ, সংক্ষিপ্ত বক্তব্য, সঙ্গীত আর নৈশভোজ।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মুঃ ফখরুল ইসলাম মাসুম। এরপর বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশনের পর বিশ্বে নিহত সকল সাংবাদিকদের স্মরণে এক মিনিট নিরবতা পালন করা হয়। এতে স্বাগত বক্তব্য রাখেন ক্লাবের সাবেক সভাপতি ও প্রতিষ্ঠাবার্ষিকী আয়োজক কমিটির আহবায়ক ডা. ওয়াজেদ এ খান। পরবর্তীতে ক্লাবের নতুন উপদেষ্টামন্ডলী ও নতুন সদস্যদেরকে পরিচয় করিয়ে দেন ক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম। তাদের ফুল দিয়ে বরণ করেন সাবেক সভাপতি আবু তাহের ও ডা. ওয়াজেদ এ খান, সিনিয়র সাংবাদিক জয়নাল আবেদীন, ক্লাবের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মজুমদারসহ কার্যকরী কমিটির সদস্যবৃন্দ।

এরপর ক্লাবের উপদেষ্টা, কর্মকর্তা ও সদস্যদের মধ্য থেকে সংক্ষিপ্ত শুভেচ্ছা বক্তব্য রাখেন উপর্দেষ্টা মনজুর আহমদ, মাঈনুদ্দীন নাসের, মাহমুদ খান তাসের ও এবিএম সালেউদ্দিন, প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক সভাপতি আবু তাহের, প্রতিষ্ঠাতা সদস্য ও সাবেক সহ সভাপতি রিমন ইসলাম, ক্লাব সদস্য ড. কনক সারোয়ার, ইমরান আনসারী, ফরিদ আলম ও শেখ খোরাশান এবং নতুন সদস্যদের মধ্য থেকে বক্তব্য রাখেন ইলিয়াস হোসেন।

এছাড়াও আমন্ত্রিত অতিথিদের মধ্য থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা ড. আবু জাফর মাহমুদ, বাংলাদেশ সোসাইটির প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমেদ জনি, বিশিষ্ট ব্যবসায়ী ও মূলধারার রাজনীতিক গিয়াস আহমেদ, কুইন্স ডেমোক্র্যাট পার্টির ডিস্ট্রিক্ট লীডার এট লার্জ এটর্নী মঈন চৌধুরী, অ্যাসাল-এর ন্যাশনাল সভাপতি মাফ মিসবাহ উদ্দিন, 'ব্লাক ডায়মন্ড' খ্যাত জনপ্রিয় সঙ্গীত শিল্পী বেবী নাজনীন, যমুনা টিভি'র বিশেষ প্রতিনিধি আব্দুল্লাহ তুহিন, বিশিষ্ট রাজনীতিক এএসএম রহমতউল্লাহ ভূইয়া, বাংলাদেশ সোসাইটির নির্বাচনে প্রতিদ্বন্ধীতাকারী 'রুহুল-জাহিদ' প্যানেলের সভাপতি পদপ্রার্থী রুহুল আমীন ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী জাহিদ মিন্টু। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ক্লাবের যুগ্ম সম্পাদক ও প্রতিষ্ঠাবার্ষিকী আয়োজক কমিটির সদস্য সচিব আলমগীর হোসেন সরকার ও কার্যকরী পরিষদ সদস্য রওশন হক। স্বাগত বক্তব্যে ডা. ওয়াজেদ এ খান ক্লাব প্রতিষ্ঠার অন্যতম পূরধা, ঢাকাস্থ জাতীয় প্রেসক্লাবের সাবেক সভাপতি মরহুম ফাজলে রশীদকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে ক্লাব প্রতিষ্ঠার ইতিহাস সংক্ষেপে তুলে ধরেন।

বাফেলোতে ভলান্টিয়ার্স কমিটি করে 'ভ্রাম্যমান কনসুলেট সেবা'র দাবি

উত্তর আমেরিকা ডেস্ক

১৮ অক্টোবর শুক্রবার সন্ধ্যায় বাফেলো শহরের বাংলাদেশ প্লাজার বাফেলো বাংলা অফিসে সচেতন প্রবাসী বাংলাদেশী নেতৃবৃন্দের আয়োজনে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

কমিউনিটির বিভিন্ন সেক্টর থেকে নেতৃবৃন্দ এই সাংবাদিক সম্মেলনে যোগদান করেন। শেখ হাসিনা পতনের দাবিতে সাম্প্রতিক জুলাই-আগস্টের ছাত্র বিক্ষোভে অংশ নেয়া কোমলমতি ছাত্র জনতার উপরে বাফেলো বাংলাদেশ সোসাইটির কর্ণধার ও আওয়ামী নেতৃবৃন্দের প্রকাশ্য হামলার কারণে যেই বিতর্কের শুরু হয়েছিল সেই বিতর্ক যেন কমিউনিটির কোথাও প্রভাব ফেলতে না পারে সেই জন্য কোন সংগঠনের ব্যানারে নয় বরং একটি "সার্বজনীন ভলান্টিয়ার্স কমিটির" মাধ্যমে এই সেবা দেয়া হলে সকলের কাছে বেশী গ্রহণযোগ্য হবে বলে সাংবাদিক সম্মেলনে জানানো হয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন পিবিসি টুয়েন্টিফোর টেলিভিশনের প্রধান সম্পাদক মতিউর রহমান লিটু, কুমিল্লা সোসাইটি অফ বাফেলোর সভাপতি হাবিবুর রহমান (হাবিব), যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক প্রচার সম্পাদক নাজমুল আলাম, শারীরিক অসুস্থতার কারণে উপস্থিত হতে না পারলেও সাংবাদিক সম্মেলন আয়োজনের অন্যতম কারিগর ছিলেন ঢাকা মহানগর তাঁতীদলের সাবেক সদস্যসচিব আব্দুর রহিম, নিউইয়র্ক মহানগর বিএনপি দক্ষিণের সাবেক সদস্য তরিকুল ইসলাম প্রিন্স মৃধা, নিউইয়র্ক মহানগর বিএনপি উত্তরের সাবেক সদস্য আবু জাফর ফরাজী, বাফেলো সিটি হলে কর্মরত ও কমিউনিটি একটিভিস্ট মোস্তাফা জাবেদ, বরিশাল বিভাগীয় সোসাইটি অফ বাফেলোর সভাপতি সৈয়দ ঝিলু, বরিশাল বিভাগীয় সোসাইটির সাধারণ সম্পাদক মাসুম বিল্লাহ, বিশিষ্ট কম্পিউটার প্রোগ্রামার ও কমিউনিটি একটিভিস্ট মোঃ জিন্নাহ, বাফেলো বিএনপি নেতা মোঃ জাইদ বিশ্বাস, বাফেলো বিএনপি নেতা ও ঢাকা সমিতি বাফেলোর অন্যতম নেতা সালমান সরকার, বাফেলো বি এন পি নেতা মনির আহসান, বাফেলো বিএন পি নেতা তোফাজ্জল হোসেন, ঢাকা কলেজের সাবেক ছাত্রদল নেতা আকবর হোসেন, সানজিদ, আল মুনছুর সহ আরো অনেকে।

বাংলাদেশ সোসাইটির ব্যানারে প্রতিবছর ভ্রাম্যমান কনসুলেট সেবা দেয়ার কারণে বাফেলোবাসী ব্যাপক সুফল পেয়ে আসছিলেন এতে কোন সন্দেহ নেই। কিন্তু বাংলাদেশ সোসাইটির নেতৃবৃন্দ যারা মূলত বাফেলো আওয়ামীলীগের নেতা, গত জুলাই আগস্ট মাসের ছাত্র জনতার আন্দোলনে ৩০ জুলাই বেইলি এভিউনিউর বিক্ষোভস্থলে প্রকাশ্যে ছাত্র জনতার উপর হামলা করেছিলেন এবং পুলিশি হস্তক্ষেপে সেটা নিরসন হয়েছিল। এই হামলা ছিল কমিউনিটির জন্য একটি কলংকজনক অধ্যায়। এই হামলার কোন প্রভাব যেন ভ্রাম্যমান কনসুলেট সার্ভিসকে কলংকিত করতে না পারে সেজন্য সকল আঞ্চলিক সংগঠনের নেতৃবৃন্দকে নিয়ে একটি ভলান্টিয়ার কমিটি গঠনের মাধ্যমে সেবা দেয়ার আবেদন জানানো হয় এবং কোনো ষড়যন্ত্র যেন এই সার্ভিস বন্ধ করতে না পারে সেজন্য ছাত্র জনতার আন্দোলনে মুখ্য ভূমিকা পালনকারী তরুণ সমাজকে এগিয়ে আসার আহবান জানানো হয়েছে।

তরুণ সমাজ যে কোনভাবেই হোক সমন্বয় করে নতুন একটি ভলান্টিয়ার্স কমিটি গঠন করবে এবং সেই কমিটির মাধ্যমে সেবা দেয়ার আহবান জানানো হয়েছে। তবে কোন প্রকার সময় ক্ষেপন না করার আহ্বান জানানো হয়েছে।

যদিও কয়েকদিন আগে বাংলাদেশ

কানাডার কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে ভিসা সহজীকরণে জোর সেনাপ্রধানের

ঢাকা ডেস্ক

বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য শিক্ষার্থী ভিসা ‘সহজতর ও ত্বরান্বিত’ করার পাশাপাশি কর্মরত ও সাবেক সামরিক কর্মকর্তাদের জন্য ভিসার গুরুত্ব তুলে ধরেছে বাংলাদেশ।

পাশাপাশি সামরিক প্রতিষ্ঠানগুলোর মধ্যে প্রশিক্ষণ বিনিময় সম্প্রসারণসহ প্রতিরক্ষা সহযোগিতা বাড়ানোর পথও প্রশস্ত হয়েছে এই আলোচনার মাধ্যমে এবং বহুমুখী দিক থেকে দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদারে নতুন দিগন্ত অন্বেষণের উপায় নিয়ে আলোচনা করেছে বাংলাদেশ ও কানাডা।

বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামানের কানাডা সফরকালে এসব বিষয়ে আলোচনা হয়।

সেনাপ্রধান গতকাল বুধবার রাজধানী অটোয়ায় পৌঁছালে কানাডার প্রিভি কাউন্সিল অফিসের পরিচালক ও বাংলাদেশে নিযুক্ত কানাডার হাইকমিশনার অজিত সিং তাঁকে স্বাগত জানান।

সেনাবাহিনীর প্রধান ও হাইকমিশনার উভয়েই বাংলাদেশের সব নাগরিকের জন্য ভিসাসংক্রান্ত বিষয়গুলো নিয়ে আলোচনা করেন।

সফরকালে কানাডার ভাইস চিফ অব ডিফেন্স স্টাফ লেফটেন্যান্ট জেনারেল স্টিফেন আর কেলসি এবং কানাডা-বাংলাদেশ পার্লামেন্টারি ফ্রেন্ডশিপ গ্রুপের ভাইস-চেয়ার ও নাগরিকত্ব ও অভিবাসনবিষয়ক স্থায়ী কমিটির সদস্য সালমা জাহিদ এমপির সঙ্গে সাক্ষাৎ করেন বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান।

সেনাপ্রধান ও সেনা কর্মকর্তাদের অপসারণের তালিকা নিয়ে ওয়াশিংটন পোস্টের নামে ভুয়া প্রতিবেদন প্রচারসেনাপ্রধান ও সেনা কর্মকর্তাদের অপসারণের তালিকা নিয়ে ওয়াশিংটন পোস্টের নামে ভুয়া প্রতিবেদন প্রচার

কানাডার সংসদ সদস্য সালমা জাহিদ গতকাল সকালে জেনারেল ওয়াকার-উজ-জামানের সঙ্গে সাক্ষাৎ করেন এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন।

জেনারেল ওয়াকার-উজ-জামান বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য ছাত্র ভিসাসহ কর্মরত ও সাবেক সামরিক কর্মকর্তাদের জন্য ভিসা সহজতর ও ত্বরান্বিত করার গুরুত্ব তুলে ধরেন। তিনি তরুণদের উন্নয়নে অন্তর্বর্তী সরকারের অগ্রাধিকারের কথা তুলে ধরেন এবং উভয় দেশের পারস্পরিক সুবিধার কথা উল্লেখ করে আরও বেশি শিক্ষার্থী ভিসা সহজতর করার বিষয়ে কানাডার সহায়তা কামনা করেন।

সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান ও কানাডার ভাইস চিফ অব ডিফেন্স স্টাফ লেফটেন্যান্ট জেনারেল স্টিফেন আর কেলসি। ছবি: সংগৃহীত

কানাডার বিদ্যমান আবাসন সংকটের কারণে এ ক্ষেত্রে চ্যালেঞ্জ রয়েছে বলে স্বীকার করেন সালমা জাহিদ।

দ্রুত ভিসা প্রক্রিয়ার জন্য বাংলাদেশি শিক্ষার্থীদের কানাডায় মনোনীত প্রতিষ্ঠানে আবেদন করার জন্য উৎসাহিত করেন। একই সঙ্গে বিদেশি শিক্ষার্থী ভর্তির বর্তমান সীমাবদ্ধতাগুলো মোকাবিলায় সমাধান খুঁজে বের করার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন তিনি।

এ ছাড়া শিক্ষা বিনিময় কর্মসূচিতে যৌথ সহযোগিতা এবং কানাডা ও বাংলাদেশের বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের সম্ভাবনা নিয়েও আলোচনা হয়।

এ ছাড়া তাঁরা কৃষি ও অবকাঠামো উন্নয়নে সহযোগিতার সম্ভাবনা নিয়েও আলোচনা করেন।

জেনারেল ওয়াকার-উজ-জামান কানাডার আবাসন সংকট মোকাবিলায় সহযোগিতার প্রস্তাব করেন। পাশাপাশি সেবাপ্রদানকারী পাঠানোসহ কানাডার স্বাস্থ্যসেবার খাতে সহায়তায় বাংলাদেশের প্রস্তুতির কথা উল্লেখ করেন সেনাবাহিনীর প্রধান।

লেফটেন্যান্ট-জেনারেল কেলসির সঙ্গে পৃথক বৈঠকে জেনারেল ওয়াকার-উজ-জামান কর্মরত ও অবসরপ্রাপ্ত উভয় বাংলাদেশি সামরিক কর্মীদের জন্য ভিসা প্রক্রিয়াকরণ সহজ করার পক্ষে পরামর্শ দেন। কানাডায় বাংলাদেশ হাইকমিশন সূত্র জানায়, তিনি ভিসা প্রদানের জন্য নিয়মতান্ত্রিক পদ্ধতির ওপর জোর দেন এবং সাধারণীকরণ বা স্টেরিওটাইপিং ছাড়াই দ্বিপক্ষীয় পরামর্শের মাধ্যমে পৃথক ক্ষেত্রে সমস্যা থাকলে তা সমাধান করার প্রস্তাব করেছিলেন।

সেনাবাহিনীর প্রধান উভয় দেশের সামরিক বাহিনীর সদস্যদের পেশাগত উন্নয়ন জোরদারের লক্ষ্যে ন্যাশনাল ডিফেন্স কলেজ (এনডিসি) এবং স্টাফ কলেজগুলোতে অফিসার বিনিময়ের মাধ্যমে সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

কানাডায় বাংলাদেশের হাইকমিশনার নাহিদা সোবহান, ব্রিগেডিয়ার জেনারেল এস এম আসাদুল হক এবং মেজর মোহাম্মদ শোয়েব রিফাত অমি দুটি বৈঠকেই অংশ নেন।



BANGLADESH SOCIETY INC, ELECTION 2024
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
নির্বাচন ২৭ অক্টোবর ২০২৪
আমাদের প্রতিশ্রুতি কমিউনিটিকে ঐক্যবদ্ধ করে মূলধারায় শক্ত অবস্থান প্রতিষ্ঠা, নতুন প্রজন্মের সাথে বাংলাদেশ সোসাইটির সেতুবন্ধন সুদৃঢ় করে সোসাইটিকে আরো গণমুখী, কল্যাণকর ও জবাবদিহিতামূলক সার্বজনীন সংগঠনে রূপান্তর করা
সেলিম–আলী
পরিষদে ভোট দিন
A1
আতাউর রহমান সেলিম
সভাপতি
Athaur Rahman Salim
President
A4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক
Mohammad Ali
General Secretary
A2
মোঃ মহিউদ্দিন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি
Md. Mohiuddin Dewan
Senior Vice President
A3
কামরুজ্জামন কামরুল
সহ-সভাপতি
Mohammad Kamruz Zamani
Vice President
A5
আবুল কালাম ভূইয়া
সহ-সাধারণ সম্পাদক
Abul Kalam Bhulyan
Asst. General Secretary
A6
মফিজুল ইসলাম ভূইয়া (রুমি)
কোষাধ্যক্ষ
Mafijul Islam Bhulyan (Rome)
Treasurer
A7
ডিউক খান
সাংগঠনিক সম্পাদক
MD Z.H. Khan (Duke Khan)
Organizing Secretary
A8
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক
Mostofa A. Raj
Cultural Secretary
নির্বাচিত
রিজু মোহাম্মদ
জন সংযোগ ও প্রচার সম্পাদক
Rezu Mohammed
Public & Publicity Secretary
A10
জামিল আনসারী
সমাজকল্যাণ সম্পাদক
Md. Jamil Ansary
Social Welfare Secretary
A11
মোঃ আক্তার বাবুল
সাহিত্য সম্পাদক
Mohammed A. Akhter
Literary Secretary
A12
আশ্রাব আলী লিটন
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
Md. Asrab Ali Khan
Sports & Entertainment Sec
A13
মোহাম্মদ হাসান (জিলানী)
স্কুল ও শিক্ষা সম্পাদক
Mohammed Hassan
School & Education Sec
A14
মোঃ সিদ্দিক পাটওয়ারী
কার্যকরী সদস্য
Md. A. Siddique
Executive Member
A15
হারুন চেয়ারম্যান
কার্যকরী সদস্য
Harun Chairman
Executive Member
A16
আবুল কাশেম চৌধুরী
কার্যকরী সদস্য
Abul Kashem Chowdhury
Executive Member
A17
জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী
কার্যকরী সদস্য
Jahangir Shahid Suhrawardhy
Executive Member
A18
মুনসুর আহমেদ
কার্যকরী সদস্য
Mansur Ahammad
Executive Member
সেলিম–আলী পরিষদে
আপনার ভোট দিন
PLEASE VOTE FOR SELIM-ALI PANEL
প্রচারে: সেলিম–আলী নির্বাচন পরিচালনা কমিটি
A19
হাসান খান
কার্যকরী সদস্য
Hasan Khan
Executive Member
PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A19) FOR SELIM-ALI PANEL

Foot Specialist
ALAM PODIATRY
পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
70-17 37 Ave, Jackson Heights, NY 11372
166-05 Highland Ave, Suite L1, Jamaica, NY 11432
OUR SERVICES
Diabetic Foot Exam
Heel Injection
Ingrown Toenail
Fungal Toensails
Fracture Management
Diabetic Shoes
Foot Surgery
Vascular and nerve Testing
On-site X-ray Avaialbe
We Accept all Major insurance Plan
Dr. Sadi Alam, DPM
নিউ ইয়র্কে বাংলাদেশি চিকিৎসকের পরামর্শ নিন
No More
FOOT PAIN
CONTACT US
347-509-4470
www.alampodiatry.com
Accepting New Patients

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
★ যারা হোম কেয়ারে কাজ করেন তাদের বিশেষ সুবিধা
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ
● ফ্রি এপ্রোভাল
● ইন্টারেষ্ট রেট কম
● ফাষ্ট ক্লোজিং
● ইনভেষ্টমেন্ট
● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

AGRA PALACE RESTAURANT & PARTY HALL
আগ্রা প্যালেস রেষ্টুরেন্ট এণ্ড পার্টি হল
বিয়ে, জন্মদিন, বেবী শাওয়ার, গ্রাজুয়েশন, অভিষেক, সভা-সেমিনারসহ সকল ধরনের অনুষ্ঠানের জন্য একটি অভিজাত রেষ্টুরেন্ট ও পার্টি হল।
• সুন্দর ও মনোরম পরিবেশ।
• সু-সজ্জিত বিশাল পার্টি হল।
• অভিজ্ঞ ও দক্ষ শেফ এর তত্ত্বাবধানে তৈরী হালাল খাবার পরিবেশনা।
• ছোট বড় সকল ধরনের অনুষ্ঠানের জন্য আসন সংখ্যা ৫০ থেকে ৪৫০।
INDOOR & OUTDOOR CATERING AVAILABLE
বুকিং ও বিস্তারিত জানতে যোগাযোগ করুন
agra Palace
Restaurant & Party Hall
ADDRESS: 116-33 Queens Blvd, Forest Hills, New York, NY 11375
Contact : (917) 362-1336, 929-521-2019 , 718-261-8880

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর এক্সিডেন্ট
• স্কুল লায়াবিলিটি
• খেলার মাঠে দুর্ঘটনা
• বার্ণ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
www.surdezperezlaw.com

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন
$২১ প্রতি ঘন্টা
নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।
কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
আজই যোগাযোগ করুন:
গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮
Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813
Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549
Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813
Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308
Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

YOUR DREAM HOME CARE

Get paid to take care of your loved ones

আপনার বিশ্বস্ত হোম কেয়ার এজেন্সী

37-18, 73 Street, Suite # 402, Jackson Heights, NY 11372

718-874-0047

Email:info@yourdreamhomecare.com

www.yourdreamhomecare.com

Contact with us
718-874-0047
Email:
info@yourdreamhomecare.com

নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ-এর (CDPAP) প্রোগ্রামের অধীনে কোনো HHA সার্টিফিকেশন ছাড়াই হোম কেয়ারের মাধ্যমে ঘরে বসেই আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ি, আত্মীয়-স্বজন, প্রতিবেশী ও প্রিয়জনদের সেবা দিয়ে আপনি প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন এবং সেবা প্রদানকারীকে নির্বাচন করতে পারেন।

M AZIZ
CEO & President
Your Dream Home Care
Ex-President & Chairman
Board of Trustee
Bangladesh Society Inc. USA

প্রতি সোম, বুধ ও শুক্রবার বাসা ভাড়া, মেডিকেইড ও ফুড স্ট্যাম্পের আবেদনে আমরা সহায়তা করি।

পারিবারিক স্বাস্থ্যসেবা সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন

Head Office
37-18, 73 Street, Suite # 402
Jackson Heights, NY 11372
(718) 874-0047, 917-560-0129

এ কাজের জন্য প্রশিক্ষণের প্রয়োজন নাই।
- আমরা কোনো ফি নেই না।
- আপনার প্রিয়জনের সমস্ত খরচ মেডিকেইড বহন করবে এবং এটি সম্পূর্ণ আইনসম্মত।
- কেইস ট্রান্সফারের মাধ্যমে বেশি অর্থ উপার্জন করুন।

Jamaica Office:
168-47 Hillside Ave, 2nd Floor
Jamaica, NY 11432
(929) 400-4785, (718)874-0047

Sutphin Branch
Mohammad Khair(Director)
97-01 Sutphin, Blvd
Jamaica NY 11435
(929)-225-0746, (718) 755-0153
(718) 718-874-0047

Ozone Park Office
7721-101 Ave. Ozone Park
New York 11416
(718) 874-0047, 347-771-0115

Ozone Park Office
720 Liberty Ave, Brooklyn NY 11208
(646) 500-1657, (718)874-0047

1088 Liberty Avenue,
Brooklyn NY 11208
(929) 283-8432

Fulton Office:
584 Nostrand Ave. NY 11216
(646) 5001657

Bronx Office
2140 Starling Ave.
Bronx, NY 10462
917-391-4841, 718-874-0047 (Office)
Fax 718-874-0069

Bangladesh Plaza
3105 Bally Ave. Buffalo NY 14215
(347) 357-4252, (347) 520-9699

Buffalo Office:
1155 Broadway Buffalo, NY 14212
(347) 335-3617, (718) 874-0047

1299 Harlam Road
Buffalo, NY 14094
(716) 400 1446

Albany Office
114 Quail St. Albany, NY 12203
518-379-5496, 518-243-9096
718-864-2061

জ্যাকসন হাইটসের প্রাণ কেন্দ্রে

সবধরণের ইমিগ্রেশন সমস্যায়

KHAIRUL BASHAR LAW OFFICES

দীর্ঘ অভিজ্ঞতা সম্পন্ন এটর্নি

আমরা যেসব বিষয়ে পরামর্শ দিয়ে থাকি

- ফ্যামিলি ইমিগ্রেশন ও সিটিজেনশিপ
- এসাইলাম ও ডিপোর্টেশন ডিফেন্স
- ওয়েভারস (1-601, 1-601A & 1-212)
- বর্ডারে গ্রেফতার, ডিটেনশন ও বন্ড
- আপিল ও রিট অব ম্যান্ডামাস
- U ভিসা, VAWA & SIJS
- EB-1 EB-2 NIW & EB-3
- বিজনেস ও বিনিয়োগ বিষয়ক ইমিগ্রেশন
- কন্স্যুলার প্রসেসিং ও 221(g) ভিসা রিফিউজাল

KHAIRUL BASHAR, MBA,LL.M.
ATTORNEY AT LAW

CALL NOW

(718) 775-8509 - (212) 464-8620

আমাদের সাথে যোগাযোগ করুন

7232 Broadway, Suite 301-302
Jackson Heights, NY 11372
Khairul@basharlaw.com

1629 K Street NW, Suite 300
Washington, D.C. 20006
(888) 771-4529

KHAIRUL BASHAR
LAW OFFICES

#Khairul Basharlaw
www.basharlaw.com
+1 (202) 983- 5504

Admitted in Washington, D.C., and Alabama State Bar | Parctice Limited to U.S. Immigration & Nationality Law in all 50 States

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট

Nurul Azim

Your Any Question Contact Here
+1 516 451 3748

- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO প্রপার্টি

Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই
নিউইয়র্ক ও লংআইল্যান্ড স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
১০ হাজার ডলারের রিভেট
লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন
GREE MECHANICAL YONKERS
HEATING & COOLING
নতুন বছর উপলক্ষে ৫০% সেল
স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকন্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন
এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে
তোফায়েল চৌধুরী
GREE MECHANICAL YONKERS
আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710

নজিরবিহীন টানাপোড়েন, মার্কিন-ব্রিটিশ চাপ সামলাতে পারবে ভারত?

নিউজ ডেস্ক

ব্রিটিশ কলাম্বিয়ায় কানাডার নাগরিক বিচ্ছিন্নতাবাদী শিখ নেতা হরদীপ সিং নিজ্জর হত্যার তদন্ত প্রক্রিয়ায় সহযোগিতা করতে ভারতের ওপর কূটনৈতিক চাপ প্রয়োগ করছে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য। কানাডার দাবি, শিখদের জন্য খালিস্তান নামে মাতৃভূমির দাবিতে চালিয়ে যাওয়া আন্দোলনের নেতা হরদীপ সিং নিজ্জরের হত্যার সাথে ভারত সরকারের এজেন্ট জড়িত।

১৬ অক্টোবর বুধবার সংসদে এক প্রশ্নের জবাবে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো বলেন, তিনি ভারতের সাথে কোনও বিতণ্ডা সৃষ্টি হয় এমন পরিবেশ তৈরি করতে চান না। কিন্তু ভারত কানাডার সার্বভৌমত্ব লঙ্ঘন করেছে।

ট্রুডো বলেন, "ভারত সরকার কানাডার নিরাপত্তা এবং সার্বভৌমত্বে আগ্রাসীভাবে হস্তক্ষেপ করতে পারবে এমনটা ভেবে ভয়াবহ ভুল করেছে। কানাডিয়ানদের নিরাপত্তা নিশ্চিত করতে আমাদের উত্তর দিতে হবে।"

তবে কানাডার সরকার প্রধানের এমন অভিযোগকে "অযৌক্তিক এবং অসংগত" বলে অভিহিত করেছে ভারত।

হত্যাকাণ্ডের প্রেক্ষিতে কানাডা ও ভারতের সম্পর্ক এতটাই তিক্ত হয়ে উঠেছে যে, দেশ দুটি কূটনীতিকদেরকে নিজ নিজ দেশ থেকে বহিষ্কার করেছে।

এদিকে, ১৫ অক্টোবর মঙ্গলবার মার্কিন যুক্তরাষ্ট্র বলেছে, ভারতের উচিত কানাডার অভিযোগ গুরুত্বসহকারে বিবেচনা করা এবং কানাডাকে তদন্তে সহায়তা করা।

একদিন পর যুক্তরাজ্য এক বিবৃতিতে জানায়, স্বাধীন তদন্তে যে তথ্য উঠে এসেছে তা নিয়ে কানাডার মিত্রদের সাথে যোগাযোগ করছে দেশটি। কানাডার বিচারব্যবস্থার ওপর যুক্তরাজ্যের পূর্ণ আস্থা রয়েছে। সার্বভৌমত্ব ও আইনের শাসনের প্রতি শ্রদ্ধা থাকা খুব গুরুত্বপূর্ণ।

নাম প্রকাশ না করার শর্তে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখপাত্র বলেন, এই বিষয়টি যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের সাথে ভারতের সম্পর্কে বড় কোনও প্রভাব ফেলবে না।

"যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্যের সাথে আমাদের গভীর ও শক্তিশালী সম্পর্ক রয়েছে। কানাডার অভিযোগের ফলে পশ্চিমা মিত্রদের সাথে আমাদের সহযোগিতার সম্পর্কের অবনতি ঘটবে না।"

অনেকটা একই সুরে কথা বললেন মন্ত্র ইনস্টিটিউট ফর স্ট্র্যাটেজিক স্টাডিজের প্রেসিডেন্ট শান্থী ম্যারিয়েট ডি'সুজা। তার মতে, ওয়াশিংটন ও লন্ডনের সাথে নয়াদিল্লির সম্পর্ক বহুমাত্রিক। কোনও একটি ঘটনা পুরো সম্পর্ককে প্রভাবিত না করার সম্ভাবনাই বেশি।

তবে বিশেষজ্ঞদের অনেকেই মনে করছেন, সম্পর্ক যা-ই হোক না কেন, এই ঘটনায় আন্তর্জাতিক পরিসরে ভারতের সুনামকে ক্ষুণ্ন করবে।

সাম্প্রতিক বছরগুলোতে দক্ষিণ এশিয়ার দেশ ভারতের সাথে সম্পর্ক শক্তিশালী করার চেষ্টা করছে যুক্তরাষ্ট্র। চীনের ক্রমবর্ধমান প্রভাব ঠেকাতে নয়াদিল্লি শক্তিশালী মিত্র এমন বিবেচনায় সম্পর্ক মজবুত করার চেষ্টা করছে ওয়াশিংটন।

সামরিক খাতেও দেশ দু'টি পরস্পরের কাছে আসছে। গত সপ্তাহে যুক্তরাষ্ট্র থেকে সামরিক ড্রোন কেনার জন্য চার বিলিয়ন ডলারের চুক্তি স্বাক্ষর করেছে দিল্লি।

ভারতের সঙ্গে সম্পর্ক দৃঢ় করতে এগিয়ে আসছে যুক্তরাজ্যও। এরই মাঝে ভারত ও যুক্তরাজ্য একটি মুক্ত বাণিজ্যের চুক্তি করার পথে। খুব দ্রুতই এই চুক্তি আলোর মুখ দেখবে বলে জানা গেছে।

সিঙ্গাপুর ইনস্টিটিউট অব সাউথ এশিয়ান স্টাডিজের ভিজিটিং প্রফেসর সি রাজা মোহন বলেন, ফাইভ আইজের দেশগুলোর সাথে এখনকার মতো এত ভালো সম্পর্ক কখনোই ভারতের ছিল না। ফাইভ আইজ হলো অস্ট্রেলিয়া, কানাডা, নিউজিল্যান্ড, যুক্তরাজ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্র নিয়ে গঠিত একটি গোয়েন্দা জোট।

এই গবেষক অবশ্য শিখ নেতা হত্যাকাণ্ডের বিষয়ে কানাডার অবস্থানের সমালোচনা করেন। তার মতে, বাকস্বাধীনতার সুরক্ষা দেওয়ার নামে অপরাধী চক্র এবং ভারতবিরোধী বিচ্ছিন্নতাবাদীদের প্রতি নমনীয় মনোভাব দেখাতে পারে না। প্রমাণ ছাড়া অভিযোগ করার পরিবর্তে এমন বিষয় ওই দেশের কর্তৃপক্ষকেই সামলাতে হবে।

কানাডার অভিযোগের পর ভারত যেভাবে প্রতিক্রিয়া দেখিয়েছে তা যুক্তরাষ্ট্রের প্রতি দেখানো প্রতিক্রিয়ার চেয়ে পরিষ্কারভাবে ভিন্ন। ভারতের বিরুদ্ধে এমনই আরেক অভিযোগ এনেছে যুক্তারাষ্ট্র।

NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000

LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
SWH
Senior Whole Health
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A CONCERN OF SHAH NAWAZ GROUP
Shah M. Nawaz MBA
President & CEO
646-591-8396
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suit C
Ozone Park, NY 11416

Change of Visa Status (CoS)
Stay long in the USA

FROM
B1/B2/A3/I/H4
TO
F1 (Study Visa)

CIVA
CENTRE FOR IMMIGRATION AND VISA ASSISTANCE (CIVA)

PREMIUM SERVICES AVAILABLE

CoS Approval WITHIN 25 DAYS

Hot Line
+1 347 507 1209
+1 347 279 8366
+1 347 476 7522

Per Person $1000 Only

Give us your file and be relaxed, CIVA Team will do everything for you

INADITION

- Non-Immigration Visa Extension (Up To 240 Days)
- Asylum Filing Within 10 Days With All Supporting
- Reentry permit / Travel documents (From In / Out side of the USA)
- Canada / Mexico Visa With All Support(Within 30 days)
- EB3 (Unskilled) Application Process (AoS / NVC), Within $18K
- F1(Student) School Transfer within 02 business days

write2civa

বাংলাদেশী মেডিসিন বিশেষজ্ঞ

ডাঃ শামসি রহমান (MD FACP)
PRIMARY CARE PHYSICIAN
Board Certified in Internal Medicine
Affiliated with Queens Hospital Center and
North Shore University Hospital
মেডিসিন বিশেষজ্ঞ মহিলা ডাক্তার

ডাঃ মোঃ আব্দুল বাছিত (MD FACP)
মেডিসিন বিশেষজ্ঞ
Board Certified in Internal Medicine
Assistant Professor of Medicine
Mount Sinai School of Medicine
Queens Hospital Center

সেবা সমূহ
- প্রাইমারী কেয়ার/ মেডিসিন বিশেষজ্ঞ।
- অফিসেই রক্ত, প্রশাব পরীক্ষা ও ইকেজির ব্যবস্থা আছে।
- ফ্লু, হজ্বসহ অন্যান্য ভ্যাকসিন।
- জব, স্কুল, টি.এল.সি (TLC) সম্পর্কিত শারীরিক পরীক্ষা।
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস চেক-আপের ব্যবস্থা।
- যাদের হেলথ্ ইন্সুরেন্স নাই বিশেষ চিকিৎসার সুযোগ।

Same Day Appointment
Walk-in Welcome

জামাইকা অফিস - রোগী দেখার সময়:
সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত।

ওজনপার্ক অফিস - রোগী দেখার সময় ঃ
মঙ্গলবার থেকে শুক্রবার ঃ বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭:৩০ মিঃ পর্যন্ত।
শনিবার ঃ বিকাল ৩টা থেকে ৫:৩০ মিঃ পর্যন্ত।

বাছিত মেডিকেল কেয়ার

JAMAICA OFFICE:
166-41 88th Ave,
Jamaica, NY 11432
Tel: 917-780-4510
Fax: 347-875-3911

JACKSON HEIGHTS OFFICE:
40-37 74th Street
Elmhurst, NY 11373
Tel: 917-780-4510
Fax: 347-875-3911

OZONE PARK OFFICE:
97-47 77th Street,
Ozone Park, NY 11416
Tel : 718-307-5796
Fax : 347-875-3911

SARAH CARE USA
CDPAP & HOME CARE SERVICES

- CDPAP/ PCA/ HHA
- No Certificate Required
- Highest pay With Benefit

We speak Bangali, Hindi, Urdu, Punjabi, Spanish & Creole

Dr.Gee Cee pat
Vice President

Dr.Shajadi Parvin
CEO/President

LAN/RN
OT/PT/DIETICIAN
Medical Supply

WITH
Best income
Up to
$85.000
Annually

WORK AT HOME

NEED JOB?
CALL US: 917-745-0949

আমরা ট্রান্সফার কেইসের ক্ষেত্রে
সর্বোচ্চ রেট দিয়ে থাকি

FREE SERVICE: to Apply & Renew DOH/Medicaid/Medicare/SNAP

Corporate Office:
37-18-73rd Street, Suit 301,
Jackson Height, NY 11372

Jamaica Office:
170-05 Hillside Ave, NY 11432
185-08, Hillside Ave, NY 11432

Brooklyn Office:
2033 Bath Ave,
Brooklyn NY 11214

Bronx Office:
2148 Starling Ave,
Bronx, NY 10482

Buffalo Office:
3685 Harlem RD
Cheektowaga, NY 14215

We have offices in Queens, Brooklyn, Bronx, Manhattan, Staten Island, Syracuse, Westchester, Nassau & Suffolk Country

cdpap@sarahcareusa.com| Fax: 201-489-8035
Phone: 917-745-0949, 929-468-6102 | www.sarahcareusa.com

বিসমিল্লাহহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক, নির্বাচন ২০২৪
BANGLADESH SOCIETY INC. ELECTION 2024
প্রবাসে বাংলাদেশী পার্লামেন্ট
২৭ অক্টোবর নির্বাচনে
"ঐক্যবদ্ধ কমিউনিটি ও মূলধারায় অবস্থান সুদৃঢ় করার লক্ষ্যে জনকল্যাণে পরিক্ষিত সৎ ও নিষ্ঠাবান ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন"
রুহুল-জাহিদ
পরিষদ
B1
রুহুল আমিন সিদ্দিকী
সভাপতি
RUHUL AMIN SIDDIKI
PRESIDENT
B4
জাহিদ মিন্টু
সাধারণ সম্পাদক
JAHID MINTO
GENERAL SECRETARY
PLEASE VOTE FOR RUHUL-JAHID PANEL
B2
ফারুক চৌধুরী
সিনিয়র সহ সভাপতি
FARUK CHOUDHURY
SENIOR VICE PRESIDENT
B3
আমিনুল ইসলাম চৌধুরী
সহ সভাপতি
AMINUL ISLAM CHOWDHURY
VICE PRESIDENT
B5
সরোয়ার খান বাবু
সহ সাধারণ সম্পাদক
SARWOR KHAN BABU
ASST. GENERAL SECRETARY
B6
নওশেদ হোসেন
কোষাধ্যক্ষ
NOASHED HOSSAIN
TREASURER
B7
মোঃ সাদী মিন্টু
সাংগঠনিক সম্পাদক
MD. SAADI MINTU
ORGANIZING SECRETARY
B8
মনিকা রায় চৌধুরী
সাংস্কৃতিক সম্পাদক
MANIKA ROY CHOWDHURY
CULTURAL SECRETARY
B10
নাদির আহমেদ আইয়ুব
সমাজকল্যাণ সম্পাদক
NADIR AHMED AYUB
SOCIAL WELFARE SECRETARY
B11
রোমানা আহমেদ
সাহিত্য সম্পাদক
ROMANA AHMED
LITERATY SECRETARY
B12
আলমগীর হোসেন
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
ALAMGIR HOSSAIN
SPORTS & ENT. SECRETARY
B13
শাহনাজ হোসেন
স্কুল ও শিক্ষা সম্পাদক
SHAHANAZ HOSSAIN
SCHOOL & EDUCATION SECRETARY
B14
আবদুর রব মিয়া
কার্যকরী সদস্য
ABDUR RAB MIA
EXECUTIVE MEMBER
B15
মোঃ তাজু মিয়া
কার্যকরী সদস্য
MD. TAJU MIAH
EXECUTIVE MEMBER
B16
নজরুল ইসলাম
কার্যকরী সদস্য
NAZRUL ISLAM
EXECUTIVE MEMBER
B17
রফিকুল ইসলাম ডালিম
কার্যকরী সদস্য
RAFIQUL ISLAM DALIM
EXECUTIVE MEMBER
B18
মোঃ সাইফুল ইসলাম
কার্যকরী সদস্য
MD. SAIFUL ISLAM
EXECUTIVE MEMBER
রুহুল-জাহিদ পরিষদ আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
রুহুল-জাহিদ পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
PLEASE VOTE FOR
RUHUL-JAHID PANEL
প্রচারেঃ রুহুল-জাহিদ পরিষদের নির্বাচন পরিচালনা কমিটি

নির্বাচনে অর্থদান, ইলন মাস্ককে সতর্ক করল যুক্তরাষ্ট্র

উত্তর আমেরিকা ডেস্ক

যুক্তরাষ্ট্রে আগামী ৫ নভেম্বর অনুষ্ঠেয় প্রেসিডেন্ট নির্বাচনকে সামনে রেখে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ অঙ্গরাজ্যগুলোতে লটারির মাধ্যমে ভোটারদের ১০ লাখ ডলার করে বিলি করছেন ধনকুবের ইলন মাস্ক। তবে এই কার্যক্রম বেআইনি হতে পারে জানিয়ে তাঁকে সতর্ক করেছে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ (ডিওজে)।

ট্রাম্প শিবিরের জন্য মাস্কের রাজনৈতিক কার্যক্রম কমিটি ‘আমেরিকা প্যাকের’ কাছে এক চিঠি পাঠিয়ে এই বার্তা দিয়েছে ডিওজে। তবে মার্কিন বিচার বিভাগ কখন প্যাককে চিঠি পাঠিয়েছে—তা স্পষ্ট নয়। ডিওজের তদন্ত কর্মকর্তারা এ বিষয়ে মন্তব্য করতে অপারগতা জানিয়েছেন। তবে এটি ডিওজের পাবলিক ইন্টিগ্রিটি বিভাগ পাঠিয়েছিল বলে নিশ্চিত হওয়া গেছে।

মার্কিন প্রেসিডেন্ড নির্বাচনে ইলন মাস্ক কমলা হ্যারিসের বিরুদ্ধে রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের পক্ষে সক্রিয়ভাবে প্রচারণা চালাচ্ছেন। কয়েক সপ্তাহ ধরে টেসলা ও এক্সের মালিক মাস্ক এক পিটিশনে (আরজিতে) সই করলেই আমেরিকান ভোটারদের পুরস্কার দিচ্ছেন। এই পিটিশন তৈরি করেছে মাস্কের প্রচারশিবির আমেরিকা পিএসি।

যে কারণে ট্রাম্পকেই চান আরব–আমেরিকান মুসলিম ভোটাররা

উত্তর আমেরিকা ডেস্ক

ডোনাল্ড ট্রাম্প

আরব বংশোদ্ভূত মার্কিন ভোটারদের মধ্যে কমলা হ্যারিসের তুলনায় এগিয়ে আছেন ডোনাল্ড ট্রাম্প। আগামী ৫ নভেম্বর অনুষ্ঠিত হতে যাওয়া মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে কমলা হ্যারিস ডেমোক্রেটিক পার্টির প্রার্থী ও বর্তমান ভাইস প্রেসিডেন্ট এবং ডোনাল্ড ট্রাম্প সাবেক প্রেসিডেন্ট ও রিপাবলিকান পার্টির প্রার্থী। সাম্প্রতিক এক জরিপ থেকে এ তথ্য পাওয়া গেছে।

সৌদি আরবের সংবাদমাধ্যম আরব নিউজ ও ব্রিটিশ জরিপ সংস্থা ইউগভ পরিচালিত এক জরিপে দেখা গেছে, আরব-আমেরিকান ভোটারদের মধ্যে ৪৫ শতাংশ ভোটার ট্রাম্পকে সমর্থন দিয়েছেন। কমলা হ্যারিসকে সমর্থন দিয়েছেন ৪৩ শতাংশ। এই ফলাফল থেকে একটি বিষয় স্পষ্ট যে, গাজা ইস্যু ডেমোক্রেটিক পার্টির ওপর বেশ নেতিবাচক প্রভাবই ফেলেছে।

এই জরিপে প্রশ্ন রাখা হয়, ইসরায়েল-ফিলিস্তিন দ্বন্দ্বে কে বেশি সফল হবেন। এই প্রশ্নের জবাবে, ৩৯ শতাংশ উত্তরদাতা বলেছেন, ট্রাম্প বেশি সফল হবেন। বিপরীতে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলার পক্ষে সমর্থন দিয়েছেন মাত্র ৩৩ শতাংশ উত্তরদাতা। তবে মধ্যপ্রাচ্য ইস্যুতে কে বেশি ভালো করবেন—এই প্রশ্নে কমলা হ্যারিস ও ডোনাল্ড ট্রাম্প সমান সমান—৩৮ শতাংশ—ভোটারের সমর্থন পেয়েছেন।

এই জরিপে অংশগ্রহণকারীদের কাছে জানতে চাওয়া হয়, আরব-আমেরিকান সম্প্রদায়ের জন্য সবচেয়ে বড় উদ্বেগের বিষয় কোনটি? জবাবে ২৯ শতাংশ উত্তরদাতা বলেছেন, ইসরায়েল-ফিলিস্তিন ইস্যু, ২১ শতাংশ আরব-আমেরিকান বলেছেন মার্কিন অর্থনীতি এবং ১৩ শতাংশ বর্ণবাদ ও বৈষম্যকে বড় উদ্বেগ হিসেবে উল্লেখ করেছেন।

এই জরিপ চালানো হয়েছে ৫০০ জন আরব-আমেরিকানের মধ্যে। এই জরিপের সম্ভাব্য ত্রুটির পরিমাণ ± ৫ শতাংশ। এখানে একটি বিষয় লক্ষণীয়, এই জরিপে ট্রাম্প এগিয়ে থাকলেও সামগ্রিক বিচারে, ইসরায়েলকে সমর্থনের ক্ষেত্রে ডোনাল্ড ট্রাম্প কমলা হ্যারিসের চেয়ে ৬ পয়েন্ট এগিয়ে আছেন।

নেতানিয়াহুর বাড়িতে ড্রোন হামলার দায় নিল হিজবুল্লাহ

উত্তর আমেরিকা ডেস্ক

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর বাড়িতে ড্রোন হামলার দায় নিয়েছে লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ। আজ মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে হিজবুল্লাহর মিডিয়া অফিসের প্রধান মোহাম্মদ আফিফ এ কথা জানান।

মোহাম্মদ আফিফ বলেন, ‘নেতানিয়াহুর বাড়ি লক্ষ্য করে হামলার দায় স্বীকার করেছে ইসরায়েল। আগের হামলায় নেতানিয়াহু আহত না হলেও আসন্ন দিনে তা ঘটবে।’

এর মাধ্যমে হিজবুল্লাহ ভবিষ্যতে একই ধরনের হামলা চালাতে পারে বলে ইঙ্গিত দেন আফিফ। তিনি বলেন, যুদ্ধ চলতে থাকা অবস্থায় ইসরায়েলের সাথে কোন আলোচনা হবে না। কিছু হিজবুল্লাহ যোদ্ধাকে ইসরায়েলি সেনাবাহিনি বন্দি করেছে।

এরআগে গত শনিবার লেবানন থেকে ছোড়া একটি ড্রোন তেল আবিবের উত্তরে সিজারিয়ায় নেতানিয়াহুর বাসভবনে আঘাত হানে। তবে এ সময় নেতানিয়াহু, তার স্ত্রী এবং পরিবার ওই বাসভবনে ছিলেন না।

কমলা হ্যারিসকে ভোট দিলেন সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টার

মনজিলুর রহমান

যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টার ১৬ অক্টোবর বুধবার ২০২৪ সালের নির্বাচনে কমলা হ্যারিসকে তার ভোটটি দিয়েছেন।

সাবেক এই প্রেসিডেন্ট ই-মেইল যোগে তার ভোট দিয়েছেন বলে কার্টার সেন্টার একটি বিবৃতিতে নিশ্চিত করেছে। ১ অক্টোবরে কার্টার তার ১০০ তম জন্মদিন উদযাপন করার মাত্র দুই সপ্তাহ পরে এই ভোট দেন। শতবর্ষী সাবেক এই প্রেসিডেন্ট জর্জিয়ার প্লেইন্সে তার নিজ বাড়িতে হসপিস কেয়ারে বসবাস করছেন। জিমি কার্টার ডেমোক্রেটিক পার্টির সদস্য যিনি ১৯৭৭ থেকে ১৯৮১ সাল পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রের ৩৯তম রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন।

তার ছেলে চিপ কার্টার পারিবারিক সমাবেশের আগে বলেছিলেন যে তার বাবা এই নির্বাচনের কথা খুব মাথায় রেখেছিলেন।

"তিনি প্লাগ ইন করেছেন," চিপ কার্টার গণমাধ্যমকে বলেন "আমি দুই মাস আগে বাবাকে জিজ্ঞাসা করেছিলাম যে, তিনি ১০০ বছর বেঁচে থাকার চেষ্টা করছে কিনা? জবাবে তিনি বলেছিল, 'না, আমি কমলা হ্যারিসকে ভোট দেওয়ার জন্য বাঁচার চেষ্টা করছি।'"

যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট জিমি কার্টার

১৫ অক্টোবর মঙ্গলবার আর্লি ভোট শুরু হওয়ার পর থেকে জর্জিয়ার নিবন্ধিত ভোটাররা রেকর্ড সংখ্যায় উপস্থিত হচ্ছেন। বুধবার বিকেল পর্যন্ত প্রায় ৪লাখ ৬০ হাজার ভোট পড়েছে বলে সেক্রেটারি অব স্টেট ব্র্যাড রাফেনস্পারগার গণমাধ্যম কর্মীদের বলেন।

বিএএসজের ফুড ব্যাংক আটলান্টিক সিটিতে

সুব্রত চৌধুরী

নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির উদ্যোগে ‘ফুড ব্যাংক’ এর আয়োজন করা হয়। ১৭ অক্টোবর বৃহস্পতিবার ২৭০৯, ফেয়ারমাউণ্ট এভিনিউতে অবস্থিত ‘বাংলাদেশ কমিউনিটি সেন্টার’ এ সকাল সাড়ে দশটা থেকে দুপুর একটা পর্যন্ত ‘ফুড ব্যাংক’ এর কার্যক্রম চলে।

ফুড ব্যাংক কার্যক্রম এর আওতায় দুধ , তাজা শাক সবজি, ফলমূল, টিনজাত খাবার সহ বিভিন্ন ধরনের খাদ্য সামগ্রী বিতরন করা হয়। আটলান্টিক সিটির বিভিন্ন কমিউনিটির লোকজন এই ফুড ব্যাংক কার্যক্রমে অংশ নেয়। ফুড ব্যাংক কার্যক্রমে সহায়তা করে কমিউনিটি ফুড ব্যাংক অব নিউজার্সি।

কমিউনিটি ব্যক্তিত্ব গিয়াসউদদীন পাঠান, মো. মনিরুজামান, বেলাল হোসেন, আমিন খান, মোঃ নাসির, আফিয়া নাসরীন প্রমুখের সার্বিক সহযোগিতায় ফুড ব্যাংকের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

বাজারে দ্রব্যমূল্যের উর্ধ্বগতির সময়কালে এই ফুড ব্যাংকের কার্যক্রম কমিউনিটিতে বেশ সাড়া ফেলেছিল।

উল্লেখ্য, বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির মহতী কার্যক্রম এর অংশ হিসাবে মাসে চার বার ফুড ব্যাংক এর আয়োজন করা হয়।

বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি মো: জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক মো: জাকিরুল ইসলাম খোকা ও ট্রাস্টি বোর্ড এর চেয়ারম্যান আব্দুর রফিক ফুড ব্যাংক এর কার্যক্রম সফল করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন ।

ডেট্রয়েটের দর্শকদের মাতিয়ে গেলেন সুপার সিঙ্গার ৩ চ্যাম্পিয়ান

পার্থ সারথী দেব

মিশিগান অঙ্গরাজ্যের ডেট্রয়েট দুর্গা টেম্পলে প্রতিবারের মতো এবারো দুর্গা পূজা উদযাপিত হয়েছে ১৯ অক্টোবর শনিবার। মন্দিরে তিথি মতো পূজা হয়েছে ৯ অক্টোবর থেকে ১৩ অক্টোবর পর্যন্ত। তিথি মতো পূজা হয় সপ্তাহের কর্ম দিবসে তাই অনেকে এ পূজায় অংশ নিতে না পারায় আবার ১৯ অক্টোবর শনিবার পূজা উদযাপন করা হয়েছে। এতে ছিল পূজা, প্রসাদ বিতরণ,আরতিসহ বিভিন্ন মাঙ্গলিক অনুষ্ঠানাদি। পূজা করেন মন্দিরের প্রধান পুরোহিত পারিন্দ্র চক্রবর্তী।

মন্দিরের সাংস্কৃতিক সম্পাদক প্রদীপ চৌধুরীর তত্ত্বাবধানে বিকেল ৫টা থেকে রাত অবধি ছিল সাংস্কৃতি অনুষ্ঠান। প্রথমেই ছিল কবিতা আবৃতি এতে অংশ গ্রহণ করেন প্রতিভা চৌধুরী, হারান কান্তি সেন, দেবাশীষ দাশ, নারায়ন গুপ্ত, সুবিমল সেনাপতি, শর্মিলা দেব ও পূজা দেব, অনুষ্ঠানটি সঞ্চালন করেন সঞ্জয় দেব, কবিতা নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন পার্থ দেব, অনুষ্ঠানে কয়েকজনকে সন্মাননা জানানো হয়।

সঙ্গীত পরিবেশন করছেন শুচিস্মিতা চক্রবর্তী ও সৌরভ দাশ। পার্থ দেব

স্থানীয় শিল্পীদের মধ্যে সঙ্গীত পরিবেশন করেন বিজয়া চৌধুরী, অনামিকা দাশ, অদিতি দেব, অংকুর দেবসহ আরো অনেকে। নৃত্য পরিবেশন করেন বৈশালী দেব, উর্মিলা সুত্রধর, তনুশ্রী সুত্রধর, পিহু দেব, নিহি সুত্রধরসহ আরো অনেকে। শ্রুতি নাটক পরিবেশন করেন ডলি দেব ও পার্থ দেব। সবশেষে ছিল কলকাতা থেকে আগত অতিথি শিল্পী সুপার সিঙ্গার ৩ চ্যাম্পিয়ান শুচিস্মিতা চক্রবর্তী ও সারেগামাপা'র বিজয়ী সৌরভ দাশের সঙ্গীত সন্ধ্যা, তাদের সাথে ছিলেন কলকাতার প্রখ্যাত মিউজিশিয়ান পার্থ চক্রবর্তী। তারা প্রথমে বাংলা জনপ্রিয় গানগুলো পরিবেশন করেন পরে দর্শক শ্রোতাদের অনুরোধে হিন্দী গান গেয়ে সবাইকে মুগ্ধ করে ডেট্রয়েটের দর্শকদের মাতিয়ে গেলেন।

হেলিকপ্টার বিধ্বস্ত, আমেরিকায় নিহত ৪

উত্তর আমেরিকা ডেস্ক

আমেরিকার হিউস্টনে একটি হেলিকপ্টার বিধ্বস্ত হয়েছে। এতে এক শিশুসহ চারজন নিহত হয়। সবাই ওই হেলিকপ্টারের আরোহী ছিলো বলে জানিয়েছে হিউস্টনের পুলিশ বিভাগ। তারা বলছে, একটি রেডিও টাওয়ারে হেলিকপ্টারটি ধাক্কা লাগার পর তাতে আগুন ধরে হয়।

বার্তা সংস্থা এএফপি বলছে, এ দুর্ঘটনায় ওই রেডিও ট্রান্সমিশন টাওয়ারটি ধ্বংস হয়ে গেছে। তবে তাতে হেলিকপ্টারটি ধাক্কা লেগেছিল নাকি ক্যাবলে আটকে গিয়েছিল তা জানা যায়নি। এই তথ্য জানিয়েছেন হিউস্টনের পুলিশ প্রধান নোয়ে দিয়াজ।

রোববারের এই ঘটনার সময় নিচে কেউ ছিলেন না। তাই আর কেউ হতাহত হননি। এরই মধ্যে ঘটনার বিস্তারিত জানতে তদন্ত শুরু করেছে পুলিশ।

সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন চ্যানেলে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, টাওয়ারের তার এখনো পুড়ছে। পাশেই আবাসিক এলাকা। এখন পর্যন্ত সেখানে আগুন ছড়িয়ে পড়েনি।

হিউস্টনের মেয়র জন হোয়াইটমির বলছেন, আগুন বড় আকার ধারণ করেনি।

পাত্র-পাত্রী চাই

আপনার স্বপ্নের জীবন সঙ্গী/সঙ্গিনী খুঁজে পাওয়ার জন্য একটি নির্ভরযোগ্য ম্যাচ মেকিং সার্ভিস। বাংলাদেশ, ইউএসএ, কানাডা ও অস্ট্রেলিয়ায় বসবাসকারীদের সেবায় সদা নিয়োজিত।

যোগাযোগ :
JIBON SONGI
E-mail : jibonsongi2024.com
Phone : 281-912-7812
713-900-6023

বাসা ভাড়া

সম্পূর্ন নতুন রেনোভেটেড, ২ বেডরুম, ১ বাথরুম। 82-72, 161 st, Jamaica 11432 যোগাযোগ- 718 790 7593

বাসা ভাড়া

জ্যামাইকার সাটফিন ও ১০৯ রোডের নিকটে ৭ মিনিট দুরত্বে ট্রেন ও বাস ১ ব্লক দুরত্বে নতুন রেনুভেটেড দুই বেড, লিভিং ১ বাথ কিচেন ভাড়া দেয়া হবে। মসজিদ, গ্রোসারি স্কুল নিকটে। ভাড়া ২৩৫০ ডলার। ফোন 646-645-9830

আবশ্যক

হিউম্যান হোমকেয়ার কোম্পানীতে কাজ করার জন্য আগ্রহী কিছু কর্মী আবশ্যক। জরুরি ভিত্তিতে রিজ্যুমি পাঠানোর অনুরুধ করছি। newal.saki@humancareny.com

ন্যানী আবশ্যক

মিজুরী রাজ্যের সেন্টলুইসে বসবাসকারী নবজাতক শিশু এবং দুই বছরের শিশু আন্তরিকভাবে দেখাশুনা এবং সপ্তাহে তিনদিন রান্না করাসহ অন্যান্য কাজে (পরিষ্কার-পরিচ্ছন্নতা) সহযোগিতা করার জন্য ন্যানী আবশ্যক। থাকা খাওয়াসহ মাসে বেতন ১,৫০০ ডলার। প্রতি ছয় মাসে একবার নিউইয়র্কে যাতায়াতের সুযোগ থাকবে এবং যাতায়াতের খরচ বহন করা হবে। যোগাযোগ: ৭৬৫-৬০৯-৭২২৪

রুম ভাড়া

জ্যাকসন হাইট্স ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং-এ নভেম্বর মাসের ১ তারিখ থেকে একজন নামাজী, কর্মজীবি এবং অধুমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৭১৮-৫৫২-০৮০৭।

রুম ভাড়া

রিচমন্ড হিল এলাকায় বাস স্ট্যান্ডের পাশে এক রুম ভাড়া যাবে। কর্মজীবী/স্টুডেন্ট নারী হতে হবে। জেএফকে এয়ারপোর্টের কাছেই চমৎকার লোকেশন। যোগাযোগ: মিসেস আহমেদ 917-398-0783

এটিক ভাড়া

হলিসে এ ৯৯ এভিনিউর কর্ণারে সুন্দর মনোরম পরিবেশে নতুন রেনুবেট দুটি বেডরুম কিচেন ও বাথরুম দুই নামাজী ব্যাচলর বা স্টুডেন্ট এর কাছে ভাড়া দেওয়া হবে। মসজিদ ও গ্রোসারি, বাস নিকটে। ফোন 347-397-9175

পাত্রী আবশ্যক

বাংলাদেশে জন্ম আইটিতে কর্মরত শিক্ষিত ৩২ বছর বয়সী সিটিজেন ইঞ্জিনিয়ার পাত্রের জন্য পাত্রী আবশ্যক। যোগাযোগ: 929-288-9461, bmchoudhury1960@gmail.com

রুম ভাড়া

জামাইকার সাটফিন ব্লু বার্ডে একটি রুম সাবলেট ভাড়া দেওয়া হবে,সাবওয়ে ও গ্রোসারী থেকে তিন মিনিটের দূরত্ব,একজন অথবা দুজন মহিলা হলে ভালো হয়। 347-238-7171

লোক আবশ্যক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

পাত্র চাই

কাপ্তাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

Registered Nurse Required (New Jersey)

প্রতিষ্ঠান: Captor USA Corporation.
পদ: Registered Nurse (RN)
অভিজ্ঞতা: নতুন বা ১/২ বছর
স্থান: Paterson, New Jersey.
Please send your resume at info@captorusacorp.com
Or call us at +1 (973) 553-2690
আবেদনের শেষ সময়: ২০/০৭/২০২৪

অফিস ভাড়া

জ্যামাইকার হিলসাইডে ১৬৮ স্ট্রিটের প্রাইম লোকেশনে একটি অফিস রুম ভাড়া হবে। গেষ্ট ওয়েটিং রুমসহ আনুষাঙ্গিক সুবিধা রয়েছে। ফোন: 646-403-6500

পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com Cell: 917-497-9508

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260 Email: jj1831847@gmail.com

বাসায় কাজের জন্য মহিলা আবশ্যক

কুইন্স ফরেস্ট হিল এলাকায় অবস্থিত, F ট্রেনের কাছে, বাসার যাবতীয় কাজকর্মে সাহায্য করার জন্য একজন মহিলা আবশ্যক। বেতন আলোচনা সাপেক্ষে। যোগাযোগের জন্য ফোন করুন : ৭১৮-৪৯০-১৭৪০

আবশ্যক

"Immigration law firm in Queens is looking for a Receptionist. Candidates should be extremely organised and should have excellent communication and public relation skills.Candidate should speak Hindi, English and Bengali. Training will be provided by a law firm. Handsome salary will be offered. Please email your resume at "ravi@gehilaw.com

হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

আবশ্যক

কুইনসের একটি ইমিগ্রেশন ল' ফার্মে রিসিপসনিষ্ট আবশ্যক। প্রার্থীকে উঁচু মাত্রার অরগেনাইজড এবং জনসংযোগে দক্ষ হতে হবে। পাশাপাশি প্রার্থীকে হিন্দি, ইংরেজি এবং বাংলা ভাষায় কথা বলায় দক্ষ হতে হবে। ল' ফার্মে কাজের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ দেয়া হবে। ভালো বেতনের এ চাকুরীর জন্য আগ্রহীরা রিজুমি ইমেইল করুন: ravi@gehilaw.com

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ **এআর ড্রাইভিং** স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।
যোগাযোগঃ **৩৪৭-৪৫৯-৭০৯২**

পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫”। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: 202-683-5854. Email: amrsolarllc@yahoo.com

পাত্রী চাই

৫৫ বছর ডিভোর্স, সিটিজেন সুদর্শন ডাক্তার পাত্রের জন্যে পাত্রী বা ঘটক সরাসরি যোগাযোগ করুন hmurshedmd@gmail.com Phone 850-866-9012

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

দুই যোগ পূর্তিতে ‘দ্য অপ্টিমিস্টস’র সমাবেশ

উত্তর আমেরিকা অফিস

দুই যোগ পূর্তিতে নিউইয়র্কে ‘দ্য অপ্টিমিস্টস’র তহবিল সংগ্রহের বার্ষিক পুনর্মিলনী সভা ১৩ অক্টোবর অনুষ্ঠিত হয়েছে। এ সময় শিক্ষার্থীদের স্পন্সরকারীসহ কম্যুনিটির বিশিষ্টজনেরা মানবতার কল্যাণে নিরন্তরভাবে কর্মরত ‘দ্য অপ্টিমিস্টস’র পাশে থাকার সংকল্প পুনর্ব্যক্ত করেন। আমেরিকা প্রবাসীদের সহায়তায় গত ২৪ বছরে বাংলাদেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর ১৩ সহস্রাধিক শিশু-কিশোর-তরুণ-তরুণীর উচ্চ শিক্ষার আকাঙ্ক্ষা পূরণে অসাধারণ ভূমিকা পালন করেছে ‘দ্য অপ্টিমিস্টস’।

নিউইয়র্কভিত্তিক এই অলাভজনক স্বেচ্ছাসেবী সংস্থাটি বাংলাদেশের বাগেরহাট, চাঁদপুর, চট্টগ্রাম, কুমিল্লা, ঢাকা, দিনাজপুর, ফেনী, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, লক্ষ্মীপুর, মাগুরা, মৌলভীবাজার, মুন্সিগঞ্জ, নরাইল, নারায়ণগঞ্জ, নোয়াখালী, রংপুর, সুনামগঞ্জ, সিলেট জেলা এবং সাভার উপজেলায় কাজ করছে।

২৫৬ ব্যক্তিসহ ৩০টি কর্পোরেশন থেকে পাওয়া অর্থে ঝরে পড়ার আশঙ্কায়য় থাকা মেধাবি শিক্ষার্থীদের লেখাপড়া অব্যাহত রাখতে অবদান রাখছে এই সংস্থাটি। জানা গেছে, দৈনিক ৪০ সেন্ট অর্থাৎ মাসে ১১.২৫ ডলার তথা বার্ষিক ১৩৫ ডলার করে দিতে হচ্ছে হাই স্কুল পর্যায়ের প্রতিটি শিক্ষার্থীর জন্য। আর কলেজ-ভার্সিটির (মেডিকেল, প্রকৌশল, কারিগরি) শিক্ষার্থীর জন্য লাগছে বার্ষিক ৩১০ ডলার করে। সভামঞ্চে বড় স্ক্রিনে কয়েকজন শিক্ষার্থীর কথা তুলে ধরা হয়। দ্য অপ্টিমিস্টস’র সহযোগিতায় কীভাবে তারা স্বপ্নের জীবনের পথে এগোচ্ছেন তা বিবৃত হয় ভিডিওতে ধারণকৃত বক্তব্যে এবং সকলেই সংস্থাটির কর্মকতাদের মাধ্যমে স্পন্সরকারিদের প্রতি গভীর কৃতজ্ঞতা জানিয়েছেন।

উল্লেখ্য, বাংলাদেশে তৃণমূল পর্যায়ে অসহায় মানুষের ভাগ্য এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নে কর্মরত সংস্থাগুলোর অন্যতম হিসেবে বাংলাদেশে এনজিও ব্যুরো থেকে ‘দ্য অপ্টিমিস্টস’ নিবন্ধিত হয়েছে। আরো উল্লেখ্য, অসহায় ও দরিদ্র পরিবারের শিক্ষার্থীদের শিক্ষা, স্বাস্থ্য ও মানসিক উন্নতির কথা বিবেচনা করে নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ৪ বছরের ‘চাইল্ড স্পন্সরশিপ প্রোগ্রাম’ এবং উচ্চ মাধ্যমিকের পর বিশ্ববিদ্যাললে ৪ বছরের ‘স্পেশাল স্পন্সরশিপ প্রোগ্রাম’-এর আওতায় নগদ অর্থ-সহায়তা দিয়ে আসছে।

এ অনুষ্ঠানে মূল বক্তব্য উপস্থাপনকালে বিশিষ্ট সমাজকর্মী সৈয়দ জাকি হোসেন বলেন, বিপুল অর্থ-বিত্তের অধিকারি হলেই মানুষের কল্যাণে নিয়োজিত হওয়া যায় না, এজন্য দরকার উদারচিত্ত, ধৈর্য-ধারণ এবং মানবিকতায় আত্মনিয়োগের অভিজ্ঞতা। টাকা থাকলেই চেক ইস্যু করা যায়। কিন্তু সেই টাকা কীভাবে কী খাতে ব্যয় হবে তা নির্ণয়ে মুন্সিয়ানার প্রয়োজন। বিশেষ করে মানবতার কল্যাণে যারা আগ্রহী তাদের জন্য বিচক্ষণতার সাথে পদক্ষেপ গ্রহণ করতে হবে। নিউইয়র্ক অঞ্চলের খ্যাতনামা মানবহিতৈষী সৈয়দ জাকি মাদার তেরেসার প্রসঙ্গ উল্লেখ করে বলেন, একজন সাধারণ মানুষ হয়েও সারাবিশ্বে মানবতার কাজে খ্যাতির শীর্ষে উঠেছিলেন।

সংস্থাটির কাজের প্রশংসা করে নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলিম্যান যোহরান মামদানি বলেন, মানবতার কল্যাণে নিবেদিত দ্য অপ্টিমিস্টস’র সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি। এ সময় তিনি গাজায় ইসরায়েলি বর্বরতার প্রসঙ্গ উত্থাপন করে প্রতিটি বিবেকবান মানুষকে সোচ্চার হবার আহ্বান জানান। স্টেট অ্যাসেম্বলির পক্ষ থেকে এই সংস্থার অন্যতম সদস্য তারেক আলমকে বিশেষ সম্মাননা-স্মারক প্রদান করেন যোহরান মামদানি।

দ্য অপ্টিমিস্টস’র নির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ফাতেমা উদ্দিন রুমার সঞ্চালনায় স্বাগত বক্তব্য দেন চেয়ারম্যান মিনহাজ আহমেদ সাম্মু। সংস্থাটির প্রতিষ্ঠাতাদের অন্যতম এবং প্রধান উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা রফিকউদ্দিন চৌধুরী রানা, অতিরিক্ত প্রধান উপদেষ্টা শামীম আহমেদ, প্রিন্সিপাল কো-অর্ডিনেটর মাহদী-উজ-জামান, মেম্বার সেক্রেটারি মাহবুবে খোদা, কোষাধ্যক্ষ আমিন মেহেদী, ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ আলী, পরিচালনা পর্ষদের প্রেসিডেন্ট শাহেদুল ইসলাম প্রমুখ অতিথি ও স্পন্সরদেকে স্বাগত জানান।

‘দ্য অপ্টিমিস্টস’ সারাবছরের কার্যক্রমের বিস্তারিত তথ্য উপস্থাপনসহ স্পন্সরকারীদের শিক্ষার্থীর সাথে পরিচয় করিয়েও দেওয়া হয় ভার্চুয়ালে অথবা বাংলাদেশ ভ্রমণের সময় সেই শিক্ষার্থীর খোঁজ-খবর নিতেও সহায়তা দেওয়া হয়। সংশ্লিষ্টরা জানান, আর্থিক আয়-ব্যয়ের এই ধারা অব্যাহত থাকায় ক্রমান্বয়ে স্পন্সরকারীর সংখ্যা বাড়ছে।

কাকে সমর্থন দিচ্ছেন বিল গেটস

যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচন

উত্তর আমেরিকা ডেস্ক

বিল গেটস

মাইক্রোসফটের সহ-প্রতিষ্ঠাতা ও বিলিয়নিয়ার বিল গেটস সম্প্রতি একটি অলাভজনক সংস্থাকে প্রায় ৫ কোটি ডলার অনুদান দিয়েছেন। এ সংস্থাটি মার্কিন প্রেসিডেন্ট পদপ্রার্থী কমলা হ্যারিসের পক্ষে প্রচারে কাজ করছে।

গতকাল মঙ্গলবার নিউইয়র্ক টাইমসের প্রতিবেদন বলা হয়েছে, ফিউচার ফরওয়ার্ড নামের সংস্থাটি কমলা হ্যারিসের পক্ষে তহবিল সংগ্রহকারী প্রধান গ্রুপ। সেই সংস্থাকে গেটস আগেই এই অনুদান দিয়েছিলেন, তবে এতদিন গোপন রাখতে বলা হয়েছিল। এ কারণ হলো, বিল গেটস প্রকাশ্যে ডেমোক্র্যাট প্রার্থীকে সমর্থন করেননি।

আগামী ৫ নভেম্বর মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে রিপাবলিকান পার্টির প্রার্থী হয়েছেন সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়েছে, বিল গেটস চলতি বছর বন্ধু ও অন্যদের সঙ্গে ব্যক্তিগত কথোপকথনে ট্রাম্প ফের প্রেসিডেন্ট হলে পরিস্থিতি কেমন হতে পারে তা নিয়ে ‘উদ্বেগ’ প্রকাশ করেছেন।

গেটসের দাতব্য সংস্থা, বিল অ্যান্ড মেলিন্ডা গেটস ফাউন্ডেশন, পরিবার পরিকল্পনা ও বৈশ্বিক স্বাস্থ্য কর্মসূচিতে যুক্তরাষ্ট্রের সম্ভাব্য তহবিল কাটছাঁট নিয়ে খুব উদ্বিগ্ন। ট্রাম্প নির্বাচিত হলে এমন সিদ্ধান্ত আসতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। তবে বিল গেটস জোর দিয়ে বলেছেন, তিনি যে কোনো প্রার্থীর সঙ্গে কাজ করতে রাজি আছেন।

নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনের প্রতিক্রিয়ায় বিল গেটস তাঁর দ্বিদলীয় মনোভাবের ওপর জোর দিয়েছেন। তবে বলেছেন, ‘এই নির্বাচন আলাদা।’

তিনি বলেছেন, ‘আমি এমন প্রার্থীদের সমর্থন করি যারা স্বাস্থ্যসেবা উন্নয়ন, দারিদ্র্য হ্রাস এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে স্পষ্ট প্রতিশ্রুতি দেয়। আমি দীর্ঘদিন ধরে রাজনৈতিকভাবে বিভিন্ন মতাদর্শের নেতাদের সঙ্গে কাজ করেছি। তবে এই নির্বাচন আলাদা। এটি আমেরিকানদের জন্য এবং সারা বিশ্বের সবচেয়ে দুর্বল ও প্রান্তিক মানুষদের জন্য অভূতপূর্ব গুরুত্ব বহন করছে।’ এর আগে গত জুলাইয়ে ফ্রান্স ২৪–এ দেওয়া একটি সাক্ষাৎকারে বিল গেটস বলেছিলে, ‘কৃত্রিম বুদ্ধিমত্তার মতো বিষয়গুলো নিয়ে ভাবতে সক্ষম’ এমন একজন তরুণ নেতাকে তিনি স্বাগত জানাবেন।

কমলা হ্যারিস গত সপ্তাহে ৬০ বছর পূর্ণ করেছেন। তাঁর প্রতিদ্বন্দ্বী ট্রাম্প ৭৮ বছর বয়সী। মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রেসিডেন্ট পদে সবচেয়ে বয়স্ক প্রার্থী ট্রাম্প। এদিকে বিল গেটসের সাবেক স্ত্রী এবং দাতব্যকর্মী মেলিন্ডা ফ্রেঞ্চ গেটস আগেই কমলা হ্যারিসকে প্রকাশ্যে সমর্থন করেছেন।

ফোর্বস ম্যাগাজিনের তথ্য অনুযায়ী, এখন পর্যন্ত অন্তত ৮১ জন বিলিয়নিয়ার কমলা হ্যারিসকে সমর্থন দিয়েছেন। তবে বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তিদের একজন, ইলন মাস্ক সমর্থন করছেন ট্রাম্পকে।

মিশিগানে বিশ্ব সিলেট সম্মেলন আয়োজনের প্রস্তুতিসভা। ছবি: সংগৃহীত

মিশিগানে বিশ্ব সিলেট সম্মেলন আয়োজনের প্রস্তুতি

পার্থ সারথী দেব

মিশিগানে বিশ্ব সিলেট সম্মেলন আয়োজনের প্রস্তুতি চলছে। এ উপলক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে ৫ অক্টোবর শনিবার। ওয়ারেন সিটির একটি রেষ্টুরেন্টে এ আলোচনা সভা অনুর্ষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন আমিনুর রশীদ চৌধুরী। সভায় বক্তব্য রাখেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অ্যালামানই এসোসিয়েশান অব মিশিগানের সাধারণ সম্পাদক লুৎফর রহমান, জালালাবাদ সোসাইটি অব মিশিগানের সভাপতি মুহাম্মদ হোসেন সোলেমানসহ আরো অনেক নের্তৃবৃন্দ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মিশিগানের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতা ও কর্মীবৃন্দ।

উদ্যোক্তারা মিশিগানে বিশ্ব সিলেট সম্মেলন আয়োজনের পরিকল্পনা ও করণীয় বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। আলোচনা অনুষ্ঠানটি পরিচালনা করেন সায়েম চৌধুরী। আমেরিকায় জন্ম বা এখানে বেড়ে ওঠা নতুন প্রজন্মকে সিলেটের ইতিহাস, ঐতিহ্য, ভাষা, সংস্কৃতি, কৃষ্টি, কিংবদন্তি ও শেকড়ের সন্ধান দিতে মিশিগানে বিশ্ব সিলেট সম্মেলন আয়োজনের প্রস্তুতি চলছে বলে আয়োজকরা জানান। ১৯ অক্টোবর শনিবার বিকেলে ৫টায় হ্যামট্রাম্যাক শহরের কনান্ট রোডস্থ আলাদিন রেষ্টুরেন্টে এক সভা অনুষ্ঠিত হবে বলে আয়োজকদের সুত্রে জানা গেছে।

প্রবাসীদের প্রতিটি ডলার বাংলাদেশে নিরাপদ: মোহাম্মদ আবদুল মান্নান

উত্তর আমেরিকা অফিস



ব্যাংকিং চ্যানেলে প্রবাসীদের পাঠানো প্রত্যেকটি ডলার বাংলাদেশের সব ব্যাংকে নিরাপদ। ড. ইউনুস এর নেতৃত্বাধীন সরকার এলক্ষ্যে রাতদিন কাজ করে যাচ্ছে। ১৯ অক্টোবর শনিবার নিউ ইয়র্কে বাংলাদেশ ইনষ্টিটিউট ডেভেলপমেন্ট এন্ড সিকিউরিটি ষ্টাডিজ আয়োজিত সেমিনারে এসব কথা বলেন ফার্স্ট সিকিউরিটি ইসলামি ব্যাংক এর চেয়ারম্যান মোহাম্মদ আবদুল মান্নান। সেমিনারে অংশ নেয়া বক্তারা জানান, ব্যাংক আস্থার পরিবেশ তৈরী করতে পারলে প্রবাসীরা বিদেশে টাকা না রেখে বাংলাদেশে রাখবে। এসময় তারা অবিলম্বে অর্থ পাচারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আহবান জানান।

বিডস ও ফার্স্ট সিকিউরিটি ইসলামি ব্যাংক এর যৌথ উদ্যোগে “the role of Non-resident Bangladeshi’s(NRB’s) in rebuilding Bangladesh’s economic sectors” শীর্ষক আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ফার্স্ট সিকিউরিটি ইসলামি ব্যাংক-এর চেয়ারম্যান, ইসলামি ব্যাংক কন্সালটেটিভ ফোরাম এর চেয়াম্যান মুহাম্মদ আবদুল মান্নান। প্যানেলিস্ট হিসেবে বক্তব্য রাখনে লং আইল্যান্ড ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সাবেক অধ্যাপক ড. শওকত আলী, যুক্তরাষ্ট্রের হাওয়ার্ড ইউনিভর্সিটির সহকারী অধ্যাপক ড. মির্জা গালিব্, এটর্নি মোহাম্মদ গোলাম মোস্তফা ও বিডস এর নির্বাহী পরিচালক মোহাম্মাদ ইমরান হোসাইন আনসারী।

এসময় স্বাগত বক্তব্যে বিডস এর নির্বাহী পরিচালক ইমরান আনসারী বলেন, ১৫ বছরে আওয়ামী সরকার ঋণ করেছে সাড়ে ১৫ লাখ কোটি টাকা।

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্নক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এন্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

SECURITY CAMERA

আপনার বাসা, ব্যবসা প্রতিষ্ঠান ও কর্মস্থলে সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে, দেশ-বিদেশে যেখানেই থাকুন বাসায় বসে আপনার মোবাইল ফোনে লাইভ ভিডিও দেখুন

কোন মাসিক ফি ও হিডেন চার্জ নেই।
আমরা সবসময় ফোন রিসিভ করি

কম্পিউটার রিপিয়ার, সাউন্ড সিস্টেম ও অফিস নেটওয়ার্ককিং এর কাজ করি।

PH-929-257-2015

JOY SECURITY SYSTEM INC
170-05 Hillside Ave Jamaica, NY-11432

আটলান্টিক সিটির পঞ্চম ওয়ার্ডের

কাউন্সিলম্যান প্রার্থী মোমিনুল হক মামুনের নির্বাচনী সভা

সুব্রত চৌধুরী

১৭ অক্টোবর বৃহস্পতিবার রাতে আটলান্টিক সিটির পঞ্চম ওয়ার্ডের কাউন্সিলম্যান পদে প্রতিদ্বন্দ্বীতাকারী মোমিনুল হক মামুনের নির্বাচনী সভা স্হানীয় একটি ভেনুতে অনুষ্ঠিত হয়।

সভায় বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সি ও বাংলাদেশ এসোসিয়েশন অব আটলান্টিক কাউন্টির নেতৃবৃন্দ সহ কমিউনিটি নেতৃবৃন্দ অংশগ্রহন করেন।

সভায় বক্তব্য রাখেন জহিরুল ইসলাম বাবুল,শহীদ খান,জাকিরুল ইসলাম খোকা, সোহেল আহমদ, আব্দুর রফিক, মনিরুজামান মনির, মোঃ জামিল, মোঃ শাহরিয়ার আহমেদ, মিরাজ খান, সুরজিৎ চৌধুরী,ফরহাদ সিদ্দীক, সুব্রত চৌধুরী , সৈয়দ শহীদ , আমিরুল ইসলাম টফি, শাহারু চৌধুরী,বেলাল হোসেন, বিপ্লব দেব,

ফেরদৌস আহমদ, শামসুল ইসলাম শাহজাহান, আহসান হাবীব, মোঃ শাহজালাল, সোহাগ করিম, বেলাল উদ্দীন, আবদুল কালাম প্রমুখ।

সভায় বক্তারা বলেন, ঐক্যবদ্ধভাবে নির্বাচনী প্রচারের কারনে মোমিনুল হকের পক্ষে কমিউনিটিতে জনজোয়ার সৃষ্টি হয়েছে। এই জনজোয়ারকে কাজে লাগিয়ে আগামী ৫ নভেম্বর, মংগলবারের নির্বাচনে বিজয় ছিনিয়ে আনতে হবে।

আটটি জাতীয় দিবস বাতিলের প্রতিবাদে শেখ কামাল স্মৃতি পরিষদের সভা

উত্তর আমেরিকা অফিস

শেখ কামাল স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্রের আয়োজনে বাংলাদেশে ৭ই মার্চ, ১৫ আগস্ট জাতীয় শোক দিবসসহ আটটি জাতীয় দিবস বাতিলের প্রতিবাদে এবং আওয়ামী লীগ নেত্রী মতিয়া চৌধুরীর আত্মার মাগফিরাত কামনায় নিউইয়র্কের ব্রুকলিনে ও কুইন্সের জ্যাকসন হাইটসে প্রতিবাদ সভা ও দোয়া মহফিল অনুষ্ঠিত হয়েছে। নিউইয়র্কে ব্রুকলিনের লাবন্য পার্টি সেন্টারে ১৮ অক্টোবর শুক্রবার সন্ধ্যায় শেখ কামাল স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র আয়োজিত সভায় সভাপতিত্বে করেন সংগঠনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ডা. মাসুদুল হাসান, এমডি। শেখ কামাল স্মৃতি পরিষদের যুগ্ম সম্পাদক ও নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরীর সঞ্চালনায় এ অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশিষ্ট সঙ্গীত শিল্পী কণ্ঠযোদ্ধা রথীন্দ্রনাথ রায়, শেখ কামাল স্মৃতি পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি ও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা আব্দুর রহিম বাদশা, বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা মোজাহিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা সরাফ সরকার, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা মিসবাহ আহমেদ, আজিজুর রহমান সাবু, মহি উদ্দিন, ইমদাদ ভূইয়া, শাহ মিজান, আব্দুল কাদির, গণজাগরণ মঞ্চ নেতা আল আমিন, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সৈয়দ গোলাম কিবরিয়া, যুবলীগ নেতা হেলিম উদ্দীন প্রমুখ। এসময় স্থানীয় নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত ও আওয়ামী লীগ নেত্রী বেগম মতিয়া চৌধুরীর আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া পরিচালনা করেন আওয়ামীলীগ নেতা বুরহান উদ্দিন কপিল। এসময় শহীদদের স্মরণে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

এদিকে, বাংলাদেশে ৭ই মার্চ, ১৫ আগস্ট জাতীয় শোক দিবসসহ আটটি জাতীয় দিবস বাতিলের প্রতিবাদে গত ২০ অক্টোবর রোববার সন্ধ্যায় কুইন্সের জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় আরেকটি প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। শেখ কামাল স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র'র উদ্যোগে এবং নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগ ও নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সহযোগিতায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শেখ কামাল স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র'র সভাপতি বীর মুক্তিযোদ্ধা ডা. মাসুদুল হাসানের সভাপতিত্বে এবং নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সহ সাধারণ সম্পাদক সাখাওয়াত আলীর সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা ড. প্রদীপ রঞ্জন কর, বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী।

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING
Sarwar Chaudri, CPA, MBA
ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ
tax refund
AUTHORIZED IRS e-file PROVIDER
Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution
Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)
JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com
BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

Save Yourself
This Tax Season

Nizamul Wahed Shahir, EA
Licensed Real Estate Agent
M.Com (Accounting)
ADMITTED TO PRACTICE BEFORE THE IRS
ENROLLED AGENT
Authorized e-file Provider
Mob : 347-498-5117
Tel : 917-775-6329
Fax : 716-780-8225
Email: ustaxbazaar@gmail.com
প্রফেশনাল ও নির্ভুল ট্যাক্স ফাইল বা আপনার ট্যাক্স সংক্রান্ত যেকোন প্রয়োজনে আমরা যত্নবান ও আন্তরিক।
Tax Immigration Real Estate
● Income Tax and Accounting Services For:
Individual, Sole Proprietor, Partnership, Corporation and LLC.
● Sales and Payroll Tax ● Business Licenses and Setup ● FBAR and FATCA Filing
● Notary Public ● Immigration Form Fill-Up Services
● Credit Repair, Real State and much more...
Member of
NYSSEA
New York State Society of Enrolled Agents
naea
National Association of Enrolled Agents
184-02 Hillside Ave, Jamaica, NY-11432
162-11 89th Ave, 5B, Jamaica, NY-11432

হোম কেয়ার
আপনার আত্মীয় স্বজন, আপনজন ও অন্যান্যদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই। এবং আমরা কোন ফি চার্জ করি না।
বেশি ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার জন্য আজই কল করুন
Mamun Ur Rashid
President
917-476-8914
PROHEALTH HOMECARE
(Ordinary People, Extra Ordinary Care)
PROHEALTH HOMECARE
375 McDonald Ave, Brooklyn, NY 11218
Tel: 718-633-1112, Fax : 718-633-1117

কাজী ফৌজিয়ার ‘নিউইয়র্কের চিঠি’ গ্রন্থের প্রকশনা উৎসব

উত্তর আমেরিকা অফিস

২২ সেপ্টেম্বর রোববার মানবাধিকারকর্মী কাজী ফৌজিয়া রচিত ‘নিউইয়র্কের চিঠি’ গ্রন্থের প্রকশনা উৎসব অনুষ্ঠিত হয়েছে জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে ।

অতিথি হিসেবে বইটির আলোচনা করেন, সাংবাদিক ও অনুবাদক আনোয়ার হোসেইন মঞ্জু, অধ্যাপক দীনা দীনা সিদ্দিকী, কবি কাজী জহিরুল ইসলাম, টাইম টেলিভিশনের সিইও আবু তাহের, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম, ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাবেক সভাপতি নজরুল ইসলাম মিঠু, দেশ পত্রিকার সম্পাদক মিজানুর রহমান ও কমিউনিটি অ্যাকটিভিস্ট রওশন হক।

অনুষ্ঠানের শুরুতে লেখকের জীবনী পড়ে শোনান জাতিসংঘে কর্মরত মানবসম্পদ বিশেষজ্ঞ এবং ঊনবাঙালের সভাপতি মুক্তি জহির। দীপুর সঞ্চালনায় গ্রন্থ থেকে অংশবিশেষ পাঠ করেন আবৃত্তিশিল্পী আহসান হাবীব।

অনুষ্ঠান উপলক্ষে ঢাকা থেকে একটি শুভেচ্ছা বাণী পাঠান লেখক ও চিন্তক ফরহাদ মজহার যেটি পাঠ করেন সঞ্চালক দীপু।

গ্রন্থের বিভিন্ন অংশের গুরুত্বপূর্ণ বেশ কিছু বিষয় তুলে ধরে কাজী জহিরল ইসলাম বলেন, এ বইয়ের মূলশক্তি হলো এতে কোনো ধার করা বিষয় নেই, নিজের জীবনের সংগ্রাম ও যুদ্ধের কথা তিনি অকপটে প্রকাশ করেছেন, কাঠামো হিসেবে বেছে নিয়েছেন বন্ধুকে লেখা চিঠির ফর্ম। এটি যে একটি রোমান্টিক গ্রন্থও এই কথাটিও তিনি উল্লেখ করেন।

অন্যান্য আলোচকরা বলেন, কাজী ফৌজিয়া নিউইয়র্কের চিঠি গ্রন্থে তিনি লিখেছেন তার প্রত্যক্ষ অভিজ্ঞতার কথা। যা পড়ে পাঠকদের সাহসে বুক বাঁধতে শেখাবে। বাঙালিরা হারতে জানে না, কাজী ফৌজিয়ার গ্রন্থ থেকে সেই মর্মবাণী উঠে এসেছে।

কাজী ফৌজিয়া ১৯৬৮ সালের ৮ ডিসেম্বর গাজীপুর জেলায় জন্মগ্রহণ করেন। পাঁচ ভাইবোনের মধ্য কাজী ফৌজিয়া সবার বড়। ফৌজিয়ার পিতা হারিছ আলী কাজী ছিলেন মওলানা ভাসানীর একনিষ্ঠ অনুসারী। শিশুকাল থেকেই ফৌজিয়া পিতার সান্নিধ্যে থেকে নিজেও ভাসানীর অনুসারী হয়ে ওঠেন।

কাজী ফৌজিয়া এক সময় পাড়ি জমান মার্কিন যুক্তরাষ্ট্রে। বর্তমানে তিনি দক্ষিণ এশিয়ার ইমিগ্র্যান্টদের নিয়ে কাজ করা সংগঠন ড্রামের কর্মসূচি পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন।

মানুষের অধিকার আদায়ে আজন্ম সংগ্রামী মানুষটির জীবন নিয়ে পিএইচডির গবেষণাও হয়েছে।

চট্টগ্রাম সমিতির

শেষ পৃষ্ঠার পর

আরিফ প্যানেল। ভোটগুলোর বিপরীতে মূল আইডি কার্ড নির্বাচন কমিশনে জমা দেয়ার জন্য প্রস্তুতির কথাও জানান তারা।

অপরদিকে আইডি বিহীন ৬ চ্যালেঞ্জ ভোট নিয়ে প্রশ্ন তুলেন প্রাথমিক ফলাফলে বিজয়ী সভাপতি মাকসুদ চৌধুরী। তিনি বলেন, নির্বাচন কমিশন শুরু থেকেই বলে আসছে আইডি ছাড়া কোন ভোটগ্রহণ করা হবেনা। কিন্তু সেখানে ৬টি ভোট তাহলে চ্যালেঞ্জ ভোট হয় কিভাবে।

এবিষয়ে নির্বাচন কমিশনার মো. হারুন বলেন, এ ব্যাপারে আমি একা সিদ্ধান্ত দিতে পারবনা। আমাদের আরো কমিশনার আছেন। ইলেকশন কমিশন তদন্ত করে তদন্ত প্রতিবেদন অনুযায়ী চ্যালেঞ্জ হিসেবে নেয়া ৬টি ভোটের বিষয়ে সিদ্ধান্ত নিবেন । ঐ ৬টি ভোটের বিষয়ে সিদ্ধান্ত হওয়ার পর চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে।

চট্টগ্রাম সমিতির নির্বাচনে ৬ চ্যালেঞ্জ ভোটের ফলাফল ঘোষিত হলে এ নিয়ে সমিতিতে আবারও জটিলতা সৃষ্টি হতে পারে বলে মনে করছেন অনেকেই। দীর্ঘদিন মামলা জটিলতায় ভুগা চট্টগ্রাম সমিতি কি আবারও একই পথে এগুচ্ছে কিনা এমন আশঙ্কাও করছেন তারা।

সিলেটে গভর্নমেন্ট প্লিডার হিসেবে শামীম সিদ্দিকীর যোগদান

বিশেষ প্রতিনিধি

সিলেট জেলা জজ আদালতের গভর্নমেন্ট প্লিডার (সিভিল মামলায় সরকারি আইনজীবী) হিসেবে যোগদান করেছেন সাবেক ছাত্রনেতা এবং প্রবীণ আইনজীবী শামীম আহমেদ সিদ্দিকী। গত ৫ আগস্ট সরকার পরিবর্তনের সাথে সাথে সমগ্র দেশের আদালত পাড়া বদলে গেছে। উচ্চ আদালত থেকে শুরু করে জেলা পর্যায়ের আদালতে নতুন করে সরকারি কৌঁসুলি নিয়োগ দিতে হয়েছে। এরই ধারাবাহিকতায় আইন মন্ত্রণালয়ের ১৬ অক্টোবর করা এক বিজ্ঞপ্তিতে সিলেট জেলা আদালতে জিপি, পিপি সহ অন্যান্য সহকারী কৌঁসুলিদের নিয়োগ দেয়া হয়।

২১ অক্টোবর সোমবার সিলেট জেলা ও দায়রা জজের কাছে অ্যাডভোকেট শামীম আহমেদ সিদ্দিকী তাঁর যোগদান পত্র জমা করেছেন। অন্যান্য সরকারি কৌঁসুলিরাও এরমধ্যে কাজে যোগদান করেছেন বলে জানা গেছে। গত প্রায় দুই মাস থেকে সরকারি কৌঁসুলিদের অভাবে মামলা জটে পড়েছে আদালত পাড়া। জিপি, পিপি নিয়োগের মাধ্যমে আদালতে বিচারকার্য ত্বরান্বিত হবে।

আশির দশকের তুখোড় ছাত্রনেতা শামীম আহমেদ সিদ্দিকী দীর্ঘদিন থেকে সিলেট জেলা বারে সুনামের সাথে আইনপেশা চালিয়ে আসছেন। জিপি হিসেবে নিয়োগ পাওয়ার পর শামীম আহমেদ সিদ্দিকী প্রথম আলো ইতর আমেরিকাকে বলেছেন ন্যায় ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে যাবেন। তাঁর উপর রাষ্ট্রের অর্পিত দায়িত্ব সুনামের সাথে যেন পালন করতে পারেন, এ নিয়ে তিনি সর্বমহলের সমর্থন, সহযোগিতা ও শুভকামনা প্রত্যাশা করেছেন।

আইন-ট্যাক্স-ফিনান্সের ওপর

শেষ পৃষ্ঠার পর

ফাইন্যান্সিয়াল প্ল্যানাররা। অংশগ্রহণকারীরা এখানে নিজেদের প্রশ্নগুলোর উত্তর এবং প্রয়োজনীয় পরামর্শ সরাসরি বিশেষজ্ঞদের থেকে জানতে পারবেন।

এতে প্রধান বক্তাদের মধ্যে থাকবেন—এটর্নি ব্রুস ফিশার, মোহাম্মদ এন মজুমদার, জাকির চৌধুরি সিপিএ, রিটেলর ইমাম হোসেন, ব্যাংকার আজাদুল ইসলাম, মর্টগেজ লোন অরিজেনেটর শামীম মজুমদার এবং ব্রঙ্কসের অ্যাসিস্ট্যান্ট এটর্নি ডিরেক্টর রাশিদ মজুমদার।

সিপিএ জাকির চৌধুরী এবং ডা. মোক্তার আহমেদ সেমিনারে প্রধান সমন্বয়কের হিসেবে থাকছেন তারা জানান, আমরা অভিবাসীদের আইন, ট্যাক্স এবং ফাইন্যান্স বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করতে এই সেমিনারের আয়োজন করেছি। আশা করছি, এটি অংশগ্রহণকারীদের জন্য অত্যন্ত উপকারী হবে।

সেমিনারের আলোচ্য বিষয়

•ইমিগ্রেশন ও ট্যাক্স আপডেট।
•মর্টগেইজ ও বাড়ি বেচাকেনার সুযোগ সমূহ।
•দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থদের অধিকার সমূহ।
•ইন্সুরেন্স ও অর্থনৈতিক অর্জনের সম্ভাবনা সমূহ।
•ব্যক্তিগত ও ব্যবসায়িক ট্যাক্স সংক্রান্ত খুটিনাটি।
•ছোট বড় ব্যবসা শুরু ও পরিচালনাত তথ্য।
•ফ্রি অনুমোদন, লো-কষ্ট লোন, ফাষ্ট টাইম হোসবায়ার।
•স্বপ্নের বাড়ি কেনার পদ্ধতি ক্লোজিং কষ্ট ও লোন প্রসিডিওর।

প্রসঙ্গত, যুক্তরাষ্ট্রে এসে সম্পূর্ণ অপরিচিত পরিবেশে বেশ জামেলায় পড়তে হয় অধিকাংশ বাংলাদেশিকে। বিশেষ করে আইনি সমস্যা, ট্যাক্স কিংবা আর্থিক বিষয়গুলো বেশি ভোগান্তিতে ফেলে মানুষদের। এসব বিষয়ে পর্যাপ্ত ধারণা থাকলে ব্যবসা বাণিজ্য কিংবা কেনাবেচা করতে সহজ হয়। আর এসব সেমিনার বাংলাদেশিসহ সকলের জন্য বেশ গুরুত্ববহন করে বলে মতামত সংশ্লিষ্টদের।

বাংলাদেশি আমেরিকান পুলিশ

শেষ পৃষ্ঠার পর

বাশার, পুলিশ কমিশনার থমাস জি ডনলন। এছাড়া আরও ছিলেন ইউর ড্রিম হোম কেয়ারের প্রেসিডেন্ট এবং বাংলাদেশ সোসাইটির সাবেক প্রেসিডেন্ট ও ট্রাস্টি বোর্ডের বর্তমান চেয়ারম্যান এম আজিজ, ইউর ড্রিম হোম কেয়ারের সিইও ফয়সাল আজিজ, নিউইয়র্কে বাংলাদেশের কন্সাল জেনারেল নাজমুল হুদাসহ কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ।

অতিথিদের অভ্যর্থনা জানান বাপার প্রেসিডেন্ট এরশাদ সিদ্দিক, প্রথম ভাইস প্রেসিডেন্ট এ কে এম আলম, সেকেন্ড ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ চৌধুরী, সেক্রেটারি রাশেকুল মালিক, মিডিয়া লিঁয়াজো জামিল সারোয়ার, করেসপন্ডেন্ট সেক্রেটারি সৈয়দ এনায়েত আলী, কমিউনিটি লিঁয়াজো সর্দার মামুন, ট্রেজারার মেহেদী মামুন, কো-ট্রেজারার জসীম মিয়া এবং ইভেন্ট কো-অর্ডিনেটর শেখ আহমেদ।

২০১৫ সাল থেকে বাপা এমন অনুষ্ঠানের আয়োজন করে আসছে। প্রতিটি অনুষ্ঠানেই মেয়র এরিক এডামস উপস্থিত থাকতেন। কিন্তু এবার ঘুষ-দুর্নীতি এবং স্বজনপ্রীতির মামলায় অভিযুক্ত হওয়ায় তিনি উপস্থিত হননি।

উপস্থিত অতিথি ও নিউইয়র্ক সিটির পুলিশ বিভাগে কর্মরত বাংলাদেশিদের ধন্যবাদ জানিয়ে ইউর ড্রিম হোম কেয়ারের সিইও ফয়সাল আজিজ বলেন, বাংলাদেশি কমিউনিটিতে বিভিন্নভাবে সহযোগিতা করে যাচ্ছে আমাদের প্রতিষ্ঠান। আপনারা জানেন, আমার বাবা এম আজিজ দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রে ব্যবসা করছেন। তিনি বাংলাদেশ সোসাইটির নির্বাচিত প্রেসিডেন্ট ছিলেন। সুখ-দুঃখে কমিউনিটির মানুষের পাশে দাঁড়িয়েছেন।

তিনি আরও বলেন, আজকের এমন একটি অনুষ্ঠান আয়োজনের জন্য ধন্যবাদ জানাই। এ ধরনের প্রোগ্রাম বাঙালি কমিউনিটির মানুষের পরস্পর বন্ধনকে আরও দৃঢ় করে। আমাদের পরবর্তী প্রজন্মকে এগিয়ে নিতে সাহায্য করে।

তত্ত্বাবধায়ক ফেরাতে এবার জামায়াতের রিভিউ আবেদন

ঢাকা অফিস

তত্ত্বাবধায়ক সরকার ফেরাতে সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায় রিভিউ (পুনর্বিবেচনা) চেয়ে এবার আবেদন করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। দলটির সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এ আবেদন করেন বলে গতকাল বুধবার আইনজীবী মোহাম্মদ শিশির মনির জানিয়েছেন।

এর আগে ১৬ অক্টোবর বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরও ত্রয়োদশ সংশোধনী বাতিলের রায় পুনর্বিবেচনার আবেদন করেছিলেন। তারও আগে সুজন সম্পাদক বদিউল আলম মজুমদারসহ পাঁচজন একই বিষয়ে রিভিউ আবেদন করেছিলেন গত ২৭ আগস্ট। অপর চার ব্যক্তি হলেন তোফায়েল আহমেদ, এম হাফিজ উদ্দিন খান, জোবাইরুল হক ভূঁইয়া ও জাহরা রহমান।

বৃহস্পতিবার তিনটি রিভিউ আবেদন একসঙ্গে শুনানির জন্য আপিল বিভাগের কার্যতালিকায় ৪২ নম্বরে রয়েছে।

১৯৯৬ সালে ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে সংবিধানে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা অন্তর্ভুক্ত হয়। এর বৈধতা নিয়ে রিট করলে ১৯৯৮ সালে রুল জারি করা হয়। রুল শুনানি শেষে ২০০৪ সালে ত্রয়োদশ সংশোধনীকে বৈধ ঘোষণা করা হয়। ২০০৫ সালে আপিল করে রিট আবেদনকারীপক্ষ। আপিল বিভাগ ২০১১ সালের ১০ মে সংখ্যাগরিষ্ঠ মতামতের ভিত্তিতে সংবিধানের ত্রয়োদশ সংশোধনী বাতিল ঘোষণা করে রায় দেন। রায়ের পর তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলোপসহ বেশ কিছু বিষয় নিয়ে পঞ্চদশ সংশোধনী আইন জাতীয় সংসদে পাস হয়।

৮ বছরের সাজা থেকে খালাস পেলেন বাবর

ঢাকা অফিস

লুৎফুজ্জামান বাবর

সম্পদের তথ্য গোপন ও জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে করা মামলায় ৮ বছরের কারাদণ্ড থেকে সাবেক চারদলীয় জোট সরকারের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরকে খালাস দিয়েছেন হাইকোর্ট। তাঁর করা আপিল মঞ্জুর করে গতকাল বুধবার বিচারপতি মো. কামরুল হোসেন মোল্লার একক বেঞ্চ এই রায় দেন।

বাবরের পক্ষে ছিলেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির। দুদকের পক্ষে ছিলেন আইনজীবী এ কে এম ফজলুল হক। রায়ের পর শিশির মনির বলেন, লুৎফুজ্জামান বাবরের করা আপিল মঞ্জুর এবং সাজা বাতিল করে রায় দিয়েছেন হাইকোর্ট। এর ফলে তিনি সাজা থেকে খালাস পেয়েছেন। তাঁর বিরুদ্ধে আরও ১৩টি মামলা রয়েছে। তাঁরা আশা করেন, একটির পর একটি মামলা থেকে তিনি খালাস পাবেন।

দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা ওই মামলায় ২০২১ সালের ১২ অক্টোবর লুৎফুজ্জামান বাবরকে পৃথক দুই ধারায় ৫ বছর ও ৩ বছরের কারাদণ্ড দেন ঢাকার বিশেষ জজ আদালত। ওই সাজার রায়ের বিরুদ্ধে ওই বছরই হাইকোর্টে আপিল করেন বাবর।

জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের অভিযোগে ২০০৮ সালের ১৩ জানুয়ারি দুদক মামলাটি করেছিল।

হবিগঞ্জের পর্যটন সম্ভাবনাকে কাজে লাগিয়ে অর্থনীতি সমৃদ্ধ করতে হবে

হবিগঞ্জ প্রতিনিধি

বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের নির্বাহী কর্মকর্তা আবু তাহের মুহাম্মদ জাবের বলেছেন, পর্যটন শিল্প অপরাপর শিল্পের সাথে গুরুত্বপুর্ন অবস্থানে আছে। হবিগঞ্জ জেলা পর্যটন শিল্পেরক্ষেত্রে অপার সম্ভাবনাময়। কিন্তু এখানে পর্যটকদের নিরাপত্তা সমস্যাটা বড় সমস্যা। তাই আমি হবিগঞ্জের জেলা প্রশাসককে পরামর্শ দেব এখানে টুরিষ্ট পুলিশিং এর ইউনিট খোলার জন্য যথাযথ দপ্তরে চিঠি দেওয়ার জন্য। এছাড়া হবিগঞ্জের রেমা-কালেঙ্গা, সাতছড়ি, লক্ষীবাউর, সাগরদিঘী ও পুরাতন খোয়াই নদীর কথা আলোচনায় এসেছে। আমরা সর্বাত্মকভাবে চেষ্টা করব এইসব স্পটে পর্যটনের সুযোগ-সুবিধা উন্নত করার। হবিগঞ্জের প্রধান প্রধান পর্যটন কেন্দ্রের উন্নয়নে প্রকল্প গ্রহণ করা হচ্ছে।

২২ অক্টোবর মঙ্গলবার সকাল দশটায় জেলা প্রশাসক সম্মেলন কক্ষে " হবিগঞ্জের প্রাকৃতিক সৌন্দর্য সংরক্ষণ ও টেকসই পর্যটন বিকাশে করণীয়" শীর্ষক কর্মশালয় প্রধান অতিথির বক্তৃতার তিনি এ কথা বলেন।

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, জেলা প্রশাসন হবিগঞ্জ, ধরিত্রী রক্ষায় আমরা (ধরা) ও খোয়াই রিভার ওয়াটারকিপার - এর যৌথ আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক ড. মো: ফরিদুর রহমানের সভাপতিত্বে ও খোয়াই রিভার ওয়াটারকিপার তোফাজ্জল সোহেল এর সঞ্চালনায় অনুষ্ঠিত কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিলেট মেট্রোপলিটন ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাম্মদ জহিরুল হক। কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ টুরিষ্ট পুলিশের অতিরিক্ত ডিআইজি মোহাম্মদ সাখাওয়াত হোসেন, হবিগঞ্জের পুলিশ সুপার (অতিরিক্ত ডিআইজি) রেজাউল হক খান, টুরিষ্ট পুলিশ সিলেটের পুলিশ সুপার মো: বিল্লাল হোসেন, বৃন্দাবন সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক মোহাম্মদ ছগীর, বাপা হবিগঞ্জের সভাপতি অধ্যাপক মো: ইকরামুল ওয়াদুদ, ধরিত্রী রক্ষায় আমরা (ধরা) কেন্দ্রীয় নির্বাহী সদস্য আব্দুল করিম কিম ও বিভাগীয় বন কর্মকর্তা ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম।

‘৪০ বছরের নিচে ৪০ জন’

শেষ পৃষ্ঠার পর

প্রাসঙ্গিক ছিল,” তিনি বলেন।

কলেজে জীববিজ্ঞান এবং পরিবেশ বিজ্ঞান পড়ার পর, নাইম মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ সংরক্ষণ সংস্থার (EPA) জন্য জলবায়ু পরিবর্তন যোগাযোগকারী হিসেবে কাজ করেছেন, যেখানে তিনি জাতীয় জলবায়ু নীতি ও বিজ্ঞান সচেতনতা বৃদ্ধির কৌশল তৈরি ও বাস্তবায়ন করেছিলেন।

স্থানীয় প্রভাবের প্রতি তার আগ্রহ তাকে পৌর নীতিতে মনোনিবেশ করতে প্ররোচিত করেছে, যার মধ্যে PlanNYC এবং OneNYC এর মতো বড় বড় জলবায়ু উদ্যোগ রয়েছে। তিনি এখন NYSERDA-তে ডেপুটি চিফ অফ স্টাফ হিসেবে যোগ দিচ্ছেন, যেখানে তার লক্ষ্য হবে পরিচ্ছন্ন শক্তি ও ডিকার্বনাইজেশন লক্ষ্যের উপর কাজ করা। “ফেডারেল পর্যায়ে কাজ করার সময়ও, আমার কাজ সবসময়ই সম্প্রদায়কে উদ্দীপ্ত করার উদ্দেশ্যে ছিল,” নাইম বলেন। “নিউ ইয়র্কবাসীদের সহায়তা করার এবং পরিচ্ছন্ন, সবুজ অর্থনীতিতে রূপান্তরিত করার অনেক সুযোগ রয়েছে।”

এগিয়ে সভাপতি মাকসুদুল

শেষ পৃষ্ঠার পর

করে। সিনিয়র সহসভাপতি বিল্লাল সহ ১১টি পদে জয়লাভ করেছেন মাকসুদ-মাসুদ প্যানেলের প্রার্থীরা। সভাপতি পদে মাকসুদ না তাহের নির্বাচিত হলেন তা নিষ্পত্তি হয়নি এখনো।

মাকসুদ-মাসুদ পরিষদের এগিয়ে থাকা কিংবা বিজয়ী প্রার্থীরা হলেন মুক্তাদির বিল্লাহ, আলী আকবর, আইয়ুব আনসারী, কলিম উল্লাহ, হারুন ভূইয়া, সুমন উদ্দীন, মোহাম্মদ ফরহাদ, শিমুল বরুয়া, আকতারুল আজিম, নুরুস সাফা, শাহ আলম ও শওকত আলী।

তাহের-আরিফ পরিষদের বিজয়ীরা হলেন আরিফুল ইসলাম, মোহাম্মদ টি আলম,নুরুল আমিন,ইমরুল কায়সার,এনামুল হক চৌধুরী,জাবের শফি ও মোহাম্মদ ঈশা।

মোট ৪টি ভোট কেন্দ্রের মধ্যে মাকসুদ-মাসুদ পরিষদ স্ট্যাম্পফোর্ডে ৫০, জ্যামাইকায় ৩০ ও ব্রুকলিনে ২৭ ভোটের ব্যবধানে এগিয়ে আছে। তাহের-আরিফ পরিষদ ফিলাডেলফিয়া কেন্দ্রে ১২০ ভোটের ব্যবধানে বিজয়ী হয়েছে।

নির্বাচন কমিশনের অন্যতম সদস্য মোহাম্মদ সেলিম হারুন সংবাদমাধ্যমকে জানান, ২ ভোটে মাকসুদ এগিয়ে আছেন। ৬টি ভোটের ব্যাপারে আপত্তি এসেছে তাই তা গণনা করা হয়নি। ২/৩ দিনের মধ্যে তা খতিয়ে দেখে তা চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হবে বলে তিনি জানান। ভোট এখন ভোটিং কোম্পানীর কাছে সীলগালা অবস্থায় রয়েছে বলে তিনি নিশ্চিত করেন।



ডাইভার্সিটি প্লাজায় পিপল আপের উদ্যোগে বর্ণাঢ্য নির্বাচনী সমাবেশ

উত্তর আমেরিকা অফিস

ডেমোক্রেটিক প্রার্থীদের পক্ষের প্রচারণায় ডাইভার্সিটি প্লাজা এখন এক অনন্য ক্ষেত্র। প্রায় এক বছর ধরে ডেমোক্রেটিক রাজনৈতিক প্লাটফর্ম পিপল ইউনাইটেড ফর প্রোগ্রেস পিপল আপ বাংলাদেশী আমিরকানসহ বিভিন্ন জাতিগোষ্ঠীর মাঝে প্রেসিডেন্সিয়াল নির্বাচনের বিভিন্ন পর্বের প্রচারণা ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রেখেছে। জাতীয় নির্বাচনের ১৬ দিন সামনে রেখে ১৯ অক্টোবর শনিবার সন্ধ্যায় নির্বাচনী সমাবেশ বা জিওটিভি র‍্যালীর আয়োজন করলেন পিপল আপ প্রসিডেন্ট, আসন্ন নির্বাচনে কুইন্স কাউন্টি কমিটি মেম্বার প্রার্থী আবু জাফর মাহমুদ। তিনি বলেন, বাংলাদেশিসহ বিভিন্ন জাতিগোষ্ঠীর মাঝে আমেরিকার রাজনীতি ও নির্বাচন সম্পর্কিত তথ্য পৌছে দেয়ার জন্যই এই উদ্যোগ। আমেরিকায় সাধারণ জনগণের পক্ষে রাজনীতি, ভোট ও প্রার্থীদের সঙ্গে সম্পর্ক গড়ে তোলার কোনো সুযোগ নেই। একজন ভোটার শুধু ভোটাধিকার প্রয়োগ করবেন, কিন্তু যাকে ভোট দিলেন তার সঙ্গে তার কোনো যোগাযোগ গড়ে উঠলো না। এ অবস্থার পরিবর্তন ঘটাতে হবে।

তিনি ভোটারদের সামনে তুলে ধরেন, সকল শ্রেণীর মানুষ কেন ভোট দেবেন ডেমোক্রেট প্রার্থী কমালা হারিসকে। তিনি বলেন, কামালা হারিস জো বাইডেন সরকারের ভাইস প্রেসিডেন্ট হিসেবে এ পর্যন্ত যত উদ্যোগ নিয়েছেন তার সবগুলিই আমেরিকার সকল জাতিগোষ্ঠীর জন্য দৃষ্টান্তমূলক। সর্বশেষ এক সপ্তাহ আগে ঘোষণা করেছেন, যাদের মেডিকেয়ার থাকবে, তারাই হোম কেয়ার সেবা পাবেন। আমরা মনে করি, এটি এক যুগান্তকারী সিদ্ধান্ত। ভাইস প্রেসিডেন্ট যেভাবে আমাদের বৃদ্ধদের জন্য, গরীবদের জন্য, মধ্যবিত্ত এবং স্বল্পআয়ী মানুষদের জন্য কাজ করে যাচ্ছেন, সমর্থন দিয়ে যাচ্ছেন আমরা সবাই ভোট দিয়ে তার প্রতি সমর্থন জানাবো। তিনি বলেন, যারা লুটেরা তারা পৃথিবীর জায়গায় জায়গায় লুট করে চলেছে, তারা স্পষ্টভাবে বলেছে, ক্ষমতায় আসলে এদেশ থেকে মুসলমানদের তাড়িয়ে দেবে। অতীতেও অনেক রকম আস্ফালন করেছিল। সে কারণেই আমাদের সবাইকে সজাগ হতে হবে।

তিনি ভোটাধিকার প্রয়োগের গুরুত্ব তুলে ধরে বলেন, আমরা যত বেশি ভোট প্রদানে আগ্রহী হব, তত বেশি আমাদের নাগরিক মর্যাদা বাড়বে।

তিনি বলেন, ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট প্রার্থী কমলা হ্যারিস এবার জিতবেন। জনগণের ভোট, ইলেক্টরাল ভোট ও উচ্চ পর্যায়ের সমঝোতায় আগাম ফলাফল আমরা পেয়েছি, তাতে কমালা হারিসের জয় সুনিশ্চিত।

তিনি ভোটকেন্দ্রে গিয়ে ব্যালটে ডেমোক্রেটিক লাইনের প্রত্যেক প্রার্থীকে ভোট প্রদানের জন্য ভোটারদের প্রতি আহ্বান জানান। আবু জাফর মাহমুদ বলেন, আমরা যখন সিটিজেন হয়েছি, আমরা অঙ্গীকার করেছি আমেরিকার স্বার্থ সংরক্ষণ করবো। পৃথিবীর যেখানেই হোক আমেরিকার স্বার্থ রক্ষা করে চলতে হবে আমাদের। আমেরিকার বৈদেশিক নীতি, আমেরিকার অর্থনীতি, রাজনীতি সবকিছুর সঙ্গে নিজেদের বোঝাপড়া একীভূত করতে হবে। প্রত্যেক নাগরিককে বিশ্বনেতৃত্বের শক্তি উপলব্ধি করতে হবে। আমেরিকায় থেকে যারা আমেরিকার বিরুদ্ধে ভূমিকা রাখছেন, আমেরিকার বিরুদ্ধে কথা বলছেন, তারা বিশ্বাসঘাতক। এটি কখনোই বিশ্বাসী ও অঙ্গীকারাবদ্ধ নাগরিকের কাজ নয়।

খোলা প্রাঙ্গনে ঝলমলে আলো আর এলইডি মনিটরে তথ্যবহুল প্রচারণায় সাধারণ মানুষের জন্য ছিল অনেক প্রাপ্তির উপকরণ। ছিল প্রামাণ্যচিত্র, কেন ভোট দেবেন ডেমোক্রেট প্রার্থীদের।

ছাত্রলীগ নিষিদ্ধ করায় আমরা খুশি: গয়েশ্বর

ঢাকা অফিস

অন্তর্বর্তী সরকার ছাত্রলীগ নিষিদ্ধ করায় বিএনপি খুশি হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। তিনি বলেছেন, ‘অন্তর্বর্তী সরকার ছাত্রলীগকে নিষিদ্ধ করেছে, এটা খুবই দুঃসাহসিক কাজ। এতে আমরা আপত্তি করছি না। আমরা খুশি হয়েছি। কিন্তু যদি বিএনপিকে নিষিদ্ধ করে তখন আমরা কী করব?’

রাজধানীতে জাতীয় প্রেসক্লাবের মওলানা মোহাম্মদ আকরম খাঁ হলে গতকাল বৃহস্পতিবার জাগ্রত বাংলাদেশ আয়োজিত ‘দেশের বর্তমান প্রেক্ষাপটে অন্তর্বর্তীকালীন সরকার ও রাজনৈতিক দলের করণীয়’ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে গয়েশ্বর চন্দ্র রায় এসব কথা বলেন।

নির্বাচন প্রসঙ্গে গয়েশ্বর বলেন, ‘নির্বাচন করার জন্য যতটুকু সময় দেওয়া দরকার আমরা ততটুকু সময় দেব। সে সময়টা অতিক্রম হয়ে গেলে জনগণের মালিকানা ফিরিয়ে দেওয়ার জন্য বিএনপি ঘরে বসে থাকবে না।

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্
ট্যাক্স
★ পারসনাল ট্যাক্স
★ বিজনেস ট্যাক্স
★ সেল্‌স ট্যাক্স
★ বিজনেস সেটআপ
AUTHORIZED IRS e-file PROVIDER
ইমিগ্রেশন
★ ফ্যামিলি পিটিশন
★ সিটিজেনশীপ আবেদন
★ গ্রীণকার্ড নবায়ন
★ সব ধরনের এফিডেভিট
আলম টুর এন্ড ট্রাভেলস
AIR TICKET
-Emirates - Qatar Airways - Etihad Airways - Turkish Airlines - Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com
Immigrant Elder Home care LLC
Authorized Homecare Provider Department of Health, State of New York
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে
প্রতি ঘণ্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং
আমরা কোন ফি চার্জ করি না।
Jahangir M Alam
President & CEO
72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

সুখবর! সুখবর!!
আমেরিকান সিটিজেনদের জন্য
সৌদি আরবের ১০/৫ বছরের মাল্টিপল
ভিসা স্বল্পমূল্যে পেতে এবং গ্রীনকার্ড
দারীদের জন্য উমরাহ ভিসা পেতে
আজই যোগাযোগ করুন।
571-830-9213
Email: rashid.ozonepark@gmail.com

ভিজিট বা ষ্টুডেন্ট অথবা ট্রানজিট বা অন্য যে-কোন ভিসায়
কিংম্বা মেক্সিকো বর্ডার দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ
এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি'র ১০০% নিশ্চয়তা
E2 EB3 L1A EB5 SIJS VAWA POLITICAL ASYLUM
আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পরে যান - নিশ্চিন্তে চলে আসুন আমাদের কাছে। আমরা গ্রীনকার্ড এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতায় গ্রীনকার্ড থেকে কন্ডিশন রিমোভ করতে সমস্যা হলে আমাদের সংগে যোগাযোগ করুন। মনে রাখবেন, আপনাকে গ্রীনকার্ড আপনার স্বামী বা স্ত্রী দেয়নি, দিয়েছে ইউএসসিআইএস। সুতরাং আপনার গ্রীনকার্ড রিভোক করার কোন ক্ষমতা-ই আপনার স্পাউসের নেই। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে নিশ্চিন্তে আমাদের সংগে কথা বলুন।
এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ
ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি'তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিস্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -
গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে
(718) 839-5812 টেক্সট করুন, আমরা কল ব্যাক করবো
163-10 HILLSIDE AVE, JAMAICA, NY 11432

TUITION FREE TAX SCHOOL *

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

And Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

Day, Evening & Weekend Classes are available for your convenience.

Please Contact : **718-297-3500**

LIBERTY TAX SERVICE

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435
Email: libertytaxschool101@gmail.com

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave. Train Station, Close by F & E Train)

* The Tuition Fee is Free. The cost for books and materials varies per location.

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

Thinking of
BUYING
SELLING
INVEST, RENT
বাড়ি ক্রয়-বিক্রয়
করতে যোগাযোগ করুন
917-631-5050

- Residential
- Commercial
- Pre-Foreclosure
- Co-op & Condo

Mijanur Rahman (Mijan)
Licensed Real Estate Agent
917-631-5050
189-10 Hillside Ave, Suite E
Hollis, Queens, NY 11423
Tel: 718-262-0205,
Fax: 718-262-0264
Email: RealtorMijan@gmail.com
www.EXITprimeNY.com
EXIT REALTY PRIME
REBNY MLS
Email: RealtorMijan@gmail.com

MIJAN REAL ESTATE LTD.
মিজান রিয়েল এস্টেট লিমিটেড
Reg.No.C-187784
বাড়ি-জমি
ফ্ল্যাট-প্লট
ক্রয়/বিক্রয়
বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা
বনশ্রী, ধানমন্ডি, গুলশান, ঢাকা
ও চট্টগ্রাম-এ জায়গা, বাড়ি প্লট,
ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য
আমাদের সাথে যোগাযোগ করুন।

Mijanur Rahman (Mijan)
Chairman & CEO.
917-631-5050
USA Address:
127-14 101 Avenue
Queens, NY 11419
Bangladesh Contact:
Dilu : +880 130-473-4949
Dr.Ali : +880 171-195-9024
Arif : +880 171-151-0542
Email: RealtorMijan@gmail.com

প্রথম আলো
Prothom Alo North America

কবিতার একপাতা

গাজী রফিক

কবিতার একপাতার সম্পাদক কবি ফারুক ফয়সল আপনাকে আন্তরিক অভিনন্দন ও সাধুবাদ জানাই। দীর্ঘ ছ'বছর ধরে নিষ্ঠার সাথে নিরবচ্ছিন্ন ভাবে পাতাটি সম্পাদনা করার জন্য। সাহিত্য সম্পাদনার কাজটি যতটা আনন্দের, ততটাই বিরক্তিকর অথবা বিপজ্জনক। আমি নিজে সম্পাদনার কাজের সাথে জড়িত ছিলাম অতীতে, তাই অভিজ্ঞতা থেকে এমন মনে হলো। এ কাজটি সবসময় সুখকর হয়না, তেমনি আবার এর ঝুঁকিও রয়েছে। তাও হৃদয়বান সাহসী সম্পাদকগণ বীরত্বের সাথে এ দায়িত্বে উৎসাহী হন। তাঁদের উৎসাহের কারণেই সাহিত্য চর্চা নিত্যনতুন পরিভাষা ও গতি লাভ করে, যার ফলাফল প্রাণে প্রাণে সৃজনশীলতার আলোকসম্ভাবনা জাগিয়ে দিয়ে মানবিক বুদ্ধিবৃত্তিতে মানুষকে হয়তো শক্তিশালী করে। আসলে সাহিত্যের দায়িত্ব নির্ধারণ করে দেয়া কোনো সমালোচকের কাজ নয়। সম্পাদকের দায়িত্বও সম্ভবত তার থেকে আলাদা কিছু।

সম্পাদক তাঁর নিজের রুচিমত লেখা লেখকের কাছ থেকে আদায় করেন, এখানে কোন মানের লেখা তিনি নেবেন তা তার এখতিয়ার। তবে আশার বিষয় সম্পাদনার মান মর্যাদা যেখানে তলানিতে গিয়ে ঠেকেছে, ‘কবিতার একপাতা’ সেখানে এখনো রুচি ও মর্যাদার জায়গাটি ধরে রাখতে পারছে, এটা আমার কাছে গুরুত্বপূর্ণ মনে হয়েছে। কারণ আশি দশকের গোড়া থেকে আমরা যারা বড় বড় সম্পাদকদের হাত দিয়ে কবিতা প্রকাশের জন্য নির্বাচিত হলে আনন্দ পেতাম, তাদের অনেকেই এখন আর পত্রিকার পাতায় কবিতা লিখিনা। কবি ফারুক ফয়সল আপনাকে ভালোবাসা জানাই।

বাংলাভাষার সমকালীন অগ্রসর কবিতাকেই তুলে ধরেছেন দেশপ্রেমের তাড়নায়...

হেনরী স্বপন

কবিতা কি দিব্য ডিসকোর্স? হবেই হয়তো, কবি যদি ঈশ্বর হন! তাহলে তার আবেগেও তারুণ্যের কস্তুরীহরিণ ছুটে বেড়াবে কাব্যগন্ধী পাগলামো হাওয়ায়। যদিও সময় এবং সময়ের কবিতা তার মিনিং মেনেই এগিয়ে চলে। সেহেতু কোনকালেই কবিতা পাঠকের প্রয়োজন-অপ্রয়োজন মেনে লেখা হয়নি। তবে, এই সময়ের কবিতা মুড-শাসিত, দূরবিস্তারি এক ধরনের গূঢ় মুগ্ধতায় রচিত হয় বলেই হয়তো, পাঠকের কাছে আজকের কবিতা কিছুটা বিশৃঙ্খল উপাধিতে অভিষিক্ত।

তবে, কলোনিয়াল সময়ের শেষ দিকটায় আমাদের কবিতা যে ব্লাকহোলে আক্রান্ত হয়েছিল, হয়তো সেখান থেকে উঠে আসছে, ঘন হচ্ছে, মুছে ফেলছে সেই দাসত্বের দাগ।কবিতার এটাই এখন প্রায়শ্চিত্ত! নিজের দিকে ফেরার— নিজস্ব উপাদান ও একান্ত নৃতাত্বিক মুডগুলোকে অনর্গল ডিকশনে ফিরিয়ে আনার চেষ্টা। হয়তো আবার অতীত সূত্রের ধারাবাহিকতায়, এমন

কিছুর মিশ্রণ... এবং যৌনতা যুক্ত হচ্ছে, যা আরও এক অভিনব বিকলন। কিন্তু আমাদের কবিতায় এই বিকলনই সত্য অভিনবত্ব এখন। তাই এ-সময়ের

কবিতা ও কবিতার সাধারণ উপাদানগুলো তার শরীর হারিয়ে— মুডে নিমজ্জিত হয়ে, প্রাণের কাছে গিয়ে অন্যমন্ত্র হয়ে উঠছে। এভাবেই তৈরি হচ্ছে নানাদৃশ্য,

ইমেজারি মুছে ফেলা শব্দ। তৈরি হচ্ছে শব্দের নিকটতম দূরত্বের গ্রাফ। তবুও এই আপাত বিশৃঙ্খলার অভ্যন্তরে যে শৃঙ্খলার অমৃতধারা, ক্রিয়াসূত্র রয়েছে কিংবা বিমানবায়নের মধ্যে মানবায়নের যে বীজমন্ত্র আছে, তা প্রায়শই স্পষ্ট হতে হতে যেনো কোনও এক কুয়াশায় আচ্ছন্ন হয়ে যাচ্ছে এখনকার কবিতার ট্রেন্ডগুলো...।

তাইতো, যে কবিতা- কবিতার মধ্যে আরো অনেক কবিতার ভ্রুণ হয়ে বেড়ে ওঠার প্রবণতা আছে, হয়তো তা থেকেই শুরু হয় কবিতায় কল্পনার গভীরতা কিংবা

সামগ্রিক বোধের মানবিক সময়োচিত দর্শন। এজন্যেই কবিতার অভিনবত্ব ও সময়োচিত দর্শনের খোঁজে ২০১৮ সালের নভেম্বর থেকে ২০২৪ সালের অক্টোবর পর্যন্ত অর্থাৎ ছ'বছর ধরে উত্তর আমেরিকার নিউইয়র্ক

থেকে নিয়মিত প্রতিমাসে কবি ও প্রাবন্ধিক ফারুক ফয়সলের সম্পাদনায় প্রকাশিত হচ্ছে ‘প্রথম আলো উত্তর আমেরিকা— কবিতার একপাতা’। সম্পাদক নিজেও একজন বহুমাত্রিক মুগ্ধতার কবি বলেই হয়তো তিনি সাহিত্যের গভীর মূল্যবোধ ও আদর্শকে পাথেয় করেই মৌলিক ও সময়ের কবিতার আত্মানুসন্ধান করেছেন প্রতিনিয়ত। ফলে নিয়মিত প্রকাশিত কবিতার একপাতায় কেবল সতর্ক শব্দচয়ন, উপমা, উৎপ্রেক্ষার

ব্যবহারে দূরদর্শীতা, গভীর দর্শন দিকবিবেচনায় এযাবৎ প্রকাশিত সকল কবিতাই সর্বার্থে আধুনিক কবিতার নতুন দিক উন্মোচনের দাবী রাখে। কারণ, বাংলা কবিতার বিশ্বায়নের ক্ষেত্রে সম্পাদক বরাবর সারাববিশ্বে ছড়িয়ে থাকা বাংলাভাষার সমকালীন অগ্রসর ও মেধাবী কবিদের কবিতাকেই তুলে ধরেছেন দেশপ্রেমের তাড়নায়।

তাই, ‘কবিতার একপাতা’র এই ষষ্ঠবর্ষ পূর্ণ করার এই অভিযাত্রায় আমাদের আত্মবীক্ষণের একটা বড় সুযোগ তৈরি হয়েছে। যেহেতু বছরের পর বছর এই কবিতাপত্রকে যাঁরা সমৃদ্ধ করেছেন, এক্ষেত্রে কৃতজ্ঞচিত্তে শ্রদ্ধা ও প্রণাম জানাই সম্পাদক এবং পত্রিকা সংশ্লিষ্ট সকল কার্যকর্তা ও এর প্রকৃত প্রভু আমাদের পাঠকদেরকেও...। সম্পাদক তো... পাঠকের আকাঙ্খাকে সম্মান করেছেন, ভালোবেসেছেন কবিতার অক্ষয়, অক্ষর, শব্দ, ভাষাতে, আস্থা রেখেছেন লেখকের লেখনীর শক্তিকে। এক্ষেত্রে সম্পাদক তাঁর কবিতা নির্বাচনে ঢালাওভাবে কবিতাকে কবিতাকে ট্রাস্ট করেননি। ইস্যুভিত্তিক বিষয় ও ভাবনানুযায়ী মনোনীত কবিদের নিমিত্তে অতিসন্তর্পনেই নিজের চাহিদাকে প্রাধান্য রেখে কবিদের শ্রেষ্ঠ লেখাটিই আদায় করে নিতে সচেষ্ট ছিলেন।

সন্দেহ নেই, কবিতার এই দীর্ঘ যাত্রাপথ অনেক বন্ধুর ছিল। যে পথের বাঁকে বাঁকে বহু অপ্রত্যাশিত ও প্রত্যাশিত বাধা ছিল। যা অতিক্রম করার পথ ও পথিককে ক্রমাগত প্রসার ঘটানোর জন্যই বাংলাভাষার উত্তরাধিকারকে সমৃদ্ধ করার চিরন্তন সাধনাই সুদূর আমেরিকা থেকেই পালন করে চলেছেন কবি ফারুক ফয়সল।

কবিসত্তার নির্জনতা

তাপস গায়েন

কবিতায়, কবি এমন এক নির্জনতার মুখোমুখি হন যা লৌকিক জগতে কবির নিঃসঙ্গতার বেদনা নয়, কিংবা সাহিত্য-নির্মাণের জন্য কবির একাকীত্বের অনুধ্যানও নয়, যেমনটি কবি রাইনারমারিয়া রিলকে অনুভব করেছিলেন অর্ফিয়ুসের উদ্দেশে সনেটগুচ্ছ লেখার প্রাক্কালে । এক অনিশ্চয়তার মধ্যে কবিতার উন্মেষ এবং অনন্য এক অপূর্ণতার ভিতরে তার সমাপ্তি; এই অপূর্ণতার বোধ থেকে শুরু হয় সৃষ্টির নতুন প্রয়াস ; কবি নিজের অজান্তেই নিজেকে আলাদা করে ফেলেন তাঁর সৃষ্টিপ্রক্রিয়া থেকে, এবং নতুন কাজের ভিতর দিয়ে নিজেকে নিরাকার করে তুলতে চান, আর এই পুনঃপুনঃ নির্মাণের মধ্য দিয়ে নিজের সত্তাকে অনুভব করেন, তাঁর নিজস্বস্বকীয়তায় আস্থাশীল হয়ে উঠেন; কিন্তু, তাঁর সকল প্রক্রিয়া ব্যর্থ হতে বাধ্য, কারণ তাকে ভাষারমধ্য দিয়েই বাহিত হতে হয় । প্রকৃত অর্থেই, সত্তা অনেক কাজ নয়, বরং একটি কাজের মধ্যে তার অসীমতাকে অনুভব করতে আগ্রহী। প্রতিটি শিল্পকর্ম শেষাবধি নয় অপূর্ণ কিংবা সম্পূর্ণ; যা সে হয়ে উঠেছে, সে তাই; এসবের বাইরে কবি যা প্রকাশ করতে ইচ্ছুক, তার অভিমুখ কিছুই নির্দেশ করে না । অন্যদিকে, কবি নিজেকে কাজের মধ্যে আস্থাশীল দেখতে চান, তিনি সেক্ষেত্রে নিক্ষিপ্ত হন এক নির্জনতার মধ্যে, যা নির্দেশ করে এক সত্তাকে, যা কাজ নয়, বরং কাজের ছায়ার মধ্যেই আবর্তিত, যা কবির জন্য এক অনিবার্য নির্জনতা । তাহলে, কবিতা কী? কবিতা, বোধকরি, তাই যা এখনও লেখা হয়ে উঠেনি ।

কবিতার এই অনির্দিষ্টতাকে একইসাথে মান্য ও অমান্য করে কবি এবং প্রাবন্ধিক ফারুক ফয়সল নিউইয়র্ক থেকে প্রকাশ করে চলেছেন ‘প্রথম আলো উত্তর আমেরিকা’র বাংলা কবিতার মাসিক বিশেষ আয়োজন, ‘কবিতার এক পাতা ।’ বিগত ছয় বছরে তাঁর সম্পাদনায় ‘কবিতার একপাতা’য় প্রকাশিত হয়েছে প্রায় ৬৬০টি কবিতা, যা প্রকৃতপক্ষেই সাফল্যের এক স্মারক । অনন্যসাধারণ এই সম্পাদক বাংলা কবিতার যে বৈভব তুলে এনেছেন, সেই অর্জনকে যেন আমরা বুকে ধরে রাখি।

বাংলা কবিতার প্রসার প্রসঙ্গে

জিললুর রহমান

‘কবিতা’ শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ ‘সৃষ্টি’ হলেও কালে কালে সৃজনশীল লেখার জগতে নানারকম ফর্মের আবির্ভাব ও বিকাশ ঘটার কারণে কবিতা একটা নির্দিষ্ট সীমারেখার মধ্যে নিজের কৌলীন্য বজায় রেখে এখনও অনুভূতিপ্রবণ মানুষের মেধা ও মননকে নাড়া দিয়ে চলেছে। তার জন্য কবিতাকে কবিতা হয়ে ওঠার সংগ্রাম করতে হয়েছে নিরন্তর। কবিতার এই সংগ্রাম হলো সংবাদ, গল্প, ফিচার এবং ফটোগ্রাফি থেকে নিজেকে স্বতন্ত্র করে গড়ে তোলার প্রয়াস। তাই শিল্প বিমূর্তের দিকে এগিয়ে চলে মূর্তের প্রকাশে এবং সাধারণ্যের কাছে ক্রমশ দুরূহ হয়ে ধরা পড়ে। কিন্তু কবিতার সত্যিকার পাঠক, যিনি এ রসে মজেছেন, তিনি এই কবিতার আনন্দে বিভোর থাকতে পারেন, যেমন বিভোর থাকেন শাস্ত্রীয় সংগীতের শ্রোতা ও শিল্পী। তাই সময়ের সাথে সাথে শাস্ত্রীয় সংগীতে যেমন, তেমনি কবিতার সমঝদারও কমে এসেছে। পৃথিবী জুড়েই একই দৃশ্য। একটা উপন্যাস যত পাঠকের কাছে পৌঁছায়, কবিতা পৌঁছায় তার শতভাগের বা সহস্রভাগের একভাগ পাঠকের কাছে। তবু কবিতা লেখার মানুষ কিন্তু সংখ্যায় বেশী, সম্ভবত এর কারণ, পাঠক বা লেখক কারোরই কোন অনুশীলন ছাড়াই এ মাধ্যমটি সামাজিক প্রডাকটিভিটি থেকে বিচ্ছিন্ন হয়ে একবিংশ শতকে রেড়ির তেলের বাতির মতো ধুকেধুকে জ্বলছে।

তারপরও বহু বৈচিত্রে রঙিন হয়ে সজ্জিত হয় কবিতা, বিশেষত কবিতার কাগজ বা লিটল ম্যাগাজিনগুলোতে। কবি ও পাঠকের পাঠসমৃদ্ধি ভেদে নানা স্তরের কবিতা সমাজের নানা স্তরে রচিত এবং পঠিত হয়। জাতীয় দৈনিকগুলো একসময় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখলেও ইদানীং সাহিত্য সম্পাদকগণের বিবেচনাবোধের সাথে স্বজন-সৌজন্যের মেলবন্ধন ঘটায় জাতীয় দৈনিকের কবিতার পাতা সত্তর-আশি দশকের জৌলুস হারিয়ে ফেলেছে। বিশ্ব পরিস্থিতি বাংলাদেশ থেকে কিছুটা ভাল হলেও উপন্যাসের তুলনায় কবিতার বাজার অনেক নীচেই থেকে যায়। বাংলা কবিতার বই সাধারণত লেখকভেদে ২০০ থেকে ৫০০ পর্যন্ত ছাপা হয়ে থাকে, বাংলাভাষী মানুষের সংখ্যার তুলনায় তা নস্যিতুল্য। এর মধ্যেও মরিয়া হয়ে লিখে যাচ্ছেন কিছু নিবেদিত কবি, ছাপা হচ্ছে লিটল ম্যাগাজিন। বেশ কিছু দৈনিক সাহিত্যের পাতা বন্ধ এবং সংকুচিত করে দিলেও উল্লেখ করতেই হয় কয়েকটি জাতীয় দৈনিক, যেমন সংবাদ, কালের কণ্ঠ, ভোরের কাগজ-সহ বেশ ক'টি সাহিত্যের পাতা নিয়মিত প্রকাশ করছে এবং পরিচয় করিয়ে দিচ্ছে বিভিন্ন কবির সাথে। প্রথম আলো নিয়মিত তার সাহিত্যের পাতা গুরুত্ব দিয়ে প্রকাশ করে যাচ্ছে।নিউইয়র্ক থেকে প্রকাশিত প্রথম আলো উত্তর আমেরিকা প্রতি মাসে প্রকাশ করে ‘কবিতার এক পাতা’। এই পাতায় দেশে বিদেশে অবস্থানকারী কবিদের কবিতা নিয়মিত ছাপা হয়ে আসছে বেশ ক'বছর ধরে। প্রতিটি সংখ্যায় অন্তত বেশ কয়েকটি ভাল কবিতা প্রকাশিত হয়। প্রবাসী বাঙালিদের মধ্যে কবিতা জনপ্রিয়করণেও কাগজটির নিশ্চয় একটা ভূমিকা রয়েছে। কবিতার একপাতা যেন ভবিষ্যতে দুই দেশ ও দুই ভাষার কবি ও পাঠকদের মধ্যে একটা সেতুবন্ধ রচনা করতে পারে সেই কামনা রইল।



‘কবিতার এক পাতা’
ষষ্ঠ বর্ষপূর্তি সংখ্যা

লাটিম

বিমল গুহ

আমাকে কোথায় এনে দাঁড় করিয়েছো ঝড়োমেঘ
কী পরীক্ষা নিতে চাও আজ?
আকাশে রোদের রঙে
হেসে ওঠে দীপ্ত মহাকাল
দূরে উল্কাবৃষ্টির মতো ধাবমান স্ফুলিঙ্গ—তারকামণ্ডলী
আমাকে কোথায় এনে দাঁড় করিয়েছো এইবেলা?

আমার চারপাশে দেখো বরফাচ্ছাদিত প্রান্তর
ঠাণ্ডার প্রকোপ
হুমড়ি খেয়ে পড়েছে প্রত্যুষে সবখানে!
এখন দুপুর
বরফের কুঁচি-আঁকা মধ্যদুপুর
রোদের বর্ণালী যেন লাফিয়ে পড়ছে ওই বরফ-রাস্তায়;
দেখি— শশব্যস্ত মধ্যদুপুর একা
মাথা কুটে ঝিমধরা লাটিমের মতো চেনা আঙ্গিনায়।

পরানধ্বনির বাদ্যযন্ত্র

ঝর্না রহমান

একটা ডুগডুগির খোঁজে আমি হেঁটে যাচ্ছি পূর্বপুরুষের গ্রামের দিকে
এ ডুগডুগিতে বাজে আমার পরানধ্বনি।
এ ধ্বনি বেজেছে রোজ তামাটে চামড়াঢাকা দেহের খোলসে
লৌকিক পরিক্রমা শেষে ডুগডুগি আসে নাই ফিরে আর প্রজন্মমেলায়
ডুগডুগিটা আমাকে খুঁজে পেতেই হবে।
হয়তো বা সংযোগ সড়ক থেকে নেমে গেলেই
যে গাঁয়ের পথ, ডুগডুগিটা পড়ে আছে সেইখানে
প্রাচীন বটের ডালে থুত্থুড়ে জ্ঞানবুড়ো-পেঁচার খোঁড়লে।
একথা জেনেছি আমি ভোরের মিছিল থেকে মাঙ্গলিক হুতুমের কাছে।

একটা একতারার খোঁজে আমি ঘর থেকে বেরিয়ে এসেছি।
হেঁটে যাচ্ছি বিলুপ্তপ্রায় কোনো মেঠোপথ ধরে।
একতারাতে বাজে আমার দেহলাউ চিন্ময় খোল
একতারে প্রতিদিন টংকার তুলে যেতো প্রপিতামহদের বাউল আঙুল
মেঠোপথ পরিক্রমা শেষে একতারা পড়ে আছে নির্জনতায় কোনো লতাকুঞ্জ তলে,
একতারাটা আমাকে খুঁজে পেতেই হবে।
হয়তোবা প্রাচীনা মাতাদের বীজ লাউ ঝুলেছিল যে সতেজ জংলায়
একতারা পড়ে আছে সেইখানে ভেষজ বাগানে।
আজও সুরে বাঁধা আছে সহজিয়া বাউলের লাউ
একথা জেনেছি আমি আত্মার ধুন থেকে নিঃশব্দে ছড়িয়ে পড়া মরমীয়া গানে।

একটি বাঁশের বাঁশি, সহজ সারিন্দা কিংবা মৃদঙ্গ, মন্দিরা
খুঁজতে খুঁজতে আমি পেরিয়ে যাচ্ছি সব নাগরিক ইটভাটা দালানকোঠা
শুকনো নদীর সোঁতা কঙ্কাল সাজিয়ে রাখা যত জাদুঘর।
আমাকে খুঁজে পেতেই হবে হারানো রত্নভরা সুরেলা সিন্দুক,
যেখানে সোনার কৌটোয় সযত্নে রাখা আছে প্রাণভোমরার মত সত্য গুপ্তধন।
হৃতরাজ্য পুনরুদ্ধার করে আমাকে খুঁজে পেতেই হবে
হাজার বছর ধরে জীবন জাগানো যত সহজিয়া সুর
এরপরে গেয়ে যাব প্রকৃত সংগীত।

ব্রহ্মপুত্র দাঁড়াও

শিহাব শাহরিয়ার

হঠাৎ যেন সরে গেলো ল্যান্ডস্ক্যাপের শাদা চোখ?
হঠাৎ ভুলে গেলাম জীবনানন্দের ‘তিমির হনন’?
আমি পড়িনি—মার্কস, নেরুদা, গোর্কী, ‘গোরা’?

কেন গলির-গন্ধ ছাড়া কিছুই আসছে না নাকে!
কেন ভাতের থালা—কব্জায় কারসাজি দেখছি?
উত্তর-দক্ষিণ কোথায়? কোথায় শহরের কাকেরা
নেকড়েরা নগরে সাঁতরাচ্ছে ক্লান্ত ঢেউয়ের মতো

হাত থেকে কেন উড়ে যাচ্ছে পিতার কালো কোট?
মাজার-মুরিদ নেই, ঘন ঘাসের ওপর রোদ নেই?
ক্যাম্পাসে ঘোড়ায় চড়ে উড়াতাম ওড়না, কই তা?
সড়কেরা কাঁদছে—দিগম্বর হচ্ছে কাশ-কোকিল!

বুবুর নিঃসঙ্গ শাড়ির আঁচল আমাকে জড়িয়ে ধরে
আমি দৌড়াচ্ছি, দৌড়াচ্ছি ব্রহ্মপুত্র তুমি দাঁড়াও
আব্বা, আব্বা, আমাকে—গাঙ পার করে দাও...

জীবনসূত্র

রেজাউদ্দিন স্টালিন

ঘুরতে ঘুরতে পথ হয়ে যায়
ভাঙতে ভাঙতে সিঁড়ি,
জ্বলতে জ্বলতে একটা জীবন
বিশাল অগ্নিগিরি।

উড়ার স্বপ্ন-উড়তে উড়তে
কেউ হয়ে যায় পাখি,
স্বদেশ বাঁচাতে চিতরের রাণী
রক্তে বাঁধেন রাখি।

ছুটতে ছুটতে পেয়ে যায় নদী
নির্জনতার বাড়ি,
গাইতে গাইতে ক্ষুদিরাম দেয়
অসম্ভবকে পাড়ি।

আঁকতে আঁকতে দীর্ঘ দেয়াল
আগুনের সাদা ডানা,
ভাসতে ভাসতে অনন্ত দিন
হাহাকার একটানা।

কাঁদতে কাঁদতে চোখটা আকাশ
হাসতে হাসতে মাটি,
এমন জীবন কে পেয়েছে আর
বিশুদ্ধ পরিপাটি।

হাঁটতে হাঁটতে পিঁপড়ার দিন
দুধভাতে উৎপাত,
সূর্য তারার চেয়েও অসীম
ভালোবাসা ছোঁয়া হাত।

গার্হস্থ্য

শিবলী মোকতাদির

খানিকটা রস দিয়ে বশে আনা ভালো
বিচিত্র রং ঘেটে বেদনায় এঁকেছ এই দেহ
ভালোবাসা—পৌরাণিক পরিহাস, পুরাতন প্রত্নকথা
নগদে কুশল কামনা করো
যেন আমি শরবিদ্ধ হই;
তিল-তিসির লোভে ছুটে বেড়াই কূল থেকে কলঙ্কে।

সাঁওতাল থেকে শাবরীর ধারায় তোমাকে খুঁজি
ততদিনে বক্রনদী সরল গতিতে দাঁড়ায়
সকল স্নানে আমার গার্হস্থ্য ভেসে যায়
শরমে ধর্ম হারায়।

কার্তিকে খেতখামার নিয়ে বেশি কথা না বলাই ভালো
বাকিটা বাঁক অন্ধ বিড়ালের মতো নিঃশব্দে পেরিয়ে যাব
একগুচ্ছ চাঁদ নিয়ে জেগে উঠবে বিতর্কিত রাত
চতুষ্কোণে রঙ্গভূমি, আমাকে বানাও অভিজাত।

প্রতিদ্বন্দ্বী

খলিল মজিদ

ঈর্ষার টুপি পরে বসে আছি তার সংবর্ধনায়
অভ্যাগতদের মুখ সব ভেজা জামরুল
চোখে কড়া নগদ-চশমা,
গায়ে আজানুলম্বিত অবিশ্বাসের জোব্বা।

ফুলডোরবেষ্টিত মঞ্চের সামনে বসে আছে
সারিবদ্ধ মিথ্যামুগ্ধ হলুদ গোলাপ
— হাস্যরসিক, ভ্রুকুটিপূর্ণ, সাপের খোলস

তার হাসি কুমারীকণ্ঠের গান যেন
ঈর্ষাছড়ানো, লকলকে, সবুজ ফণানো ডগা।
তার আস্তিনের ভেতরে লুকানো লেলিহান ঘৃণা
এত মিথ্যা ভাষণ, যেন সভাসদগণ কেউ হলুদ নন
— কেঁদে-কেটে সকলে সবুজ!

সাপের ছাড়ানো খোলসের মতো ফানুসহীন
সংবর্ধনাসভাটি থকথকে গোলাপের স্তূপ

বাইরে বেগুনী ঝড় বইছে জারুলের বনে...

একাকী অতীত

ওবায়েদ আকাশ

পরিত্যক্ত বিদ্যালয়ে লতিয়ে উঠেছে
এ কার সবুজ দেহ?
মা মা করে ডাকে পাখি ও অরণ্য-পুত্রগণ

আমাকে বসিয়ে রেখে তুমিও তো মিশে গেছ
প্রকাশ্য দ্বিধায়
অথচ শিখিনি কিছু পাঠশালার নিজস্ব রীতি
প্রকৃত পুষ্পের ঘ্রাণে যত দূর গুঞ্জরণ ছিল
তারও তো অধিক ঘন তোমার আহবান

কিছু কি শুনছি? বলে যারা নির্ভাষ বিস্তার লিখে ফেলে
তাদের শিয়রে বসে দীর্ঘকাল কেটেছে তোমার, একা

সমুদ্রে বড়শি ফেলে দেখ
প্রতিটি একাকী মাছ কী করে আটকে পড়ে
মোহন মুদ্রায়

গৌরচন্দ্রিকা

মোস্তাক আহমাদ দীন

গৌরচন্দ্রিকা মতে, পথে পথে লুপ্ত হয়ে যাই
বুঝে নিই লিপিবদ্ধ-করে-রাখা পূর্ণ বিবরণ

ভাবি পূর্ণ জাগরণকথা বলে বলে তারা শুধু
গৌরচন্দ্রিকাকথা ব্যক্ত করে যায়
ধ্যানমৌন দেখে বলে
নিদ্রা বা অর্ধ নিদ্রাকাল গুপ্ত থাকে রাত্রিবিধিমূলে

আমি কেন মেনে নেব তথাগত অর্ধ জাগরণ?
মনে পড়ে লুপ্ত-হয়ে-যাওয়া কত শত পথের পুরাণ

তবু, গৌরচন্দ্রিকা মতে, কারও লীলাগান শুনব বলে
চোখ খুলে বসে আছি পথের ওপর

পলাতক

সেঁজুতি বড়ুয়া

কেউ তোমার শরীরে বাসা বাঁধুক
কেউ থুতনিতে মুখ রেখে, 'উৎসব, উৎসব'
বলে চেঁচিয়ে, যত্নে রাখুক...

কোনো সমমনা ঘুম, মগজের ক্লান্তিতে স্বপ্ন ওড়াক
কোনো সমমনা হাত, পুরনো সঙ্গমে 'মুক্ত, মুক্ত''
বলে সহস্র জখমে, হৃদয়ে সেঁধাক...

অথবা বেদনা নয়, একা হয়ে যেতে যেতে
জটিল গল্পগুলো শরীরের উপবনে 'ঘুম ঘুম'
অবিরাম চুমুর বেহাগে, চির সতেজ থাকুক...

মিঠে রোদ আঙুলস্পর্শে অভিমান, সম্পর্কে বাঁচুক
বিকেলের আড়ষ্ট দিনলিপি সবকিছু 'মিথ্যে, মিথ্যে'
ভেবে জীবনের কড়াপাঁক, স্মৃতিতে জড়াক...



প্রথম আলো
Prothom Alo North America

‘কবিতার এক পাতা’

ষষ্ঠ বর্ষপূর্তি সংখ্যা

রোদন বসে আছি একা

শামীম আজাদ

আমি আর উদাসীনতা
হাত ধরাধরি করে বসে ছিলাম।
সে ম্লানমুখে গালে হাত দিয়ে
আর আমি আকাশের সবচেয়ে নিচের
জানালার দিকে চেয়ে।

পাখিরা আমাদের ফেলে চলে যাচ্ছে।

পাখি, তোরা যাবি কত দূর
যেখানেই যাবি সেখানেও তো
একই পুরাতন আকাশ ছাদ হয়ে আছে
গায়ে যার অসংখ্য অসুখের অঙ্কুর।

ওরে পাখি তোরা কি জানিস না,
বুঝিস না কিছুই, কি হচ্ছে?
সব নষ্টই যে এই পরিচিত আকাশের
নিচে চলে গেছে।

উদাসীনতাও উঠে যাচ্ছে আর
আমি এক ব্যাপক ক্রন্দন হয়ে গেছি
উন্মূল হতাশায় মৌন কার্নিশে
ঝুলে আছি একা।
বইতে পারছি না নিজদেহের হাড়ের বোঝা
নিজ বিষের এই রক্ত রক্ত খোঁচা॥

আমি শুধু দেখতে চাই

তমিজ উদ্‌দীন লোদী

আপাতত আপনাকে তুলে রাখছি কমল কুমার মজুমদার
তুলে রাখছি মার্কেজ , জয়েস , পামুক আপনাদেরও
তুলে রাখছি গঘ , গঁগ্যা , মাতিস
‘গোয়ের্নিকা ‘ ব্যতীত আপনাকেও তুলে রাখছি পিকাসো

সময় হলেই আপনাদের আবারো টেবিলে নামাবো

নিত্যদিন যেসব গান আমাকে আপ্লুত করে রবীন্দ্রনাথ
সেসবও শুনছি না আজকাল, শুনতে পারছি না
আমার শিরায় এখন ঝড় তুলছে ‘ কারার ঐ লৌহকপাট...’
আমার টেবিলে এখন সুকান্ত , নবারুণ ভট্টাচার্য
আমার টেবিলে দারবিশ , হিকমত , মায়াকোভস্কি

আমার হৃদয়ের সবুজ বেয়ে নামছে লাল
আমাকে টানছে না কোনো তত্ত্ব , তথ্যের কূটাভাস

আমি শুধু দেখতে চাই একটি সুস্থ, সুন্দর আবাস।

অচেনা অবয়ব

হোসাইন কবির

কপালে রাখেনি কেউ অনাবৃত হাত বহুদিন
কান পেতে অপেক্ষার প্রহর গুনে ঘুমিয়ে পড়ে
আড়ালে বুঝিবা কেউ

লাশের গায়ে অচেনা বুলেট
হিমাগারে রেখে দাও।
হিমাগারে রয়েছে তো আরও লাশ বহুকাল
নামহীন গোত্রহীন নির্বিবাদী

দূরে শঙ্খ বাজে
রাতের আঁধার ভেঙে
সেই কবেকার কণ্ঠস্বরে শুনি–
'কতো রবি জ্বলেরে, কেবা আঁখি মেলেরে'
পাড়ার রবি পাগলা জানতো না–
রাজা যায় রাজা আসে
তার সরল বিশ্বাসের জমিন বেদখল হয়ে যায়

আমাদের শান্তির পায়রার পাখা নেই

রাকীব হাসান

মাটিতে ঘাস খাচ্ছে কয়েকটি নতুন বাছুর
তাদের পাশে উড়ে এসে জুড়ে বসেছে বিদেশী কবুতর
বাংলার মাটি দারুণ খাসা –
জীবন এখানে ধর্মের কুয়ায় এখনও টলমল।

আমাদের শান্তির পায়রার আর পাখা নেই
শেষ পালকে ভর করে সে যেদিন বাংলার আকাশে পৌঁছালো
তখন ‘একুশে’-এ আগুন জ্বলছে আর ‘বত্রিশ’ পুড়ে গেছে!
পুরানো আগুনের ধোঁয়ায় –
এই পাখির শেষ পালক পুড়ে যাওয়ার গল্প লেখা হলো!
ডানাহীন শান্তির পায়রা দায়িত্ব নিলেন বাছুরদের,
গ্রামীণ মান্দার ডাল আর সুশীল-বিছুটিপাতার সমন্বয়ে
গঠিত হলো শান্তির গণ্ডার-পরিষদ।

মেষ-শাবক সেজে থাকা আমাদের গণপ্রধান
পালকহীন শান্তির পাখিকে বাংলার গাও-গ্রামের ফতুয়া পরিয়ে দিলেন,
পাখি কুটকুট করে বাদাম খেতে খেতে শপথ নিলো –
তীব্র ক্ষুধা না পেলে সে কৃষকের ধানের ক্ষেতে নামবে না।

পাখাহীন পাখির নৌকা ও নদীতে ভয়,
আকাশ-বাতাসে তার ভয়,
সবুজের দিগন্তে তার আসন বাছুরের পিঠ –
এখানে বসেই নারী আর শিশুদের সমবন্টনে দাড়িপাল্লায়
মেপে দেবে সুদহীন নতুন পর্দার হালাল স্বাধীনতা।

স্বনিয়তি

তুষার গায়েন

এই হবে, এইতো হবার কথা ছিল
বহুকাল ধরে এসব করার প্রস্তুতি নিয়ে এসেছিল ওরা
সকলেই জানত আজ না হয় কাল ওরা আসবে
ধ্বংস, হত্যা আর ধর্ষকামিতার শিস বাজাতে বাজাতে!

যারা এসব চায় না বলেও ক্ষমতার দণ্ড হাতে
সজ্ঞানে কিংবা অজ্ঞানে, লোভে অথবা নগদ লাভের আশায়
তাই করে চলেছিল যাতে ওদের আসার পথ সুগম হয়- -
অন্ধকারের ভয় আছে সবার মনে, তবু তার আকর্ষণ মনের গভীরে
কেউ চায় না ওদের, তবু সবাই মিলে যা কিছু করছিল
তাতে ওদেরই আসার পথ সুগম হয়েছিল একটু একটু করে;
ওরা বলেছিল হেসে, এমনভাবে সবকিছু হবে যাতে ফল পেকে
একদিন টুপ করে পড়বে অনায়াসে তাদের হাতে...
বল প্রয়োগের অত দরকারই হবে না, আর যতটুকু দরকার
সেসব মজুত থাকবে বরাবর যেভাবে তাদের থাকে,
কারো অবাক হবার আগেই যাতে তারা সবকিছুর দখল নিতে পারে।

এই হবে, এইতো হবার কথা ছিল
আমাদের হৃদয়ে নিরর্থক রক্তক্ষরণ!

সহজ কবিতা শিক্ষা

মুজিব ইরম

সহজ কবিতা লেখা
আমারে শিখিও তুমি সন্ধ্যা হলে পর...

জপে জপে আমি যেন পাশ করি
আমি যেন সহজে লিখতে পারি বেদনা আমার...

কবিতা মাস্টার তুমি
অধমের
এ-জীবনে মানিয়াছি মনেপ্রাণে কামেঘামে যাতনায়...

আমার প্রণতি তুমি হৃদয়ে রাখিও
আমার বেদনা তুমি সুরেতে মাখিও
নৈশ বিদ্যালয়ে তুমি করিও গো কবিতা নবিশ...

এ মিনতি করি

অপরাহ্ণ সুসমিতো

বৃষ্টির ইন্টারনেট ঝুপঝাপ নেমে এসেছে দস্যুতা করে তোমার চিত্রণ উঠানে
লম্বা পা ফেলে ফেলে তুমি ঠুমরি পরিবেশ, কেবল খালি পা
এত বাতাবিলেবু এত কাঁঠালচাঁপা ছড়ায়ে রেখেছ চারপাশ,
তুমি আজ নাচছ না কেন বলো নাচছ না কেন?

মেঝেতে বসে আছো হাত ছড়ায়ে ময়ুর পেখম আর চোখ বুজে
ল্যাম্পপোস্ট থেকে আলো মাখা কৃষ্ণ রাত ডালিয়া হয়ে মিশে যাচ্ছে
তোমার গানের অরূপ লিরিকে,
তুমি আজ শুনছ না কেন বলো শুনছ না কেন?

স্মার্ট ফোনে জমা হচ্ছে ঠোঁট ভেজা ক্ষুদে বার্তা, আল্পনা শরতের
ছোট্ট করে জানান দিচ্ছে নবারুণ প্রণয় ব্রডব্যান্ড তুমি কেবল অনুপমা
আজ সারাদিন বইয়ের পাতায় তোমার চোখপাপড়ি আর তুমুল শাহনাজ-
তুমি আজ লিখছ না কেন বলো লিখছ না কেন?

জিজ্ঞাসা

মিলটন রহমান

এখনো পাতাঝিম বিকালে মাইক বেজে ওঠে
বাজে 'ও নাগর কইয়া যাও, কইয়া যাও'
মতিগড় নদীর স্রোতের সাথে কত নাগর চলে গেলো
অথচ এখনো রয়ে গেলো একই গান একই সুর,
না চাইলেও কন্যা জলে ভিজে
পাথরে খাঁচ কেটে রেখে যায় সমুদয় বিলাপ
বুকে চাপা শিসের মতো কখনো কখনো
ফিস ফিস করে কে যেনো জানতে চায়,
কেমন আছো তুমি?
বুকে কইছালি করে সে জিজ্ঞাসা রাত ফুঁড়ে
বেদনা জাগায়, বলে ভালো থেকো, ভালো...

অনাবরণ

রওশন হাসান

কি মিহি সুরে বাতাসের অর্কেস্ট্রা খুব যত্ন করে
নদীগুলোর স্বচ্ছ পানিতে লাল রঙ ঢেলে দেয়—
পাখিরাও হয়ে ওঠে বন্য, সকাল-দুপুরে দ্রোহের উদ্বেগ l

আকাশের চোখে চোখ রেখে সংগ্রামী মুখগুলো
ঝুলে থাকে প্রহরের বাহতে—
উদ্যানে-সমাধিতে আত্মাগুলো জড়ো হয় নিঃসঙ্গ আলোয়
গত বৈশাখের জীবিত যুবকগুলো
এ বৈশাখে স্মৃতি হয়ে অশ্রুপাতে জমে রয়—
দীর্ঘশ্বাসে! সজীবের সমারোহে 'নরকে এক ঋতু'
শোকে ভরা পূর্ণিমা, সুখ ও দুঃখের উদ্ধৃতি l
হে আমার অশান্ত হৃদয়, তুমি কি বিপন্ন গান শোনো ?
পতন্নোমুখ হলদে পাতায় আত্মহুতির চিহ্ন শতাব্দী মনে রাখেনি l
সৌরভে, চাহনিতে মূককথা, লেখার টেবিলে ছড়িয়ে থাকে
কবির আহত-শব্দ।
বদলে যাওয়া সময়ে মানুষের কোন সৌন্দর্য নেই।

তির্যক

লায়লা ফারজানা

আক্রমনাত্মক নীলের বিরুদ্ধে —
সবুজতম কোরাল হয়ে জেগে উঠেছিলাম
ক্যালিফোর্নিয়ার গোলাপি সানসেটের মত
ভাঙা কাঁচের ফাটলে
তাজা ছিল আমাদের মুখ
হয়ত সহজ ছিল :
গুটানো শার্টের নীচে বোবা চামড়া; তবুও —
আমাকে দেখাতে চাইনি সেদিন।

বাতাসের আন্দোলনে
অস্থির দেহভঙ্গীতে
স্বাদ আর গন্ধ থেকে দূরে রেখেছিলাম নিজেকে
মঞ্চের বাইরে —
যেমন একটি পুরো মৌসুম অপেক্ষা করে থাকে
শীতের রাস্তায় ছড়িয়ে পড়তে :
রোকোকো পেইন্টিঙের
নাটকীয় বিকৃত বিশপের মত —
অনাকাঙ্ক্ষিত সংক্ষিপ্ত।

‘কবিতার এক পাতা’

ষষ্ঠ বর্ষপূর্তি সংখ্যা

সম্পাদকের শুভেচ্ছা ও পাঠক মন্তব্য

কবিতার একপাতা তার কাব্যভুবন ভ্রমণে ছয় বৎসর অতিক্রম করলো। ‘কবিতার একপাতা’র গুণী ও সফল সম্পাদক-কবি ও প্রাবন্ধিক ফারুক ফয়সলকে অভিনন্দন। গত ছয়টি বছর ধরেই যে কবিগণ বাংলা কবিতার বিশ্বব্যাপী ফেরিওয়ালা প্রথম আলো উত্তর আমেরিকার আয়োজনে সেরা কবিতা পাতাটির সাথে যুক্ত আছেন, নিরলস ভালোবাসার শ্রমে, মেধায় লিখে যাচ্ছেন শ্রেষ্ঠ কবিতা সম্ভার, তাঁদেরকে আমার ও আমাদের অকুন্ঠ শ্রদ্ধা ও ভালোবাসা। একবুক ভালোবাসা ও শুভেচ্ছা কবিতাপ্রেমিক পাঠকদেরকে, যাঁরা গভীর আবেগে ও ভালোবাসায় কবিতার পাতাটি হাতে তুলে নিলে আমাদের শ্রম ও সময়ের সার্থক ব্যবহার হয়।
আপনাদের সকলকে শুভেচ্ছা!

ইব্রাহীম চৌধুরী
সম্পাদক, প্রথম আলো উত্তর আমেরিকা

সুদূর যুক্তরাষ্ট্রে ছয়টি বছর ক্রমাগত একটি সাপ্তাহিকে বাংলা কবিতার মাসিক একটি আয়োজনকে বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা কবি ও কবিতাপ্রেমিকদেরকে যূথবদ্ধ করে সেরা কবিতাপত্র করে তোলা সহজসাধ্য মোটেই নয়। এই সাফল্যের সাথে অবশ্যই কবিতার একপাতা সম্পাদকের কবিতার প্রতি একনিষ্ঠ প্রেম, তাঁর আবেগ, মনোযোগ, শ্রম, অধ্যবসায়, মেধা-মনন ও দীর্ঘ সময় দান যুক্ত ছিল। তবু সেটুকুই সব নয়। পত্রিকা সম্পাদক ইব্রাহীম চৌধুরীর কবিতা-তাড়িত মন, আবেগ এবং উদার মন সহযোগিতার হাত বাড়িয়ে, স্বতস্ফূর্ত সমর্থন দানে কাজটিকে সহজ করে তুলেছেন অনেকাংশে। তাঁর প্রতি কৃতজ্ঞতা। আমার পক্ষ থেকে। বাংলা কবিতার অগ্রসর কবি, কবিতাকর্মী ও পাঠকদের পক্ষ থেকে তাঁকে জানাই শ্রদ্ধা ও ভালোবাসা। পত্রিকা সংশ্লিষ্ট সকলকে, বিশেষতঃ নির্বাহী সম্পাদক জনাব, মঞ্জুরুল হককে ধন্যবাদ ও কৃতজ্ঞতা।
কবিগণ, যাঁরা তাঁদের শত ঝামেলা, উপদ্রব সরিয়ে রেখে আমার দাবীর কাছে ভালোবেসে নিজেকে সমর্পন করেন, চাহিদা মতো নিয়মিত লিখে পাঠান, তাঁদের জন্যে আমার এক বুক ভালোবাসা। যাঁরা ভালোবেসে নিয়মিত পড়ে আমাদেরকে মন্তব্য লিখে, ফোন করে, ম্যাসেঞ্জারে জানিয়ে উৎসাহ দিয়ে যাচ্ছেন, তাঁদের জন্যে শ্রদ্ধা ও ভালোবাসা। সকলের জন্যে শুভেচ্ছা।

ফারুক ফয়সল
সম্পাদক, কবিতার একপাতা

আপনাদের অকুন্ঠ সমর্থনের অগণিত মন্তব্য থেকে বিভিন্ন সংখ্যা থেকে কতিপয় এখানে লিপিবদ্ধ করা হলো। বিশেষ কোন নিয়ম না মেনে বা কোন অগ্রাধিকার বিবেচনা ব্যতিরেকে এই মন্তব্যগুলি লিপিবদ্ধ করা হয়েছে। আশা করি কোন অপরাধ নেবেন না। আমাদের ভালোবাসা জানবেন। ফা•ফ

তাপবিদগ্ধ তৃষিত ধরাচিত্র
মানে ও মননে, গ্রহণে বরণে
যেন সম্পাদকেরই ছায়া
এজন্য আমাদেরও এই
একপাতা নিয়ে
বড় বেশি আছে মায়া।
অভিনন্দন @ফারুক 🌷
কবি, লেখক ও অনুবাদক শামীম আজাদ
(আগস্ট, ২০২৩ সংখ্যা)

অভিনন্দন। কবিতাগুলো মননশীল। 🌸 🌹 🕊
প্রবীর বিকাশ সরকার (ডিসেম্বর ২০২২ সংখ্যা)

আলো কখনোই আঁধারের মতো গভীর নয়
কল্পনাতে তুমি যতটা জীবন্ত, বাস্তবে তা নও... উদ্ধৃতিযোগ্য দুটি চরণ।
কবির জন্য শুভকামনা।
কবি মারুফ রায়হান (সেপ্টেম্বর ২০২৩ সংখ্যা)

বললে বেশী হবে, না বললে কৃপণ হয়ে যাবো। এক সঙ্গে এতগুলো ভালো কবিতা পড়া সম্ভব হবে ভাবতেও পারিনি। নভেম্বর, শুভ নভেম্বর প্রিয় ফারুক ফয়সল।আপনার কবি জীবন সুন্দর হোক।
কবি আব্দুর রাজ্জাক (নভেম্বর ২০২২ সংখ্যা)

নিউইয়র্কে শুক্রবারের সকালটা শুরু হলো 'কবিতার এক পাতা' পাঠের মধ্য দিয়ে। চমৎকার আয়োজন, শব্দের রঙে অসামান্য সব উচ্চারণ। ধন্যবাদ আপনাকে।
কবি হোসাইন কবীর (ডিসেম্বর ২০২৩ সংখ্যা)

সুন্দর, তরতাজা কিছু কবিতা পাঠ করলাম। দারুণ লাগলো। অভিনন্দন।
কবি ও সম্পাদক, কৃষিবিজ্ঞানী গাজী রফিক (ডিসেম্বর ২০২২ সংখ্যা)

আমেরিকা, কানাডা, ইংল্যাণ্ড এবং বাংলাদেশের কবিদের লেখায় সমৃদ্ধ 'কবিতার এক পাতা' পড়ে ভাল লাগছো উক্ত পাতায় ভারতের কবিদের লেখা যুক্ত করলে আরও ভাল লাগবো
কবি শঙ্খশুভ্র পাত্র (আগস্ট, ২০২৩ সংখ্যা)

খুব সমৃদ্ধ পাতা। অভিনন্দন সকল কবিকে আর ধন্যবাদ প্রিয় সম্পাদককে।
কবি ও ভ্রমণ গদ্য লেখক কামরুল হাসান (জানুয়ারী ২০২২ সংখ্যা)

Congrats 🌷 💐
কবি ফকির ইলিয়াস (নভেম্বর ২০20 সংখ্যা)

আহা এই পাতাটি যদি প্রতি সপ্তাহে বেরুতো! এই আক্ষেপ প্রমাণ করে এখানে আনন্দ আছে, এবং মন তা বারংবার চায়।
কবি ও চিত্রশিল্পী রাকীব হাসান (এপ্রিল ২০২২ সংখ্যা)

কবিতার একপাতা' মার্চ সংখ্যার অধিকাংশ কবিতাই ভালো লেগেছে। সুন্দর আয়োজনের জন্য সব কবি এবং গুণী সম্পাদক ফারুক ফয়সল ভাইকে অভিনন্দন !
কবি তুষার গায়েন (মার্চ ২০২১ সংখ্যা)

ওয়া ওওওও!! অসাধারণ লাগল সবাইকে ভালোবাসা।
কবি হেনরী স্বপন (ডিসেম্বর, ২০২৩ সংখ্যা)

ধন্যবাদ ও মুগ্ধতা জানবেন, ফারুক ভাই। অভিনন্দন জানবেন।❤
কবি মুজিব ইরম (ফেব্রুয়ারী ২০২৩ সংখ্যা)

❤ ❤ ❤
কবি ও সাহিত্য সম্পাদক, ওবায়েদ আকাশ

এত সুন্দর একটি পাতার সম্পাদনা করেছেন, বসন্ত তো আপনিই ছড়িয়ে দিলেন। ❤ ♥ ❤
কবি জিললুর রহমান (ফেব্রুয়ারী ২০২২ সংখ্যা)

এই কবিতার পাতায় কবিতার জন্য আপনার ভালোবাসা প্রকাশ পায় ফারুক ভাই। উত্তরোত্তর সমৃদ্ধি হোক। শুভকামনা রইল।
কবি ও লেখক নাহার মনিকা (এপ্রিল ২০২২ সংখ্যা)

বাহ, বরাবরের মতোই দারুণ এক আয়োজন। মাসিক এই পাতাটি বেশ ভালো একগুচ্ছ কবিতা পাঠের সুযোগ করে দেয়। এর কারিগর কবি ফারুক ফয়সল ভাইকে অভিনন্দন ও শুভেচ্ছা জানাই। তাঁর অক্লান্ত মনোভাব এই পাতাটির সৌন্দর্যের আসল রহস্য। সূচিবদ্ধ কবিগণ ধন্যবাদ ও প্রশংসা প্রাপ্য তাদের দারুণ সব কবিতার জন্য।
কবি খলিল মজিদ (ডিসেম্বর ২০২৩ সংখ্যা)

পাতা একটিই বটে, তবে তাতে আছে আট রকম বৈচিত্র্য। দারুণ আয়োজন! সত্যিই আপনি খুব যত্ন করে "কবিতার এক পাতা" সম্পাদনা করেন ফয়সল ভাই। 😳
কবি শাহানা আক্তার মহুয়া

টমনোলোভা ভূমিকাসহ দারুন এক আয়োজন...
কবি ও ভ্রমণগদ্য সম্পাদক মাহমুদ হাফিজ (সেপ্টেম্বর ২০২৩ সংখ্যা)

কবিতাকে এতটা গুরুত্বদান সত্যি বেশ অনুপ্রেরণার। কবিতাগুলোও বেশ। কবিতা নির্বাচনকেও প্রশংসা করতে হয়!
আব্দুর রব (কবি, ভ্রমণ গদ্য লেখক, জানুয়ারী সংখ্যা ২০২৩)

একগুচ্ছ সুন্দর কবিতা, শীতে মোলায়েম কম্বলের মত উষ্ণ, আরামপ্রদ ও মননে অনুপ্রেরণার স্থল।
লেখক শাহাব আহমেদ (জানুয়ারী ২০২২ সংখ্যা)

প্রিয় ফারুক ফয়সল ভাই, কবিতা গুলোর বিষয়বৈচিত্র্য, আঙ্গিক ,উপমা, কাব্যকলার সফল প্রতিফলন যে কোন পাঠকের হৃদয় হরণ করা জন্য যথেষ্ঠ। সম্পাদকের সযত্ন সম্পাদনা, কবিতা নির্বাচনে মার্জিত রুচীর প্রতিফলন কবিতার এক পাতায় দৃশ্যমান। আপনি আমার অভিভাদন গ্রহণ করুণ। অপার শুভকামনা।
শেখর ভট্টাচার্য (কবি ও প্রাবন্ধিক, জানুয়ারী ২০২৩.সংখ্যা)

কবিতার একপাতা আমার বরাবর প্রিয়। এই পাতায় অনেকগুলি ভালো কবিতা পড়া যায়। তবে এবার রাজু আলাউদ্দিনের কবিতাটি ছিল একদম ভিন্নরকম। আমার ধারনা এই ধরনের কবিতা তিনি আগে কখনও লেখেননি। ওনার লেখক জীবনের মূল্যায়ন বলা যায় কবিতাটি।
মনিজা রহমান (কবি ও লেখক, প্রাক্তন ক্রীড়া সাংবাদিক) মে,২০২৪ সংখ্যা।

সবগুলো কবিতাই ভীষণ ভালো লেগেছে
কবিতার একপাতা মানেই মনের মতো সব কবিতা!
কবি পারভীন শাহনাজ (মার্চ ২০২১ সংখ্যা)

চমৎকার। অভিনন্দন আপনাদের 💐
লোপা মমতাজ (সেপ্টেম্বর ২০২৩ সংখ্যা)

সুখপাঠ্য কিছু কবিতা একসাথে পড়ার সুযোগ করে দেওয়ার জন্য ধন্যবাদ।
বরাবরের মতই নান্দনিক উপস্থাপন।
বাচিক শিল্পী ও সংস্কৃতি কর্মী ক্লারা রোজারিও (ফেব্রুয়ারী ২০২২ সংখ্যা)

Very impressive!
কবি ও গীতিকার, বিজ্ঞানী রুদ্রশংকর (আগস্ট ২০২২ সংখ্যা)

কবিতাগুলো পড়ার সুযোগ দেয়ার জন্য অসংখ্য ধন্যবাদ। প্রতিটি কবিতা ভিন্ন ভিন্ন আমেজে ধরা দিয়েছে। অসাধারণ সব কবিতা।
কবি আঞ্জুমান রোজি জানুয়ারী ২০২২ সংখ্যা)

শীতের সকালে শীতের কবিতাগুলো ভাল লাগলো। ধন্যবাদ ফারুক ভাই।
ভাস্কর্য শিল্পী আখতার আহমেদ রাশা (জানুয়ারী ২০২২ সংখ্যা)

কবিতাগুলোর মূল টাইপ ভার্ষণ সংযুক্ত করার জন্য ধন্যবাদ। প্রতিটি কবিতাই মানসম্পন্ন, নান্দনিক! ভালো লেগেছে আপনার সমৃদ্ধ আয়োজন।
বাদল ঘোষ (এপ্রিল ২০২২ সংখ্যা)

কবিতার পাতার অনুপম সাহিত্যিক সৃজনে ঋদ্ধ হয়েছি বারবার আজকের মতো।
কবি ফারজানা নাজ শম্পা (নভেম্বর ২০২২ সংখ্যা)

চমৎকার ও সমৃদ্ধ আয়োজন।
কবি ও মন মানচিত্র সম্পাদক— আলী সিদ্দিকী (সেপ্টেম্বর ২০২২ সংখ্যা)

কৃতজ্ঞতা ফারুক ভাই। খুব মনোপ্লাবী হয়েছে।
কবি ও নাট্যকার— বদরুজ্জামান আলমগীর (ডিসেম্বর ২০২৩ সংখ্যা)

অসম্ভব রকমের সুন্দর ও সৃজনশীল একটি কবিতার পাতা পড়লাম আজ। যেমন কবিতা, তেমন ইলাস্ট্রেশন। সকল কবিদের শুভ কামনা। বেশি ধন্যবাদ জানাই কবিতার এক পাতার সম্পাদক ফারুক ফয়সাল ভাইকে এমন মন মুগ্ধকর একটা কবিতার পাতা তৈরি করার জন্য। কবিতার সাথে ছবি-অপরুপ এক কাব্যিক সংমিশ্রণ।
কবি— এইচ বি রিতা (আগস্ট ২০২২ সংখ্যা)

সুন্দর আয়োজন ভাইজান। সকল কবিদের অভিনন্দন।
ভায়লা সেলিনা

প্রিয় আয়োজন, প্রিয় পাতা....
হাসান ইমতিয়াজ (অক্টোবর ২০২১ সংখ্যা)

সবগুলো কবিতাই মুগ্ধকর।
গাফফার মাহমুদ (অক্টোবর ২০২১ সংখ্যা)

প্রিয় 'কবিতার এক পাতা' পাতাভরা বিচিত্র ও সমৃদ্ধ কবিতা সব। শ্রদ্ধা ও ভালোবাসা অগ্রজ কবি ফারুক ফয়সল।
কবি রেজা শামীম (জানুয়ারী ২০২২ সংখ্যা)

M & N HOME CARE
Best pay rate in the industry
CDPAP
PCA
HHA
$ 23.99
SNAP
SNAP BENIFITS
HOUSING Assistance
CASH Assistance
Upto $ 21.282.68
Phone : 866-688-6922
Cell : 646-280-5001

Parkchester Medical
PARKCHESTER MEDICAL
পার্কচেষ্টার মেডিক্যাল
WE WELCOME WALK INS
MEDICAL CENTER
718.828.6610
1211 WHITE PLAINS ROAD, BRONX, NY 10472
TEL: 718-828-6610
INTERNAL MEDICINE
ASTHMA DIABETES CENTER
CARDIOLOGY
PHYSICAL THERAPY
UROLOGY
GYNECOLOGY
PODIATRY
GASTRO-ENTEROLOGY
ORTHO-PEDICS
HEALTH CARE FOR THE ENTIRE FAMILY
WE ARE OPEN:
MONDAY & THURSDAY 8:30AM-8:00PM
TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM
SATURDAY 9:00AM-3:00PM
WE ACCEPT ALL MEDICAID / MEDICARE MOST INSURANCES ACCEPTED INCLUDING WORKERS COMP. NO-FAULT, SLIP AND FALL.
শারীরিক অভ্যন্তরীন সমস্যা
শ্বাসকষ্ট, ডায়বেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র
আমরা বাংলায় কথা বলি
মেডিক্যাল সময়সূচি:
তাৎক্ষনিক চিকিৎসা সেবায় স্বাগতম!
সোমবার এবং বৃহস্পতিবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা
মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা
শনিবার
সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা
আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছে: • কর্মস্থলের ক্ষতিপুরন
• নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া

প্রয়োজনে এটর্নী হাসপাতাল বা বাসায় আসবেন

প্রথম আলো

Prothom Alo North America

24 October 2024, Thursday, Issue 397

২৪ অক্টোবর ২০২৪, ৮ কার্তিক ১৪৩১, ২১ রবিউস সানি ১৪৪৬, বৃহস্পতিবার

যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির পুলিশ বিভাগে কর্মরত বাংলাদেশিদের সংগঠন বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের (বাপা) অষ্টম বার্ষিক অ্যাওয়ার্ড অনুষ্ঠান

আইন-ট্যাক্স-ফিনান্সের ওপর ব্রিং হম্পটনে সেমিনার ২ নভেম্বর

উত্তর আমেরিকা ডেস্ক

নিউইয়র্কের ব্রিং হম্পটনে আগামী ২ নভেম্বর বাংলাদেশিসহ সকল অভিবাসীদের জন্য আইন, ট্যাক্স, এবং ফাইন্যান্স সম্পর্কিত একটি বিশেষ সেমিনার অনুষ্ঠিত হতে যাচ্ছে। টেষ্ট অব বেঙ্গল, ৪৭ ওয়াশিংটন এভিনিউ ইন্ডকটে আয়োজিত এই সেমিনারটি বিকেল থেকে রাত পর্যন্ত চলবে। এতে সম্পূর্ণ বিনামূল্যে অংশগ্রহণের সুযোগ থাকছে।

আয়োজকরা জানান, প্রবাসী বাংলাদেশিদের আইনি, কর সংক্রান্ত এবং অর্থনৈতিক সমস্যা সমাধানে সহায়তা করাই এই সেমিনারে উদ্দেশ্য। এতে বিশেষজ্ঞ হিসেবে উপস্থিত থাকবেন নামকরা আইনজ্ঞ, সিপিএ, রিটেলর, এবং

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১

অর্জন

‘৪০ বছরের নিচে ৪০ জন’ উদীয়মান নেতাদের মধ্যে এক বাংলাদেশি

নিউ ইয়র্ক সিটি

বিশেষ প্রতিনিধি

বাংলাদেশী নারী তাসফিয়া নাইম, যিনি পরিবেশ নীতি নিয়ে কাজ করেন, নিউ ইয়র্ক সিটির রাজনীতি ও সরকারের উদীয়মান তারকাদের তালিকায় ৪০ বছরের নিচে স্থান পেয়েছেন।

City & State এর সর্বশেষ “Rising Stars” তালিকা ৪০ জন অসাধারণ তরুণ নেতাকে তুলে ধরেছে, যারা ইতিমধ্যেই সরকার, ব্যক্তিগত ও অলাভজনক খাতে উল্লেখযোগ্য প্রভাব ফেলছেন—যা অনেকের একটি পুরো কর্মজীবনেও অর্জন করা কঠিন।

তাসফিয়া নাইম, বাংলাদেশের গাজীপুর জেলার কালিগঞ্জ থানার বাসিন্দা নাইম আহমেদ দম্পত্তির কন্যা, সিটি রাজনীতি ও সরকারে নেতৃত্বের জন্য স্বীকৃতি পেয়েছেন। যখন গত গ্রীষ্মে কানাডিয়ান বনের ধোঁয়া নিউ ইয়র্ক শহরকে ঢেকে ফেলেছিল এবং অনেকেই ঘরের ভেতরে ছিলেন, তখন তাসফিয়া নাইম শহরের জন্য নীতি প্রস্তাব তৈরি করতে ব্যস্ত ছিলেন।

তিনি 5BORO ইনস্টিটিউটের উদ্ভাবনী জলবায়ু সমাধান দলের নেতৃত্ব দিচ্ছেন, যা ২০২২ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। অ্যাডামস এবং ডি ব্লাসিও প্রশাসন এবং ওবামা হোয়াইট হাউসে কাজ করার অভিজ্ঞতা থেকে তিনি গবেষণা করেছেন, নীতি প্রতিবেদন সহ-লিখেছেন, ফেলোদের পরিচালনা করেছেন এবং প্রতিষ্ঠানটির কৌশল, কার্যক্রম এবং আর্থিক ব্যবস্থাপনায় নেতৃত্ব দিয়েছেন। বাংলাদেশ থেকে আসা তাসফিয়া নাইম ছোটবেলা থেকেই পরিবেশগত সমস্যাগুলো সম্পর্কে অবগত ছিলেন। “জলবায়ু পরিবর্তনের কারণে বাংলাদেশ সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশগুলির মধ্যে একটি, তাই এটি আমার জীবনের সাথে অত্যন্ত

তাসফিয়া নাইম

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৫

বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের অষ্টম বার্ষিকী উদযাপন

জলি আহমেদ

যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির পুলিশ বিভাগে (এনওয়াইপিডি) কর্মরত বাংলাদেশিদের সংগঠন বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের (বাপা) অষ্টম বার্ষিক অ্যাওয়ার্ড অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে ১১ অক্টোবর শুক্রবার সন্ধ্যায় সিটির কুইন্সে জমকালো অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে গ্র্যান্ড স্পন্সর ছিল ইউর ড্রিম হোম কেয়ার।

অনুষ্ঠানে প্রবাসী বাঙালিসহ প্রায় ৫ শতাধিক অতিথি উপস্থিত ছিলেন। একই সঙ্গে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখায় নানা ক্যাটাগরিতে ১০ জনকে সম্মাননা দেওয়া হয়। বিশেষ কৃতিত্ব প্রদর্শনকারী অফিসারদের ক্রেস্ট প্রদান করা হয়।

এসময় বাপার কর্মকর্তারা উল্লেখ করেন, কমিউনিটির বাঙালি নতুনদের মধ্যে যারা উদ্যমী ও উচ্চ শিক্ষিত তাদের নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টে চাকরির জন্য তারা সচেষ্ট রয়েছেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিটি মেয়রের প্রধান প্রশাসনিক কর্মকর্তা মীর

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১

এগিয়ে সভাপতি মাকসুদুল বিজয়ী সম্পাদক আরিফ

চট্রগ্রাম সমিতির নির্বাচন

৬টি ভোট নিয়ে আপত্তি থাকায় নির্বাচন কমিশন ফলাফল ঘোষণা করেনি। তবে মাকসুদুল নিজেকে বিজয়ী ঘোষণা করেছেন।

উত্তর আমেরিকা অফিস

আনন্দমুখর পরিবেশে শেষ হলো চট্রগ্রাম সমিতির নির্বাচন। সভাপতি পদে মাকসুদুল হক চৌধুরী ২ ভোটের ব্যবধানে আবু তাহেরের চেয়ে এগিয়ে থাকলেও ৬টি ভোট নিয়ে আপত্তি থাকায় নির্বাচন কমিশন ফলাফল ঘোষণা করেনি। তবে মাকসুদুল হক চৌধুরী নিজেকে বিজয়ী ঘোষণা করেছেন। তাকে নির্বাচিত করার জন্য চট্রগ্রামবাসীকে ধন্যবাদ জানিয়েছেন।

সাধারন সম্পাদক পদপ্রার্থী তাহের-আরিফ পরিষদের আরিফুল ইসলাম ১৪ ভোটের ব্যবধানে জয়ী হয়েছেন।

৬ জন ভোটার ভোটদানকালে তাদের মূল পরিচয় পত্র দেখাতে পারেননি। পরিচয় পত্রের ফটোকপি, মোবাইল ফোনে রাখা পরিচয় পত্রের ছবি দেখিয়ে তারা ভোট প্রদান করেন। কিন্তু তাদের ভোট গনণায় দেখানো হয়নি। মূল আইডি কার্ড দেখানো সাপেক্ষে তাদের ভোট গনণায় অন্তর্ভূক্ত করা হবে।

এইরকম অবস্থায় নির্বাচন কমিশন আনুষ্ঠানিক ফলাফল ঘোষণায় অপারগতা প্রকাশ করে। তাহের- আরিফ পরিষদের কর্মকর্তারা বলেছেন, গনণার বাইরে রাখা ৬টি ভোটই তাদের। এ ভোটগুলো যোগ করলে আবু তাহের নিশ্চিত বিজয়ী। ভোটাররা তাদের মূল আইডি আনবেন এবং ভোটাধিকার নিশ্চিত করবেন।

২০ অক্টোবর রেববার ব্রুকলিন, জামাইকা, স্টাম্পফোর্ড (কানেকটিকাট) ও ফিলাডেলফিয়ার কেন্দ্রে ভোট অনষ্ঠিত হয়। এতে প্রায় ২ হাজার চট্রগ্রামবাসী ভোটাধিকার প্রয়োগ করেন। ১৯টি পদের বিপরীতে সাধারন সম্পাদক আরিফ সহ ৭টি পদে তাহের-আরিফ পরিষদ জয়লাভ

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৫

ভোট নিয়ে জটিলতা

চট্টগ্রাম সমিতির নির্বাচনে ৬ চ্যালেঞ্জ

মনজুরুল হক

যুক্তরাষ্ট্রে উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে চট্টগ্রাম সমিতির ভোটগ্রহণ। ভোটগ্রহণ শেষে নির্বাচন কমিশনের ঘোষিত প্রাথমিক ফলাফলে ২ ভোটে এগিয়ে আছেন মাকসুদ-মাসুদ প্যানেলের সভাপতি প্রার্থী মাকসুদ চৌধুরী। যদিও নির্বাচন কমিশন বলছে এ ফলাফল নির্বাচনের চূড়ান্ত ফলাফল নয়। ফিলাডেলফিয়া কেন্দ্রে ৪টি, কুইন্সের একটি কেন্দ্রে ১টি ও তাহের আরিফ প্যানেলের অসুস্থ হয়ে যাওয়া সভাপতি প্রার্থী তাহেরের একটি ভোটসহ মোট ৬ টি চ্যালেঞ্জ ভোট গ্রহণের কথাও জানায় নির্বাচন কমিশন। মূল আইডি ছাড়া আইডির ফটোকপি দিয়ে ভোট দেয়ায় ভোটগুলো চ্যালেঞ্জ ভোট হিসেবে গ্রহণ করা হয়েছে বলে জানায় কমিশন।

এদিকে প্রাথমিক ফলাফলের ভিত্তিতে বিজয় মিছিল করতে দেখা গেছে মাকসুদ মাসুদ প্যানেলকে। যদিও ৬টি চ্যালেঞ্জ ভোটের ফলাফলসহ চূড়ান্ত ফলাফল ঘোষণা করা হলে বদলে যেতে পারে ভোটের ফলাফল। এ ভোটগুলো নিজেদের ভোট বলে দাবিও করেন তাহের

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৪

সম্পাদক: **ইব্রাহীম চৌধুরী**, নির্বাহী সম্পাদক: **মনজুরুল হক**। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।

ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল: নিউজ:** news@prothomalony.com, **বিজ্ঞাপন:** cm@prothomalony.com